# এইচ.এস.সি পরীক্ষা

## ২০২৬ এর

পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি ও মানবণ্টনের আলোকে একটি

# পূর্ণাঙ্গ সাজেশন

# BANGLA FIRST PAPER

# কবিতাংশঃ


| অধ্যায়ের নাম | পৃষ্ঠা |
|---|---|
| ঋতু বর্ণন | ৩-৫ |
| বিভীষণের প্রতি মেঘনাদ | ৫-৭ |
| সোনার তরী | ৮-১১ |
| বিদ্রোহী | ১১-১৫ |
| সুচেতনা | ১৫-১৭ |
| প্রতিদান | ১৮-২১ |
| তাহারেই পড়ে মনে | ২১-২৫ |
| পদ্মা | ২৫-২৭ |
| আঠারো বছর বয়স | ২৮-৩১ |
| ফেব্রুয়ারি ১৯৬৯ | ৩২-৩৫ |
| আমি কিংবদন্তির কথা বলছি | ৩৬-৩৯ |
| প্রত্যাবর্তনের লজ্জা | ৪০-৪১ |
| সহপাঠঃ | |
| লালসালু | ৪২-৪৫ |
| সিরাজউদ্দৌলা | ৪৬-৪৯ |

# ঋতু বর্ণন
## আলাওল

### সৃজনশীল রচনামূলক

১. আজ জোছনা রাতে সবাই গেছে বনে
বসন্তের এই মাতাল সমীরণে।

ক. মল্লার কী?
খ. "রৌদ্র ত্রাসে রহে ছায়া চরণে সরণ" বলতে কী বোঝানো হয়েছে?
গ. উদ্দীপকের সঙ্গে 'ঋতু বর্ণন' কবিতার বসন্ত ঋতুর সাদৃশ্য আছে- ব্যাখ্যা কর।
ঘ. "উদ্দীপকটি 'ঋতু বর্ণন' কবিতার সমগ্র ভাব ধারণ করেনি" উক্তিটির যথার্থতা নিরূপণ কর।

২. রোদে রাঙা দুই আঁখি শুকায়েছে কোটরে,
ক্ষুধার আগুন যেন জ্বলে ওঠে জঠরে!
মনে হয় বুঝি তার নিঃশ্বাস মাত্রে
তেড়ে আসে পালাজ্বর পৃথিবীর গাত্রে!
ভয় লাগে হয় বুঝি ত্রিভুবন ভস্ম
ওরে ভাই ভয় নাই পাকে ফল শস্য!

ক. কৈলাস কী?
খ. 'দাদুরী শিখীনি রব' বলতে কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকের সঙ্গে 'ঋতু বর্ণন' কবিতার কোন ঋতুর সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর।
ঘ. উদ্দীপকে 'ঋতু বর্ণন' কবিতার সমগ্র ভাবের প্রতিফলন ঘটেছে কি? তোমার মতের পক্ষে যুক্তি দাও।

৩. ওই আসে ওই অতি ভৈরব হরষে
জলসিঞ্চিত ক্ষিতিসৌরভরভসে
ঘনগৌরবে নবযৌবনা বরষা
শ্যামগম্ভীর সরসা।
গুরুগর্জনে নীল অরণ্য শিহরে,
উতলা কলাপী কেকাকলরবে বিহরে।
নিখিলচিত্ত হরষা
ঘনগৌরবে আসিছে মত্ত বরষা।

ক. দাদুরী অর্থ কী?
খ. 'কুসুমিত কিংশুক সঘন বন লাল' বলতে কবি কোন ঋতুকে বুঝিয়েছেন? ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকটি 'ঋতু বর্ণন' কবিতার কোন দিক থেকে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর।
ঘ. "একই ঋতু উদ্দীপকের কবি এবং 'ঋতু বর্ণন' কবিতার কবিকে আবেগাপ্লুত করেছে"- মন্তব্যটি বিশ্লেষণ কর।

### জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্নের সাজেশন

#### ক নং প্রশ্ন (জ্ঞানমূলক)

১. 'কিংশুক' শব্দের অর্থ কী?
২. 'ঋতু বর্ণন' কবিতায় গ্রীষ্মকালকে কোন নামে অভিহিত করা হয়েছে?
৩. 'ঋতু বর্ণন' কবিতায় 'সরণ' শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?
৪. মল্লার কী?
৫. কৈলাস কী?

#### খ নং প্রশ্ন (অনুধাবনমূলক)

১. "রৌদ্র ত্রাসে রহে ছায়া চরণে সরণ" বলতে কী বোঝানো হয়েছে?
২. 'ঋতু বর্ণন' কবিতায় কবি বর্ষাকাল কীভাবে আসার কথা বলেছেন? ব্যাখ্যা কর।
৩. 'নির্ভয়ে বরিষে জল চৌদিকে পূরিত'- এখানে কোন ঋতুর কথা বলা হয়েছে? সংক্ষেপে লেখ।
৪. 'দাদুরী শিখীনি রব' বলতে কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর।
৫. 'কুসুমিত কিংশুক সঘন বন লাল' বলতে কবি কোন ঋতুকে বুঝিয়েছেন? ব্যাখ্যা কর।
৬. 'মলয়া সমীর হৈলা কামের পদাতি' বলতে কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর।

### সৃজনশীল বহুনির্বাচনি

#### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

০১. আলাওল কত শতকের কবি?
[নিউ গভ. ডিগ্রি কলেজ, রাজশাহী; মহিলা কলেজ, চট্টগ্রাম]
ক. ষোল　খ. সতেরো
গ. আঠারো　ঘ. উনিশ　উ: খ

০২. আলাওল আনুমানিক কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন?
ক. ১৬০৫　খ. ১৬০৯
গ. ১৬০৭　ঘ. ১৬০৮　উ: গ

০৩. আলাওলের জন্মস্থান বর্তমান বাংলাদেশের কোন জেলায়?
ক. যশোর　খ. ফরিদপুর
গ. গোপালগঞ্জ　ঘ. মাদারীপুর　উ: খ

০৪. আলাওলের জন্মস্থান কোথায়?
ক. জালালপুর　খ. কাঁঠালপাড়া
গ. পাড়াগাঁ　ঘ. লাহিনীপাড়া　উ: ক

০৫. আলাওল কোথায় যাওয়ার সময় জলদস্যুর কবলে পড়েন?
ক. ঢাকা　খ. চট্টগ্রাম
গ. সিলেট　ঘ. নোয়াখালী　উ: খ

০৬. আলাওল কোন জলদস্যুদের কবলে পড়েন?
ক. ভারতীয় খ. ফরাসি
গ. পর্তুগিজ ঘ. সোমালীয় উ: গ

০৭. কোনটি আলাওলের নীতিকবিতা? [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ক. হপ্ত পয়কর খ. সিকান্দরনামা
গ. তোহফা ঘ. রাগতালনামা উ: গ

০৮. আলাওল রাজসভায় কোন রাজের সেনাদলে কাজ পেয়েছিলেন? [সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম]
ক. মুঘল সম্রাট খ. আরাকান রাজ
গ. বাংলার সুলতান ঘ. চট্টগ্রামের রাজা উ: ঘ

০৯. আলাওল কোন যুগের কবি? [খুলনা সরকারি মহিলা কলেজ]
ক. প্রাচীন যুগ খ. রবীন্দ্র যুগ
গ. আধুনিক যুগ ঘ. মধ্যযুগ উ: ঘ

১০. আলাওলের রচনায় কোন চেতনা স্পষ্ট?
ক. গ্রামীণ খ. লোকজ
গ. দেশীয় ঘ. নাগরিক উ: ঘ

১১. 'ঋতু-বর্ণন' কবিতার শুরুতে কোন ঋতুর কথা বলা হয়েছে? [আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা]
ক. শীত খ. বসন্ত
গ. হেমন্ত ঘ. গ্রীষ্ম উ: খ

১২. কে কামের সংবাদ বাহক? [মহিলা কলেজ, চট্টগ্রাম]
অথবা, 'ঋতু বর্ণন' কবিতায় কে কামের পদাতি?
ক. কুসুমিত কিংশুক খ. চন্দন চম্পক
গ. মলয়া সমীর ঘ. পুষ্পমাল্য উ: গ

১৩. 'ঋতু বর্ণন' কবিতায় মলয়া সমীর হলো-
i. প্রেমের দেবতা ii. কামের পদাতি
iii. সংবাদ বাহক
নিচের কোনটি সঠিক? [হাজেরা-তজু ডিগ্রি কলেজ, চুয়াডাঙ্গা]
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: গ

১৪. 'নিদাঘ সমএ অতি প্রচন্ড তপন'- এখানে নিদাঘ বলতে কী বোঝানো হয়েছে- [যশোর সরকারি সিটি কলেজ]
ক. গ্রীষ্ম খ. বর্ষা
গ. শরৎ ঘ. বসন্ত উ: ক

১৫. 'চন্দন চম্পক মাল্য মলয়া পবন'- চরণের পরের চরণ? [চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ]
ক. নিদাঘ সম এ অতি প্রচন্ড তপন
খ. পাবন সমএ মেঘ ঘন ঘন গরজিত
গ. সতত দম্পতি সঙ্গে ব্যাপিত মদন
ঘ. রৌদ্র ত্রাসে রহে ছায়া চরণে সরণ উ: গ

১৬. 'ঋতু বর্ণন' কবিতায় উরে উরে এক হলে কী নিবারণ হয়? [সরকারি মাইকেল মধুসূদন কলেজ, যশোর]
ক. শীত খ. দুঃখ
গ. কষ্ট ঘ. ক্ষুধা উ: ক

১৭. 'ঋতু বর্ণন' কবিতায় কৈলাসে কার বাসস্থান?
ক. শিব খ. দুর্গা
গ. কালী ঘ. গুরুদেব উ: ক

১৮. 'ঋতু বর্ণন' কবিতায় 'খঞ্জন' কী?
ক. একধরনের বাঘ
খ. একধরনের চঞ্চল পাখি
গ. একধরনের চঞ্চল হরিণ
ঘ. একধরনের বানর উ: খ

১৯. ষড়ঋতুর বর্ণনার মধ্য দিয়ে কবি আলাওল প্রকৃতির কী তুলে ধরেছেন? [শহিদ বীর-উত্তম লে. আনোয়ার গার্লস কলেজ, ঢাকা]
ক. রূপমাধুরী খ. বৈচিত্র্যপূর্ণ রূপ
গ. রূপের বর্ণনা ঘ. স্পষ্ট রূপচিত্র উ: খ

২০. আলাওলের 'ঋতু বর্ণন' কবিতাটি তাঁর কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত হয়েছে?
ক. তোহফা খ. পদ্মাবতী
গ. হপ্ত পয়কর ঘ. রাগতালনামা উ: গ

২১. ঋতু বর্ণন কোন যুগের কাব্যের এক স্বাভাবিক রীতি?
ক. প্রাচীন যুগ খ. অন্ধকার যুগ
গ. মধ্যযুগ ঘ. আধুনিক যুগ উ: গ

২২. কবি আলাওল প্রকৃতির রূপবৈচিত্র্যের সাথে কীসের সম্পর্ককে তুলে ধরেছেন?
ক. মানবমনের খ. পরিবেশের
গ. সমাজের ঘ. রাষ্ট্রের উ: ক

উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪ নম্বর প্রশ্নের উত্তর দাও।
বসন্তের আবির্ভাব প্রকৃতিতে নবরূপের জয়গান ঘোষণা করে। নতুন ফুল দেখা যায়। মানুষের মনে সুখের আবেশ বয়ে চলে। এ সময় প্রিয়জনকে কাছে পাওয়ার আকুল বেদনা দেখা দেয়। [খুলনা সরকারি মহিলা কলেজ]

২৩. উদ্দীপকের ভাবের সঙ্গে 'ঋতু বর্ণন' কবিতার কোন বিষয়ের মিল পাওয়া যায়?
ক. প্রকৃতির কান্না খ. প্রকৃতির বৈরিতা
গ. প্রকৃতির সাথে মানবমনের সম্পর্ক
ঘ. প্রকৃতির সাথে পশু-পাখির সম্পর্ক উ: গ

২৪. উদ্দীপকটি 'ঋতু বর্ণন' কবিতার যে দিকের সঙ্গে সাদৃশ্যপূর্ণ-
i. প্রকৃতির রূপবৈচিত্র্য
ii. মানবমনের ওপর প্রকৃতির প্রভাব
iii. প্রকৃতির বৈরিতা

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ক

নিচের উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:

কিশলয়ে-পর্ণে অশান্ত ওড়ে তার অঞ্চল প্রান্ত
পলাশ-কলিতে তার ফুল-ধনু লঘু-ভার,
ফুলে ফুলে হাসি অফুরন্ত।

২৫. উদ্দীপকে 'ঋতু বর্ণন' কবিতার বসন্ত ঋতুর কোন দিকটি ফুটে উঠেছে?

ক. নতুন পাতা গজানো খ. নতুন ফুল ফোটা

গ. প্রেমভাব জাগ্রত হওয়া

ঘ. বনস্পতিতে মুকুল আসা উ: খ

২৬. ফুটে ওঠা দিকটির সাথে কোন চরণের সাযুজ্য রয়েছে?

ক. মুকুলিত কৈল তবে বৃক্ষ বনস্পতি

খ. মলয়া সমীর হৈলা কামের পদাতি

গ. প্রথমে বসন্ত ঋতু নবীন পল্লব

ঘ. কুসুমিত কিংশুক সঘন বন লাল উ: ঘ

## বিভীষণের প্রতি মেঘনাদ
## মাইকেল মধুসূদন দত্ত

### সৃজনশীল রচনামূলক

১. একসময় ঈশা খাঁর সঙ্গে মানসিংহের যুদ্ধ হয়। রণনিপুণ ঈশা খাঁর তরবারির আঘাতে মানসিংহের তরবারি দ্বিখণ্ডিত হয়ে যায়। মানসিংহ অসহায় হয়ে পড়েন। ঈশা খাঁ চাইলে এই অবস্থায় মানসিংহকে হত্যা করতে পারতেন। কিন্তু, বীরযোদ্ধা ঈশা খাঁ তা না করে নিজের কোষ থেকে একখানি ভালো তলোয়ার বের করে মানসিংহকে উপহার দিয়ে পুনরায় যুদ্ধে আহবান জানালেন। মানসিংহ ঈশা খাঁর এই মহানুভবতা, ঔদার্য ও বীরধর্মের আদর্শ দেখে মুগ্ধ হলেন এবং যুদ্ধের পরিবর্তে সন্ধি স্থাপনে এগিয়ে এলেন। [রা. বো. '১৯]

ক. মাইকেল মধুসূদন দত্তের মায়ের নাম কী?

খ. "স্থাপিলা বিধুরে বিধি স্থানুর ললাটে" – কবিতার এই চরণ দ্বারা কী বোঝানো হয়েছে?

গ. উদ্দীপকের ঈশা খাঁ ও 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার লক্ষ্মণের আদর্শগত বৈসাদৃশ্য নির্ণয় করো।

ঘ. উদ্দীপক ও 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার মূলভাবনা এক নয়।'- মন্তব্যটি বিচার করো।

২. আরিফ ও সোহেলের জন্ম ও বেড়ে ওঠা মাহমুদপুর গ্রামে। পার্শ্ববর্তী কাশিপুর গ্রামের মানুষের সাথে মাহমুদপুরবাসীদের দ্বন্দ্ব চিরকালের। কাশিপুরের এক মেয়ের সঙ্গে সোহেলের হৃদয় দেওয়া-নেওয়া। ধান কাটাকে কেন্দ্র করে উভয় গ্রামবাসীর মধ্যে মারামারি লাগার উপক্রম হলে আরিফ গ্রামের সকলকে ডেকে আনা, লাঠিসোঁটা জোগাড় করা, জীবনের তোয়াক্কা না করে গ্রামের ইজ্জত রক্ষায় যখন কাশিপুরবাসীদের প্রতিহত করার পরিকল্পনা করে তখন শুধুই প্রেমের টানে পরিবার, সমাজ ও এলাকার স্বার্থ জলাঞ্জলি দিয়ে সোহেল কাশিপুরবাসীদের কাছে মাহমুদপুর গ্রামের সকল প্রস্তুতি ও কৌশলের কথা ফাঁস করে দেয়। [চ. বো. '১৯]

ক. রাবণের মধ্যম সহোদর কে?

খ. "তব বাক্যে ইচ্ছি মরিবারে!" – বুঝিয়ে বলো।

গ. উদ্দীপকে বর্ণিত সোহেলের সঙ্গে 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার কোন চরিত্রের মিল পাওয়া যায়? কীভাবে?

ঘ. উদ্দীপকের আরিফের মধ্যে এলাকার জন্য যে মমত্ববোধ প্রকাশ পেয়েছে 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় তা ব্যাপকতা লাভ করেছে।– বিচার করো।

৩. হাজার হাজার সৈন্য যুদ্ধক্ষেত্রে পুতুলের মত দাঁড়িয়ে থাকে, মোহনলাল ও মীরমর্দান প্রাণপণে যুদ্ধ করেও মীরজাফরের বিশ্বাসঘাতকতার কাছে পরাজিত হয়। ব্রিটিশ সৈন্যরা অনায়াসেই বাংলা দখল করে নেয়। এভাবেই ১৭৫৭ সালের ২৩ জুন বাংলার স্বাধীনতার অবসান ঘটে। [রা. বো. '১৮]

ক. সৌমিত্রি কে?

খ. 'হায় তাত, উচিত কি তব এ কাজ?'- কে, কেন এ উক্তিটি করেছিল?

গ. "উদ্দীপকের মূলভাব 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে? তুলনামূলক আলোচনা করো।

ঘ. "উদ্দীপকের মূলভাব 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার মূলভাবের সাথে আংশিক সামঞ্জস্যপূর্ণ"- উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো।

৪. বাবার ব্যবসায়ে দুর্দিন দেখা দিলে, বড় ছেলে বাবার ব্যবসায়িক প্রতিপক্ষের সাথে হাত মেলায় ভবিষ্যতের আশায়। ছোট ছেলে বাবার ব্যবসায়িক দুর্দিন 'কাটানোর চেষ্টার অংশ হিসেবে বড় ভাইকে বাবার পাশে থাকার অনুরোধ করে, কিন্তু বড় ছেলের অভিযোগ-বাধার একগুঁয়ে মনোভাব আর ভুল সিদ্ধান্তের কারণে পারিবারিক ব্যবসায় ডুবতে বসেছে। তাঁর ব্যর্থতার দায়ভার আমি নেব কেন? বড় ভাইয়ের সমর্থন না পেয়ে বাবার সুদিন ফিরিয়ে আনতে একা সংগ্রাম চালিয়ে যায় ছোট ছেলে। [সি. বো. '১৭]

ক. বাসবত্রাস কে?

খ. "লঙ্কার কলঙ্ক আজি ভঞ্জিব আহবে।"- দ্বারা কী বোঝানো হয়েছে?

গ. উদ্দীপকের ছোট ছেলে 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার কোন চরিত্রের অনুরূপ? কীভাবে?

ঘ. "উদ্দীপকের বড় ছেলে এবং 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার বিভীষণের আচরণ ভিন্ন উদ্দেশ্যপ্রসূত।" - মন্তব্যটি বিবেচনা কর।

৫. "স্বধর্ম যদি গুণহীনও হয়
তবু তা উত্তমরূপে অনুষ্ঠিত পরধর্মের চেয়ে শ্রেয়;
স্বধর্মে নিধনও ভালো, কিন্তু পরধর্ম ভয়াবহ।" [ব. বো. ১৬]

ক. 'নির্গুণ স্বজন শ্রেয়ঃ, পরঃ পরঃ সদা!" উক্তিটি কার?

খ. গুণবান পরজন অপেক্ষা নির্গুণ স্বজন শ্রেয় কেন? ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের বক্তব্যের সাথে 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার বক্তব্যের কী মিল পাওয়া যায়? লেখ।

ঘ. "উদ্দীপকের মূলভাব ও 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার মূলভাব একসূত্রে গাঁথা।" উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর।

## জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্নের সাজেশন

### ক নং প্রশ্ন (জ্ঞানমূলক)

১. রাবণের মধ্যম সহোদর কে? [চ. বো. '১৯]

২. মাইকেল মধুসূদন দত্তের মায়ের নাম কী? [রা. বো. ১৯]

৩. 'বিধু' শব্দের অর্থ কী? [ব. বো. '১৭]

৪. 'অরিন্দম' কে? [ঢা. বো. '১৬]

৫. 'স্থাণু' অর্থ কী? [দি. বো. '১৬]

৬. বিভীষণের মায়ের নাম কী? [রা. বো. '১৬]

### খ নং প্রশ্ন (অনুধাবনমূলক)

১. "স্থাপিলা বিধুরে বিধি স্থানুর ললাটে" – কবিতার এই চরণ দ্বারা কী বোঝানো হয়েছে? [রা. বো. ১৯; ঢা. বো. '১৬]

২. 'হায় তাত, উচিত কি তব এ কাজ?'- কে, কেন এ উক্তিটি করেছিল? [রা. বো. '১৮]

৩. "চণ্ডালে বসাও আনি রাজার আলয়ে" পঙক্তিটির তাৎপর্য ব্যাখ্যা কর। [ব. বো. '১৭]

৪. "লঙ্কার কলঙ্ক আজি ভঞ্জিব আহবে।"- দ্বারা কী বোঝানো হয়েছে? [সি. বো. '১৭]

৫. মেঘনাদ যজ্ঞাগারে বিষাদ অনুভব করেছিল কেন? বুঝিয়ে দাও। [দি. বো. '১৬]

## সৃজনশীল বহুনির্বাচনি

### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

০১. "হায় তাত! উচিত কি তব এ কাজ ?" – মেঘনাদের এই উক্তির মধ্যে দিয়ে বিভীষণের কোন কাজটি পছন্দ হয়নি?
ক. লক্ষ্মণকে যজ্ঞাগারে প্রবেশে সাহায্য করা [ঢা. বো. '১৯]
খ. ভ্রাতুষ্পুত্রকে হত্যায় সহায়তা করা
গ. মাতৃ আজ্ঞা পালন না করা
ঘ. মাতৃভূমির জন্য যুদ্ধ না করা
উ: ক.

০২. 'স্বচক্ষে দেখেছ রক্ষঃশ্রেষ্ঠ, পরাক্রম দাসের!'- নিজেকে 'দাস' বলার পেছনে মেঘনাদের কোন মনোভাবটি ক্রিয়াশীল?
ক. বিনয় খ. বংশ গৌরব [ঢা. বো. '১৮]
গ. অহমিকা ঘ. হীনম্মন্যতা
উ: ক

০৩. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় "নিজ কর্ম- দোষে, হায় মজাইলা/এ কনক-লঙ্কা রাজা" উদ্ধৃতিতে 'নিজ কর্ম-দোষ' কোন প্রসঙ্গে ব্যবহৃত? [ঢা. বো. '১৭]
ক. সীতাকে অপহরণ খ. সূর্পণখার নাক কর্তন
গ. রামের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা
ঘ. রামের বনবাস যাত্রা
উ: ক

০৪. মেঘনাদের মরে যেতে ইচ্ছে করে কেন? [চ. বো. '১৭]
ক. পিতার আচরণে খ. বিনা অস্ত্রে যুদ্ধ করায়
গ. লক্ষ্মণের কথা শুনে ঘ. বিভীষণের কথা শুনে
উ: ঘ

০৫. "স্থাপিলা বিধুরে বিধি স্থাণুর ললাটে"- এখানে 'বিধু' শব্দটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে? [দি. বো. '১৭]
ক. নক্ষত্র খ. সূর্য
গ. চাঁদ ঘ. ফুল
উ: গ

০৬. 'নিকুম্ভিলা' যজ্ঞাগারে মেঘনাদ যে দেবতার পূজারত অবস্থায় ছিল- [দি. বো. '১৭]
ক. অগ্নিদেবের খ. বরুণদেবের
গ. ইন্দ্রদেবের ঘ. সোমদেবের
উ: ক

০৭. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় সৌমিত্রি কে?
ক. মেঘনাদ খ. লক্ষ্মণ [চ. বো. '১৯]
গ. বিভীষণ ঘ. রাবণ
উ: খ

০৮. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় 'রাবণ অনুজ' বলতে কাকে বুঝানো হয়েছে? [কু. বো. '১৯]
ক. কুম্ভকর্ণকে খ. বিভীষণকে
গ. লক্ষ্মণকে ঘ. রামকে
উ: খ

০৯. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় 'ধীমান' বলে কাকে সম্বোধন করা হয়েছে? [সি. বো. '১৯]
ক. রাবণ খ. মেঘনাদ
গ. কুম্ভকর্ণ ঘ. বিভীষণ
উ: খ

১০. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় 'তস্কর' বলা হয়েছে-
ক. রামকে খ. লক্ষ্মণকে
গ. বিভীষণকে ঘ. বাসবকে
উ: খ

১১. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতাংশটুকু 'মেঘনাদবধ' কাব্যের কোন সর্গ হতে সংকলিত? [রা. বো. ১৯]
ক. ৪র্থ খ. ৫ম
গ. ৬ষ্ঠ ঘ. ৭ম
উ: গ

১২. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতাটি কোন ছন্দে লেখা? [সি. বো. '১৭]

ক. স্বরবৃত্ত খ. মাত্রাবৃত্ত
গ. অমিত্রাক্ষর ঘ. স্বরমাত্রিক উ: গ

১৩. 'তিলোত্তমাসম্ভব' কোন ধরনের গ্রন্থ? [নটর ডেম কলেজ, ঢাকা]

ক. মহাকাব্য খ. উপন্যাস
গ. কাব্য ঘ. নাটক উ: গ

১৪. মাইকেল মধুসুদন দত্ত কোথায় মৃত্যুবরণ করেন? [দাউদ পাবলিক স্কুল এন্ড কলেজ, যশোর]

ক. ভার্সাইয়ে খ. মাদ্রাজে
গ. কলকাতায় ঘ. সাগরদাঁড়ি উ: গ

১৫. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কাব্যাংশে অরিন্দম বলতে কাকে বোঝানো হয়েছে? [রাজশাহী ক্যাডেট কলেজ]
অথবা, "এতক্ষণে অরিন্দম কহিলা বিষাদে"- এখানে অরিন্দম কে? [বান্দরবান ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ]

ক. রাবণ খ. মেঘনাদ
গ. রাম ঘ. লক্ষ্মণ উ: খ

১৬. লক্ষ্মণকে লঙ্কাপুরীতে দেখে মেঘনাদের কী প্রতিক্রিয়া হয়েছিল? [লালমাটিয়া মহিলা কলেজ, ঢাকা]

ক. ভীত-সন্ত্রস্ত খ. বিস্ময়
গ. আহ্লাদিত ঘ. ক্ষুব্ধ উ: খ

১৭. "চন্ডালে বসাও আনি রাজার আলয়ে" উক্তিটি মেঘনাদের কোন মনোভাবের বহিঃপ্রকাশ? [সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম; চুয়াডাঙ্গা সরকারি কলেজ]

ক. ধিক্কার/ভর্ৎসনা খ. গৌরববোধ
গ. তুচ্ছ-তাচ্ছিল্য ঘ. আত্মমর্যাদাবোধ উ: ক

১৮. মেঘনাদ যে কারণে বিভীষণের গঞ্জনা করতে চাইলেও করে না- [সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর]

i. গুরুজন বলে
ii. লক্ষ্মণের সহযোগী বলে
iii. সীতাকে হরণ অন্যায় হয়েছে বলে

নিচের কোনটি সঠিক?

ক. i খ. ii
গ. i ও iii ঘ. i, ii ও iii উ: ক

১৯. "লঙ্কার কলঙ্ক আজি ভঞ্জিব আহবে" পঙক্তিটির গভীরে লুকায়িত আছে- [লায়ন্স স্কুল এন্ড কলেজ, রংপুর; রাজেন্দ্রপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, গাজীপুর]

i. দন্ড
ii. প্রতিজ্ঞা
iii. দেশপ্রেম

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: গ

নিচের উদ্দীপকটি পড়ে ২০ নম্বর প্রশ্নের উত্তর দাও:

"স্বদেশের উপকারে নাই যার মন
কে বলে মানুষ তারে, পশু সেই জন।" [য. বো. '১৯]

২০. উদ্ধৃত কবিতাংশটি 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার কোন চরিত্রকে ইঙ্গিত করে?

ক. রাবণ খ. বিভীষণ
গ. মেঘনাদ ঘ. লক্ষ্মণ উ: খ

নিচের উদ্দীপকটি পড়ে ২১ ও ২২ নম্বর প্রশ্নের উত্তর দাও:

পাকিস্তানি হানাদার বাহিনীর আক্রমণ থেকে দেশকে রক্ষা করার জন্য মুক্তিযুদ্ধে অংশ নেয় লতিফ। দেশকে স্বাধীন করে তবেই ঘরে ফিরবে এই প্রত্যয় নিয়ে যুদ্ধ করে যায় লতিফ। ডিসেম্বরের প্রথম সপ্তাহ, বাংলাদেশ যখন স্বাধীনতার দ্বারপান্তে ঠিক সে সময় উজিরপুরের পাকিস্তানি ক্যাম্পে অপারেশনের প্রস্তুতি নিচ্ছিল লতিফরা। তথ্যটি রাজাকার নিজামুদ্দীন হানাদার বাহিনীকে জানিয়ে দিলে পাকিস্তানি বাহিনীর অতর্কিত হামলায় লতিফরা শহিদ হয়। [ব. বো. '১৯]

২১. উদ্দীপকের নিজামুদ্দীন 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতাংশের কোন চরিত্রের প্রতিরূপ?

ক. বিভীষণ খ. রামচন্দ্র
গ. লক্ষ্মণ ঘ. কুম্ভকর্ণ উ: ক

২২. উদ্দীপকে ও 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতাংশে কোন বিষয়টি প্রবলভাবে প্রকাশিত?

ক. মাতৃভূমির প্রতি ভালোবাসা
খ. দেশদ্রোহিতা
গ. সাহসিকতা ঘ. বর্বরতা উ: ক

# সোনার তরী
## রবীন্দ্রনাথ ঠাকুর

### সৃজনশীল রচনামূলক

১. "আমায় নহে গো- ভালোবাসো, শুধু ভালোবাসো মোর গান।
বনের পাখিরে কে চিনে রাখে, গান হলে অবসান।।
চাঁদেরে কে চায়- জোছনা সবাই যাচে
গীত শেষে বীণা পড়ে থাকে ধূলি-মাঝে;" [ঢা. বো. '২৫]

ক. 'সোনার তরী' কবিতাটি কোন ছন্দে রচিত?
খ. 'চারি দিকে বাঁকা জল'- এর মাধ্যমে কবি কী বলতে চেয়েছেন?
গ. 'সোনার তরী' কবিতার ধানের সাথে উদ্দীপকের গীতের তুলনা কর।
ঘ. "উদ্দীপকের শেষ চরণ দুটি যেন 'সোনার তরী' কবিতার জীবনদর্শনের প্রতিচ্ছবি।"- 'সোনার তরী' কবিতার আলোকে মূল্যায়ন কর।

২. মানুষ বাঁচে তার কর্মের মধ্যে, বয়সের দ্বারা নয়। এমনই একজন অমর শিল্পী ছিলেন লিওনার্দো দা ভিঞ্চি। তাঁর আঁকা অনেকগুলো চিত্রকর্মের মধ্যে একটি মোনালিসা, যা আজও শিল্পপ্রেমীদের মুগ্ধ করে রাখে। ১৫১৯ সালে লিওনার্দো দা ভিঞ্চি মারা গেলেও আজও আমাদের মাঝে বেঁচে আছেন। তাঁর আঁকা মোনালিসার ভুবনমোহিনী অবিনশ্বর হাসি আজও তাঁর সৃষ্টির এক বিরাট রহস্য।

ক. 'খরপরশা' শব্দের অর্থ কী? [সি. বো. '২৫]
খ. "সকলি দিলাম তুলে থরে-বিথরে।"- ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকে লিওনার্দো দা ভিঞ্চির ব্যক্তিজীবনের মধ্য দিয়ে 'সোনার তরী' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? আলোচনা কর।
ঘ. "মানুষ বাঁচে তার কর্মের মধ্যে, বয়সের দ্বারা নয়'- উদ্দীপকের এই উক্তিতে 'সোনার তরী' কবিতার মূলভাবের প্রতিফলন ঘটেছে।"- উক্তিটি মূল্যায়ন কর।

৩. এই পৃথিবী যেমন আছে তেমনই ঠিক রবে,
সুন্দর এ পৃথিবী ছেড়ে একদিন চলে যেতে হবে।
তোমার টাকা কড়ি সুন্দর বাড়ি সবই পড়ে রবে,
তোমার কর্মসাধন সৃজন পূজন তোমায় স্মরণ নেবে
তুমি আর থাকবে না এই জনাকীর্ণ ভবে। [দি. বো. '২৪]

ক. 'সোনার তরী' কবিতাটি কোন ছন্দে রচিত?
খ. "চারদিকে বাঁকা জল করিছে খেলা।" - ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকে 'সোনার তরী' কবিতার কোন ভাবের প্রকাশ ঘটেছে? আলোচনা কর।
ঘ. "ঠাঁই নাই, ঠাঁই নাই- ছোট সে তরী"- 'সোনার তরী' কবিতার উক্ত চরণ ও উদ্দীপকের ভাবসত্য অভিন্ন।"- বিশ্লেষণ কর।

৪. **নানা:** আমার বন্ধু বিদ্যানন্দ এ বিখ্যাত বিদ্যালয়টি প্রতিষ্ঠা করেছিলেন। সমাজের অনেকেই বিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগকে তখন ভালো চোখে দেখেননি; সহযোগিতাও করেননি। তবে তিনি দমে যাননি, তিলে তিলে গড়ে তোলেন এ বিদ্যালয়টি। কিন্তু সুনামের সবটুকু সম্মান তাঁর কপালে জুটলো না।
**নাতি:** তিনি কোথায়?
**নানা:** তিনি নেই। অথচ তাঁর কর্ম পথ পেয়েছে, তাঁরই অবর্তমানে আমাদের মাঝে।
**নাতি:** কী নিষ্ঠুর পৃথিবীর নিয়ম! [ঢা. বো. '২৩]

ক. রবীন্দ্রনাথ ঠাকুর কোন বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা?
খ. "কুলে একা বসে আছি, নাহি ভরসা" - কবির এমন অনুভূতির কারণ কী?
গ. উদ্দীপকের বিদ্যানন্দ "সোনার তরী' কবিতার কার সাথে, কীভাবে সম্পর্কিত?
ঘ. 'তাঁর কর্ম পথ পেয়েছে, তাঁরই অবর্তমানে আমাদের মাঝে'- উদ্দীপকের এ উক্তির আলোকে 'সোনার তরী' কবিতার মূলভাব বিশ্লেষণ কর।

৫.



শিল্পাচার্য জয়নুল আবেদিন ১৯৪৩ সালের ভয়াবহ দুর্ভিক্ষ অবলম্বনে অঙ্কন করেন উপরের চিত্রটিসহ অসংখ্য চিত্র যেগুলো 'দুর্ভিক্ষের চিত্রমালা' নামে দেশ-বিদেশে সাড়া জাগায় এবং তাঁকে অমর করে তোলে। [সি. বো. '২৩]

ক. কত বছর বয়সে রবীন্দ্রনাথ ঠাকুর এর প্রথম কাব্যগ্রন্থ প্রকাশিত হয়?
খ. "সকলি দিলাম তুলে থরে বিথরে" -ব্যাখ্যা কর।
গ. চিত্রটি 'সোনার তরী'র সঙ্গে কীভাবে সঙ্গতিপূর্ণ তা বর্ণনা কর।
ঘ. "মানুষ বাঁচে তাঁর কর্মে, বয়সে নয়।" –উদ্দীপকের চিত্র ও 'সোনার তরী' কবিতার আলোকে উক্তিটি মূল্যায়ন কর।

৬. বাংলা সাহিত্যের প্রাচীন যুগের একমাত্র ঐতিহাসিক নিদর্শন চর্যাপদ। ড. মুহম্মদ শহীদুল্লাহ্ ৬৫০ খ্রি. থেকে চর্যাপদের কাল ধরেছেন। হাজার বছরেরও অধিক সময় পূর্বে রচিত হওয়ায় পদকর্তাদের জীবন ইতিহাস বিস্তারিত জানা সম্ভব হয় না। রচয়িতাদের পরিচিতি কালের প্রবাহে ধূসর হয়ে গেলেও তাঁদের রচনাগুলোর ভাষা ও বিষয় নিয়ে গবেষণার অন্ত নেই। 'চর্যাপদ' বাংলা ভাষা ও সাহিত্যের মূল্যবান সম্পদ হিসেবে সমাদৃত।

[রা. বো. '২২]

ক. 'সোনার তরী' কবিতাটি কোন ছন্দে রচিত?
খ. 'ভরা নদী ক্ষুরধারা' বলতে কবি কী বুঝিয়েছেন?
গ. "উদ্দীপকের বিভিন্ন পদকর্তার রচনা 'সোনার তরী' কবিতার সোনার ধানের মতোই।"- মন্তব্যটি ব্যাখ্যা কর।
ঘ. "উদ্দীপকের পদরচয়িতাগণ এবং 'সোনার তরী' কবিতার কৃষক যেন একই নিয়তির শিকার।'- তোমার মতামতসহ আলোচনা কর।

৭. লেভ তলস্তয়ের 'সাড়ে তিন হাত জমি' গল্পের নায়ক পাখোম লোভী প্রকৃতির। পাশের দেশে দিনপ্রতি জমির দাম ১০০ রুবল শুনে অধিক জমি পাওয়ার লোভে সে সেখানে ছুটে যায় এবং জমি কেনে। এক দিনে যতটুকু জমি সে ঘুরে আসতে পারবে, ততটুকু জমির মালিকানা পাবে সে। এমন আকর্ষণীয় প্রস্তাবে লালায়িত হয়ে শারীরিক ক্লান্তিকে গুরুত্ব না দিয়ে বেশি জমি পাওয়ার লোভে সারা দিন সে দৌড়ায়। পরিণতিতে মৃত্যু হয় তার। [সিলেট সরকারি কলেজ]

ক. নিরুপায় ঢেউগুলি কোথায় ভাঙে?
খ. "যাহা লয়ে ছিনু ভুলে" বলতে কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকে 'সোনার তরী' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর।
ঘ. উদ্দীপকটি 'সোনার তরী' কবিতার মূলভাবকে কতটা প্রতিফলিত করতে পেরেছে? বিশ্লেষণ কর।

## জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্নের সাজেশন

### ক নং প্রশ্ন (জ্ঞানমূলক)

১. 'সোনার তরী' কবিতায় উল্লিখিত মাঝি কীসের প্রতীক?
[চ. বো. '২৫][রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
২. রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম কাব্যগ্রন্থের নাম কী?
[দি. বো. '২৫; ঢা. বো. ২২]
৩. 'সোনার তরী' কবিতাটি কোন ছন্দে রচিত?
[ঢা. বো. '২৫; দি. বো. '২৪; য. বো. '২৩; রা. বো. '২২]
৪. 'সোনার ধান' কীসের প্রতীক? [ম. বো. '২৩]
৫. 'সোনার তরী' কবিতায় কোন মাসের উল্লেখ রয়েছে?
[চ. বো. ২৩]
৬. 'সোনার তরী' কবিতায় কবি ক্ষণিক হেসে কী নিয়ে যেতে বলেছেন? [ম. বো. '২২]

### খ নং প্রশ্ন (অনুধাবনমূলক)

১. 'চারিদিকে বাঁকা জল করিছে খেলা।'—এখানে 'বাঁকা জল' দ্বারা কী বোঝানো হয়েছে?
[ঢা. বো. '২৫; চ. বো. '২৩; সি. বো. '২২; দি. বো. '২৪, '২২]
২. দেখে যেন মনে হয় চিনি উহারে বুঝিয়ে লেখো।
[ম. বো. '২৩]
৩. 'ভরা নদী ক্ষুরধারা' বলতে কবি কী বুঝিয়েছেন?
[রা. বো '২২]
৪. "বারেক ভিড়াও তরী কূলেতে এসে।" - পঙ্ক্তিতে যে আকুলতা প্রকাশ পেয়েছে, তা ব্যাখ্যা কর। [চ. বো. '২৫]

## সৃজনশীল বহুনির্বাচনি

### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

০১. "কালস্রোতের কাছে মানুষের কোনো মূল্য নেই"- এ বিষয়টির প্রতিফলন নিচের কোন লাইনে? [দি. বো. '২৫]
ক. একখানি ছোট খেত আমি একেলা
খ. দেখে যেন মনে হয় চিনি উহারে
গ. এখন আমারে লহো করুণা করে
ঘ. শূন্য নদীর তীরে/রহিনু পড়ি উ: ঘ

০২. "একখানি ছোটো খেত, আমি একেলা"- এখানে 'আমি' শব্দটির প্রতীকী অর্থ কী? [কু. বো. '২৫]
ক. কবি খ. মাঝি
গ. কৃষক ঘ. জেলে উ: ক

০৩. 'সোনার ধান' বলতে কী বোঝানো হয়েছে? [ম. বো. '২৫]
অথবা, 'সোনার তরী' কবিতায় সোনার ধান বলতে কী বোঝানো হয়েছে? [দি. বো. '২৫; কু. বো. '২৪]
ক. মূল্যবান ধান খ. মূল্যবান ফসল
গ. মানুষের সৃষ্টকর্ম ঘ. মানুষের পুণ্য উ: গ

০৪. "চারি দিকে বাঁকা জল করিছে খেলা"- এখানে 'বাঁকা জল' বলতে কবি কী বোঝাতে চেয়েছেন? [ঢা. বো. ২৫; দি. বো. ২২]
ক. স্রোতের বক্রতা খ. জলের কল্লোল
গ. পরিস্থিতির ভয়াবহতা ঘ. অনন্ত কালস্রোত উ: ঘ

০৫. 'খরপরশা' বলতে কী বোঝানো হয়েছে? [ব. বো. '২৫]
ক. ধারালো বর্শা খ. তীব্র স্রোত
গ. বাঁকা জল ঘ. মহাকাল উ: ক

০৬. 'সোনার তরী' কবিতায় কৃষককে তরিতে নিতে না চাওয়ার কারণ- [ম. বো. '২৪]
ক. অপরিচিত বলে খ. তরিটি ছোট
গ. মাঝি উদ্বিগ্ন থাকায় ঘ. দুর্যোগের কারণে উ: খ

০৭. 'সোনার তরী' কবিতায় কবি রবীন্দ্রনাথ ঠাকুর কী ফুটিয়ে তুলেছেন? [রা. বো. '২৪]
ক. কৃষকের দুর্দশা খ. প্রকৃতির বৈরী রূপ
গ. মানবপ্রেম ঘ. জীবনদর্শন উ: ঘ

০৮. 'সোনার তরী' কবিতায় অন্তর্লীন হয়ে আছে- [কু. বো. '২৫]
ক. সমাজদর্শন খ. প্রকৃতির সৌন্দর্য
গ. জীবনদর্শন ঘ. মানবপ্রেম উ: গ

০৯. 'সোনার তরী' কবিতায় ফসলের জমির চারদিকে বেষ্টিত জলরাশি কীসের প্রতীক? [সি. বো. '২৩]
ক. কালস্রোতের খ. অসহায়ত্বের
গ. নিঃসঙ্গতার ঘ. নির্বিকারত্বের উ: ক

১০. 'সোনার তরী' কবিতায় ভরা পালে কে চলে যায়?
ক. মাঝি খ. কবি
গ. কৃষক ঘ. নাবিক উ: ক

১১. মহাকাল মানুষের কর্মকে গ্রহণ করে, কারণ- [কু. বো. '২৩]
ক. কর্ম অক্ষয় খ. কর্ম দামি
গ. কর্ম প্রিয় ঘ. কর্ম নশ্বর উ: ক

১২. 'সোনার তরী' কবিতাটি কোন ছন্দে রচিত? [রা. বো. '২২; ব. বো. '২৪]
ক. স্বরবৃত্ত খ. মাত্রাবৃত্ত
গ. অক্ষরবৃত্ত ঘ. গদ্যছন্দ উ: খ

১৩. 'ব্যক্তিজীবন কদরহীন'- এ উপলব্ধির ইঙ্গিত 'সোনার তরী' কবিতার কোন চরণে রয়েছে? [ব. বো. '২৩]
ক. এপারেতে ছোটো খেত, আমি একেলা
খ. শুধু তুমি নিয়ে যাও/ক্ষণিক হেসে
গ. সকলি দিলাম তুলে/থরে বিথরে-
ঘ. শূন্য নদীর তীরে/রহিনু পড়ি- উ: ঘ

১৪. 'সোনার তরী' কবিতায় "যারে খুশি তারে দাও" উক্তিতে প্রকাশ পেয়েছে- [য. বো. '২৪]
i. মহাকাল অনন্ত ও অসীম
ii. সৃষ্টির মাঝে বাঁচার আকুতি
iii. সৃষ্টির প্রতি গভীর ভালোবাসা
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: খ

১৫. 'ধান কাটা হলো সারা' চরণটির মাধ্যমে কোন ভাব প্রকাশ পেয়েছে? [সি. বো. '২২]
ক. ফসলের কাজ সম্পন্ন হওয়া
খ. কর্মের পরিণতি
গ. কর্মময় জীবন
ঘ. ফসল তোলার তাড়া উ: খ

১৬. "পরপারে দেখি আঁকা তরুছায়া মসী-মাখা।"- এখানে 'মসী-মাখা' বলতে কী বোঝানো হয়েছে? [কু. বো. '২২]
ক. কালো রঙে মাখানো খ. অস্পষ্ট মহাকাল
গ. মসী দ্বারা অস্পষ্ট ঘ. মসী দ্বারা মাখা উ: খ

১৭. 'সোনার তরী' কবিতায় কবির আক্ষেপ নিচের কোন পঙ্ক্তিটিতে প্রকাশ পেয়েছে? [রা. বো. '২২]
ক. আমারি সোনার ধানে গিয়েছে ভরি
খ. এখন আমারে লহো করুণা করে
গ. গগনে গরজে মেঘ ঘন বরষা
ঘ. যাহা ছিল নিয়ে গেল সোনার তরী উ: ঘ

উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:
আমায় নহে গো ভালোবাসো শুধু
ভালোবাসো মোর গান, বনের পাখিরে কে চিনে রাখে গান হলে অবসান।
চাঁদেরে কে চায় জোছনা সবাই যাচে
গীত শেষে বীণা পড়ে থাকে ধূলি-মাঝে- [রা. বো. '২৫]

১৮. উদ্দীপকে 'জোছনা' প্রতীক দ্বারা 'সোনার তরী' কবিতার কোনটি নির্দেশ করা হয়েছে?
ক. কৃষক খ. মাঝি
গ. সোনার তরী ঘ. সোনার ধান উ: ঘ

১৯. "গীত শেষে বীণা পড়ে থাকে ধূলি-মাঝে"- এর সাথে নিচের কোনটি সাদৃশ্যপূর্ণ?
ক. শূন্য নদীর তীরে রহিনু পড়ি
খ. এ পারেতে ছোটো খেত আমি একেলা
গ. ঠাঁই নাই, ঠাঁই নাই- ছোটো সে তরী
ঘ. যাহা ছিল নিয়ে গেল সোনার তরী উ: ক

উদ্দীপকটি পড়ে ২০ ও ২১ নম্বর প্রশ্নের উত্তর দাও: [চ. বো. ২৫]
মাহতাব সাহেব জীবদ্দশায় তাঁর সারা জীবনের উপার্জন দিয়ে নিজ এলাকায় স্কুল-কলেজ-দাতব্য চিকিৎসালয়সহ নানা সেবামূলক প্রতিষ্ঠান গড়ে তোলেন। অনেক বছর পূর্বে তাঁর মৃত্যু হলেও এখনও তাঁর গড়া প্রতিষ্ঠানগুলো মানবকল্যাণে অনন্য ভূমিকা রেখে যাচ্ছে।

২০. উদ্দীপকের মাহতাব সাহেবের কীর্তি 'সোনার তরী' কবিতায় কীসের সঙ্গে তুলনীয়?
ক. কৃষক খ. সোনার তরী
গ. ধানক্ষেত ঘ. সোনার ধান উ: ঘ

২১. উদ্দীপক ও 'সোনার তরী' কবিতায় কোন ভাব ফুটে উঠেছে?
i. কালের গ্রাসে জীবন-যৌবন বিলীন হয়ে যায়
ii. পৃথিবীতে বেঁচে থাকে মানুষের সৃষ্টিকর্ম
iii. মহাকাল মানুষকে আপন করে নেয়
নিচের কোনটি সঠিক?
ক. i খ. ii
গ. iii ঘ. i, ii ও iii উ: গ

উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:

হাসন রাজা তাঁর মরমি গানের জন্য মানুষের হৃদয়ে বেঁচে আছেন আজও। [চ. বো. '২৪]

২২. উদ্দীপকের মরমি গানকে 'সোনার তরী' কবিতার কোনটির সঙ্গে তুলনা করা যায়?

ক. ভরা নদী খ. নৌকার মাঝি

গ. সোনার তরি ঘ. সোনার ধান উ: ঘ

২৩. উদ্দীপক ও 'সোনার তরী' কবিতার ভাবগত ঐক্যের কারণ কোনটি?

ক. অতৃপ্তির বেদনা খ. কর্মফলের মহিমা

গ. নিষ্ঠুর নিয়তি ঘ. জীবনের মায়া উ: খ

উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:

"গভীর হতে আরো গভীরে
শূন্যতার অতল থেকে আরো অতলে-
নিশ্ছিদ্র অন্ধকার থেকে অন্ধকারাচ্ছন্ন অন্ধকারে-
কেউ নেই কোথাও নেই-।" [দি. বো. '২৪]

২৪. উদ্দীপকের শেষ পঙ্ক্তির সাথে 'সোনার তরী' কবিতার কোন ভাবের মিল আছে?

ক. কবির নিঃসঙ্গতা খ. কৃষকের উৎকণ্ঠা

গ. কবির সংশয় ঘ. কৃষকের মৃত্যুচিন্তা উ: ক

২৫. 'সোনার তরী' কবিতায় উক্ত ভাব প্রকাশ পেয়েছে কোন পঙ্ক্তিতে?

i. কূলে একা বসে আছি, নাহি ভরসা

ii. শূন্য নদীর তীরে রহিনু পড়ি

iii. পরপারে দেখি আঁকা তরুছায়ামসী-মাখা

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ক

নিচের উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নম্বর প্রশ্নের উত্তর দাও:

যা রূপিবে- তাই পাবে, সংসার যে কর্মভূমি! [ঢা. বো. '২২]

২৬. উদ্দীপকের অন্তর্নিহিত তাৎপর্যের সঙ্গে সংগতিপূর্ণ পঙক্তি কোনটি?

ক. একখানি ছোটো খেত, আমি একেলা-

খ. এখন আমারে লহো করুণা করে।

গ. আমারি সোনার ধানে গিয়েছে ভরি।

ঘ. যত চাও তত লও তরণী-'পরে। উ: গ

২৭. উক্ত সংগতির বিপরীতে 'সোনার তরী' কবিতার অন্তর্নিহিত দর্শনটি হলো-

i. পৃথিবীতে ভালো কাজের জন্য ভালো ফল পাওয়া যায়

ii. মহাকাল মানুষের কর্মকে গ্রহণ করে, মানুষকে নয়।

iii. মানুষ নশ্বর, তার কর্ম অবিনশ্বর

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: খ

# বিদ্রোহী
## কাজী নজরুল ইসলাম

### সৃজনশীল রচনামূলক

১. সুকান্ত ভট্টাচার্য একজন তেজস্বী কবি। তিনি ব্রিটিশ ঔপনিবেশিক 'শাসকদের বিরুদ্ধে তাঁর লেখনী ধারণ করেন। তাঁর কবিতায় আছে মানুষের মুক্তির বার্তা এবং স্বকীয়তা ও স্বাধীনতার স্বাদ। তাঁর দ্রোহচেতনা কবিতার মাধ্যমে ছড়িয়ে পড়েছিল সমাজে।

ক. 'অগ্নিবীণা' কাব্য কত সালে প্রকাশিত হয়? [ঢা. বো. '২৫]

খ. কবি নিজেকে 'বিদ্রোহী রণক্লান্ত' বলেছেন কেন? ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে 'বিদ্রোহী' কবিতার কোন বক্তব্যটি ফুটে উঠেছে? বুঝিয়ে লেখ।

ঘ. উদ্দীপক এবং 'বিদ্রোহী' কবিতার আলোকে বিদ্রোহীসত্তার স্বরূপ উন্মোচন কর।

২. কাজী নজরুল ইসলাম তাঁর 'রাজবন্দীর জবানবন্দী' প্রবন্ধে বলেন-"আমি শুধু রাজার বিরুদ্ধে বিদ্রোহ করি নাই, সমাজের, জাতির, দেশের বিরুদ্ধে আমার সত্য-তরবারির তীব্র আক্রমণ সমান বিদ্রোহ ঘোষণা করেছে। তার জন্য ঘরে-বাইরের বিদ্রুপ, অপমান, লাঞ্ছনা, - আঘাত আমার উপর পর্যাপ্ত পরিমাণে বর্ষিত হয়েছে।" [রা. বো. '২৫]

ক. 'বিদ্রোহী' কবিতায় কবি নিজেকে কার 'মরম বেদনা' বলেছেন?

খ. "মম এক হাতে বাঁকা বাঁশের বাঁশরী আর হাতে রণ-তূর্য।"- উক্তিটির তাৎপর্য লেখ।

গ. উদ্দীপকের সঙ্গে 'বিদ্রোহী' কবিতার কোন দিকটি সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর।

ঘ. "উদ্দীপকটি 'বিদ্রোহী' কবিতার মূল সুরকে সর্বাংশে ধারণ করেনি।" - তোমার মতামত দাও।

৩. "চলে যাব- তবু আজ যতক্ষণ দেহে আছে প্রাণ
প্রাণপণে পৃথিবীর সরাব জঞ্জাল,
এ বিশ্বকে এ-শিশুর বাসযোগ্য করে যাব আমি-
নবজাতকের কাছে এ আমার দৃঢ় অঙ্গীকার।" [ঢা. বো. '২৪]

ক. 'বিদ্রোহী' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত হয়েছে?

খ. "আমি সেই দিন হব শান্ত"- বলতে কবি কী বুঝিয়েছেন?

গ. উদ্দীপক ও 'বিদ্রোহী' কবিতার ভাবগত মিল তুলে ধর।

ঘ. "মানবমুক্তির আকাঙ্ক্ষাই 'বিদ্রোহী' কবিতা ও উদ্দীপকের মূল সুর।"- বিশ্লেষণ কর।

৪. তারুণ্য দেখিয়াছি আরবের বেদুঈনদের মাঝে। তারুণ্য দেখিয়াছি মহাসমরের সৈনিকের মুখে, কালাপাহাড়ের অসিতে, কামাল-করিম-মুসোলিনি-সানইয়াৎ-লেলিনের শক্তিতে। যৌবন দেখিয়াছি তাহাদের মাঝে- যাহারা বৈমানিকরূপে অনন্ত আকাশের সীমা খুঁজিতে গিয়া প্রাণ হারায়, আবিষ্কারকরূপে নব পৃথিবীর সন্ধানে গিয়া আর ফিরে না। [ব. বো. '২৪]

ক. নটরাজ কী?

খ. "মম এক হাতে বাঁকা বাঁশের বাঁশরী আর হাতে রণ-তূর্য"- ব্যাখ্যা কর।

গ. "উদ্দীপকের আলোকে 'বিদ্রোহী' কবিতার সাদৃশ্য বর্ণনা কর।

ঘ. "উদ্দীপকের চেতনা এবং 'বিদ্রোহী' কবিতার মর্মকথা প্রায় একই।"- বিশ্লেষণ কর।

৫. "বাংলার সাহসী যুবক! পারবে এমনি করে তোমাদের সবুজ, কাঁচা, তরুণ জীবনগুলো জীবন্ত আগুনে আহুতি দিতে দেশের এতটুকু সুনামের জন্য? তবে, এস! 'এস নবীন, এস! এস কাঁচা, এস!' তোমরাই তো আমাদের দেশের ভবিষ্যৎ আশা, ভরসা, সব! বৃদ্ধদের মানা শুনো না। তারা দাঁড়িয়ে সুনাম কিনবার জন্য ওজস্বিনী ভাষায় বক্তৃতা দিয়ে তোমাদের উদ্বুদ্ধ করেন। আবার কোনো মুগ্ধ যুবক নিজকে ঐ রকম বলিদান দিতে আসলে আড়ালে গিয়ে হাসেন এবং পরোক্ষ অভিসম্পাৎ করেন। মনে করেন- 'এই মাথা-গরম ছোকরাগুলো কী নির্বোধ!' ভেঙ্গে ফেল, ভেঙ্গে ফেল ভাই, এদের এ সঙ্কীর্ণ স্বার্থ-বন্ধন।" [চট্টগ্রাম কলেজ]

ক. বিদ্রোহী' কবিতাটি কত সালে প্রকাশিত হয়?

খ. "আমি আপনারে ছাড়া করি না কাহারে কুর্নিশ।"- ব্যাখ্যা কর।

গ. অনুচ্ছেদের কোন দিকটি 'বিদ্রোহী' কবিতার সাথে সাদৃশ্যপূর্ণ? বুঝিয়ে লেখ।

ঘ. "অন্যায়ের বিরুদ্ধে জেগে ওঠার চিন্তায় অনুচ্ছেদ ও 'বিদ্রোহী' কবিতার মূলভাব একসূত্রে গাঁথা"- মন্তব্যটির যথার্থতা প্রমাণ কর।

৬. আমি যুগে যুগে আসি, আসিয়াছি পুনঃমহাবিপ্লব হেতু
এই স্রষ্টার শনি মহাকাল ধূমকেতু।
সাত সাতশ নরকজ্বালা জ্বলে মম ললাটে।
মম ধূম কুণ্ডলী করেছে শিবের ত্রিনয়ন ঘন ঘোলাটে।
আমি স্রষ্টার বুকে সৃষ্টি পাপের অনুতাপ-তাপ, হাহাকার
আর মর্ত্যে সাহারা-গোবি ছাপ
আমি অশিব তিক্ত অভিশাপ। [কু. বো. '২৩]

ক. অর্ফিয়াসের ভালোবাসার পাত্রীর নাম কী ছিল?

খ. কবি অনিয়ম-উচ্ছৃঙ্খল' কেন?

গ. উদ্দীপকের সঙ্গে 'বিদ্রোহী' কবিতার সাদৃশ্য তুলে ধরো।

ঘ. উদ্দীপকের মতো 'বিদ্রোহী' কবিতায়ও দ্রোহের স্বাক্ষর নিহিত। কথাটির মূল্যায়ন করো।

## জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্নের সাজেশন

### ক নং প্রশ্ন (জ্ঞানমূলক)

১. 'অগ্নিবীণা' কাব্য কত সালে প্রকাশিত হয়? [ঢা. বো. '২৫] [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ]

২. 'নিদাঘ' শব্দের অর্থ কী? [দি. বো. '২৫]

৩. 'বিদ্রোহী' কবিতা কবির কোন কাব্যগ্রন্থের অন্তর্গত? [ম. বো. '২৫; ঢা. বো.; রা. বো. '২৪]

৪. 'কুর্নিশ' কথাটির মানে কী? [য. বো. '২৪]

৫. অর্ফিয়াসের ভালোবাসার পাত্রীর নাম কী ছিল? [কু. বো. '২৩]

৬. 'বিদ্রোহী' কবিতার কবিকে রুষে উঠতে দেখে কী ভয়ে কাঁপতে কাঁপতে নিভে যায়? [সি. বো. '২২]

৭. 'বিদ্রোহী' কবিতায় কবি কার বুকের ক্রন্দন-শ্বাস? [রাজশাহী কলেজ]

### খ নং প্রশ্ন (অনুধাবনমূলক)

১. "মম এক হাতে বাঁকা বাঁশের বাঁশরী আর হাতে রণ- তূর্য।'- ব্যাখ্যা করো। [রা. বো. '২৫; ব. বো. '২৪] [আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ]

২. "আমি সেই দিন হব শান্ত।"- কেন? [য. বো. ২৫; ঢা. বো. '২৪]

৩. কবি নিজেকে 'পরশুরামের কুঠার' বলেছেন কেন? [দি. বো. '২৫]

৪. "আমি ক্ষ্যাপা দুর্বাসা-বিশ্বামিত্র-শিষ্য।"- ব্যাখ্যা কর। [ম. বো. '২৫; রা. বো. '২৪]

৫. কবি নিজেকে বেদুঈন বলেছেন কেন? ব্যাখ্যা কর। [সি. বো. '২২]

৬. "নিঃক্ষত্রিয় করিব বিশ্ব, আনিব শান্তি শান্ত উদার!"- ব্যাখ্যা কর। [নটরডেম কলেজ, ঢাকা]

## সৃজনশীল বহুনির্বাচনি

### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

০১. কাজী নজরুল ইসলাম কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন?
ক. ১৮৬১ খ. ১৮৭৬ [দি. বো. '২৫]
গ. ১৮৯৯ ঘ. ১৯০৭ উ: গ

০২. ১৯৭২ সালে কার উদ্যোগে কাজী নজরুল ইসলামকে সপরিবারে স্বাধীন বাংলাদেশে এনে নাগরিকত্ব ও জাতীয় কবির স্বীকৃতি দেওয়া হয়? [ঢা. বো. '২২]
ক. প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ
খ. সৈয়দ নজরুল ইসলাম
গ. স্বরাষ্ট্রমন্ত্রী এএইচএম কামারুজ্জামান
ঘ. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান উ: ঘ

০৩. 'চক্রবাক' কোন ধরনের সাহিত্যকর্ম? [খাগড়াছড়ি সরকারি মহিলা কলেজ]
ক. প্রহসন খ. নাটক
গ. কাব্য ঘ. উপন্যাস উ: গ

০৪. 'বিদ্রোহী' কবিতা প্রথম প্রকাশিত হয় কোন পত্রিকায়?
ক. বিজলী খ. লাঙল [য. বো. '২৫]
গ. নবযুগ ঘ. ধূমকেতু উ: ক

০৫. কাজী নজরুল ইসলামের প্রথম কাব্যগ্রন্থ কোনটি?
ক. বিষের বাঁশি খ. অগ্নি-বীণা [কু. বো. '২৫]
গ. সাম্যবাদী ঘ. চক্রবাক উ: খ

০৬. "চির উন্নত মম শির"- কথাটি কীসের পরিচায়ক?
ক. হিমালয়ের মতো দৃঢ়তার [দি. বো. '২৫, '২২]
খ. আত্মদম্ভ প্রকাশের
গ. মাথা উঁচু করে থাকার
ঘ. অন্যায়ের কাছে মাথা নত না করার উ: ঘ

০৭. 'শির নেহারি আমারি, নতশির ওই শিখর হিমাদ্রির।'- চরণটিতে মূলত কী প্রকাশ পেয়েছে? [সি. বো. '২৩]
ক. তীব্র আত্মবিশ্বাস খ. চরম দুঃসাহস
গ. প্রবল অহংকার ঘ. বিপুল প্রত্যাশা উ: ক

০৮. 'বিদ্রোহী' বতায় 'ইস্রাফিলের শিঙ্গার মহা হুঙ্কার' দ্বারা কোনটিকে ইঙ্গিত করে? [রাজশাহী ক্যাডেট কলেজ]
ক. তীব্র আর্তনাদ খ. ধ্বল দামামা
গ. নতুনের আগমন ঘ. সৃষ্টির উন্মাদনা উ: খ

০৯. কবি নিজেকে কার ডমরু ত্রিশূল বলেছেন? [সরকারি বিজ্ঞান কলেজ]
ক. পিণাক-পাণির খ. ধর্মরাজের
গ. ইস্রাফিলের ঘ. অর্ফিয়াসের উ: ক

১০. 'বিদ্রোহী' কবিতায় কবি এ বিশ্বকে কীভাবে নিঃক্ষত্রিয় করতে চেয়েছেন? [সেন্ট যোসেফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা]
ক. পরশুরামের কুঠার হয়ে
খ. ইস্রাফিলের শিঙ্গা হয়ে
গ. শ্যামের হাতে বাঁশি হয়ে
ঘ. মহাপ্রলয়ের নটরাজ হয়ে উ: ক

১১. 'চির-উন্নত শির।'- এ চরণে ফুটে ওঠা কবির মনোভাব হলো-
i. আত্মজাগরণ
ii. আত্মমর্যাদার অহংকার
iii. আদর্শবোধে অটল স্থিতি
নিচের কোনটি সঠিক? [বিসিআইসি কলেজ, ঢাকা]
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ঘ

১২. 'শিখর হিমাদ্রির' সবচেয়ে সহজ অর্থ কোনটি? [ঢা, বো. '২৪]
ক. হিমালয়ের শিখা খ. হিমালয়ের পাদদেশ
গ. হিমালয়ের শীর্ষচূড়া ঘ. হিমালয়ের বিস্তার উ: গ

১৩. "আমি দলে যাই যত বন্ধন, যত নিয়ম কানুন শৃঙ্খল"- এই পঙ্ক্তির মাধ্যমে বোঝানো হয়েছে- [চ. বো. '২২]
ক. কবির কোনো পরোয়া নেই
খ. কবি নির্ভার
গ. কবি নির্ধান্দ্বিক ঘ. কবি মুক্ত উ: ক

১৪. 'বিদ্রোহী' কবিতায় কবি নিজেকে কার সুত হিসেবে পরিচয় দিয়েছেন? [দি. বো. '২৩]
ক. দুর্বাসা খ. ইন্দ্রাণী
গ. বিশ্বামিত্র ঘ. পরশুরাম উ: খ

১৫. কবির হাতে কেমন বাঁশির কথা বলা হয়েছে?
ক. তীক্ষ্ণ বাঁশের বাঁশি খ. সরল বাঁশের বাঁশি
গ. মন্থর বাঁশের বাঁশি ঘ. বাঁকা বাঁশের বাঁশি উ: ঘ

১৬. "মম এক হাতে বাঁকা বাঁশের বাঁশরী আর হাতে রণ-তূর্য।" চরণটিতে প্রকাশ পেয়েছে- [য. বো. ২৩; চ. বো. ২৩; সি. বো. ২২]
ক. প্রেম ও যুদ্ধ খ. দ্রোহ ও বিরহ
গ. প্রেম ও দ্রোহ ঘ. সঙ্গীত দ্রোহ উ: গ

১৭. 'বিদ্রোহী' কবিতায় ব্যবহৃত ঐতিহাসিক চরিত্র কোনটি?
ক. অর্ফিয়াস খ. ইস্রাফিল [ম. বো. '২৪]
গ. নটরাজ ঘ. চেঙ্গিস উ: ঘ

১৮. আমি বেদুঈন, আমি চেঙ্গিস,
আমি আপনারে ছাড়া করি না কাহারে কুর্নিশ-
এ চরণদ্বয়ে কবির কোন মনোভাব প্রকাশ পেয়েছে? [রা. বো. ২৫]
ক. একাকিত্ব খ. অসহায়ত্ব
গ. সংগ্রাম তৎপরতা ঘ. অহংকার উ: ঘ

১৯. 'বিদ্রোহী' কবিতায় কবি কাকে কুর্নিশ করেন? [দি. বো. '২২]
ক. নিজেকে খ. ঈশ্বরকে
গ. মাতৃভূমিকে ঘ. মাতা-পিতাকে উ: ক

২০. 'বিদ্রোহী' কবিতায় কবি নিজেকে কার 'বাঁশরী' হিসেবে উপস্থাপন করেছেন? [সি. বো. '২৫]
ক. পথিক-কবির খ. অর্ফিয়াসের
গ. ইস্রাফিলের ঘ. ইন্দ্রাণী-সুতের উ: খ

২১. 'বিদ্রোহী' কবিতায় 'প্রণব-নাদ' বলতে কবি কী বুঝিয়েছেন? [রা. বো. '২৪; ম. বো. '২৪]
ক. সকরুণ বিলাপ খ. বিকট আওয়াজ
গ. প্রতিধ্বনি ঘ. ওঙ্কার ধ্বনি উ: ঘ

২২. 'বিদ্রোহী' কবিতায় কবি নিজেকে কার শিষ্য বলে পরিচয় দিয়েছেন? [ব. বো. '২৩]
ক. বিশ্বামিত্র খ. ইন্দ্রাণী

গ. দুর্বাশা ঘ. প্রভঞ্জল উ: ক

২৩. 'বিদ্রোহী' কবিতায় কবি কার বুকের 'ক্রন্দন-শ্বাস'?
ক. হুতাশীর খ. উৎপীড়িতের [য. বো. ২৪]
গ. অবমানিতের ঘ. বিধরার উ: ঘ

২৪. তিথি অত্যন্ত রাগী প্রকৃতির মেয়ে। ক্রোধান্বিত হলে হিতাহিত জ্ঞান থাকে না। তিথির সাথে 'বিদ্রোহী' কবিতায় কার মিল রয়েছে? [য. বো. '২২]
ক. চেঙ্গিস খানের খ. ক্ষ্যাপা দুর্বাসার
গ. পিণাক-পাণির ঘ. নটরাজের উ: খ

২৫. কবি নজরুল দাবানল হয়ে কী দাহন করবেন? [সি. বো. ২৩]
ক. শ্মশান খ. লোকালয়
গ. বিশ্ব ঘ. হিমাদ্রি উ: গ

২৬. কবি কার কুঠার দিয়ে বিশ্বকে নিঃক্ষত্রিয় করবেন?
ক. ইস্রাফিল খ. অর্ফিয়াস [ম. বো. ২২]
গ. পরশুরাম ঘ. দুর্বাসার উ: গ

২৭. 'বিদ্রোহী' কবিতায় কবি বিশ্বকে নিঃক্ষত্রিয় করতে চান কেন?
ক. ক্ষাত্রশক্তিকে বিনষ্ট করতে [য. বো. '২২]
খ. বিদ্রোহের অবসান ঘটাতে
গ. পৃথিবীতে শান্তি প্রতিষ্ঠার জন্য
ঘ. শত্রুতা নিরসনের জন্য উ: গ

২৮. 'বিদ্রোহী' কবিতায় কবি নিজেকে কার দন্ড বলে অভিহিত করেছেন? [চ. বো. '২৪]
ক. পরশুরাম খ. ইস্রাফিল
গ. ধর্মরাজ ঘ. পিণাক-পাণি উ: ক

২৯. "আমি শ্যামের হাতের বাঁশরী।"- 'বিদ্রোহী' কবিতার এই পঙ্ক্তিতে কবির কোন সত্তা প্রকাশ পেয়েছে? [কু. বো. '২৪]
ক. প্রেমিক খ. বিদ্রোহী
গ. কঠোর ঘ. কোমল উ: ক

৩০. 'বিদ্রোহী' কবিতার মূল চেতনা প্রকাশিত হয়েছে কোন পঙ্ক্তিতে? [চ. বো. '২৪]
ক. সংসারে গড়িব এক নতুন সমাজ
খ. মোরা একটি ফুলকে বাঁচাব বলে যুদ্ধ করি
গ. আমার সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি
ঘ. সকল দেশের রানি সে যে আমার জন্মভূমি উ: ক

৩১. 'বিদ্রোহী' কবিতায় 'নটরাজ' বলতে কাকে বোঝানো হয়েছে?
ক. মহাদেব খ. বিষ্ণু [কু. বো. '২৪]
গ. পরশুরাম ঘ. বলরাম উ: ক

৩২. 'সুত' শব্দের অর্থ কী? [কু. বো. '২৩]
ক. সুতা খ. পুত্র
গ. স্রোত ঘ. তন্তু উ: খ

৩৩. 'মহা-প্রলয়ের' সাথে সম্পর্ক আছে- [ঢা. বো, '২৫]
i. ইস্রাফিলের সিঙ্গার
ii. নৃশংসতার iii. নটরাজের
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: গ

৩৪. কাজী নজরুল ইসলামের 'অগ্নিবীণা' কাব্যগ্রন্থটি কোন সালে প্রকাশিত হয়? [ঢা. বো. '২৫; ম. বো. '২৫]
ক. ১৯২০ খ. ১৯২২
গ. ১৯২৪ ঘ. ১৯২৬ উ: খ

৩৫. 'বিদ্রোহী' কবিতাটি কবির কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত? [ঢা. বো. '২৪, '২৩; চ. বো. '২৫]
ক. সাম্যবাদী খ. বিষের বাঁশি
গ. দোলনচাঁপা/সর্বহারা ঘ. অগ্নিবীণা উ: ঘ

৩৬. "মুষ্টিবদ্ধ উদ্ধত বাহু আর ঝলসানো দৃষ্টিতে বিপ্লব অনিবার্য”- উক্ত বাক্যের বিষয়বস্তু তোমার পঠিত কোন কবিতার সঙ্গে সংগতিপূর্ণ? [ঢা. বো. '২৩]
ক. বিদ্রোহী খ. সুচেতনা
গ. প্রতিদান ঘ. আঠারো বছর বয়স উ: ক

৩৭. 'বিদ্রোহী' কবিতায় কবির অশান্ত হয়ে ওঠার কারণ কী?
ক. নিপীড়িত মানবতার জন্য [য. বো. '২৪]
খ. হারানো ঐতিহ্য ফিরে পেতে
গ. স্বাধীনতার জন্য
ঘ. একাকিত্ব ও হতাশা থেকে উ: ক

উদ্দীপকটি পড়ে ৩৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:
মহাজনের কাছ থেকে টাকা নিয়ে লতিফ একটি চায়ের দোকান দিয়েছে। সাপ্তাহিক সুদ দিতে দিতেই সে হয়রান। ব্যবসা তার লাটে ওঠার অবস্থা। গ্রামে লতিফের মতো অনেকেই মহাজনের অত্যাচারে জর্জরিত। একদিন লতিফের নেতৃত্বে সবাই মহাজনের বিরুদ্ধে ফুঁসে ওঠে। [ম. বো. '২৪]

৩৮. উদ্দীপকে 'বিদ্রোহী' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে?
ক. প্রতিশোধপরায়ণতা খ. উচ্চশ্রেণির অত্যাচার
গ. বিদ্রোহী চেতনা ঘ. অসাম্প্রদায়িকতা উ: গ

৩৯. "জাগ রে কৃষাণ, সব তো গেছে, কিসের আর ভয়"- উদ্দীপকটিতে 'বিদ্রোহী' কবিতার যে ভাব ফুটে উঠেছে-
ক. বিদ্রোহ খ. সংগ্রাম [ব. বো. '২২]
গ. প্রতিবাদ ঘ. প্রতিরোধ উ: ক

৪০. নিচের কোনটিতে প্রেমের প্রসঙ্গ আছে? [রা. বো. '২৫]
i. মম বাঁশরীর তানে পাশরি
ii. আমি শ্যামলিমা ছায়া-ছবি
iii. আমি অর্ফিয়াসের বাঁশরী

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: গ

উদ্দীপকটি পড়ে ৪১ ও ৪২ নম্বর প্রশ্নের উত্তর দাও:

"লাথি মার্, ভাঙরে তালা!
যত সব বন্দি-শালায়-
আগুন জ্বালা,
আগুন জ্বালা, ফেল উপাড়ি!" [কু. বো. '২৫]

৪১. উদ্দীপকের সঙ্গে 'বিদ্রোহী' কবিতার কোন চরণের সাদৃশ্য আছে?

ক. বল বীর- বল উন্নত মম শির

খ. আমি মহাভয়, আমি অভিশাপ পৃথ্বীর

গ. আমি দুর্বার, আমি ভেঙে করি সব চুরমার।

ঘ. আমি বিদ্রোহ-বাহী নিখিল অখিল ব্যাপিয়া। উ: গ

৪২. উদ্দীপক ও 'বিদ্রোহী' কবিতায় কোন ভাবের প্রকাশ ঘটেছে?

ক. মানুষের শক্তি ও সাহসের ঘোষণা

খ. মজলুমের মনোবেদনার প্রকাশ

গ. রাজশক্তিকে সতর্ক হওয়ার বার্তা

ঘ. অন্যায় ও অত্যাচারের বিরুদ্ধে বিদ্রোহ উ: ঘ

# সুচেতনা
## জীবনানন্দ দাশ

### সৃজনশীল রচনামূলক

১. "অদ্ভুত আঁধার এক এসেছে এ-পৃথিবীতে আজ,
যারা অন্ধ সবচেয়ে বেশি আজ চোখে দ্যাখে তারা;
যাদের হৃদয়ে কোনো প্রেম নেই প্রীতি নেই করুণার আলোড়ন নেই
পৃথিবী অচল আজ তাদের সুপরামর্শ ছাড়া।
যাদের গভীর আস্থা আছে আজো মানুষের প্রতি
এখনো যাদের কাছে স্বাভাবিক বলে মনে হয়
মহৎ সত্য বা রীতি, কিংবা শিল্প অথবা সাধনা
শকুন ও শেয়ালের খাদ্য আজ তাদের হৃদয়।"

ক. 'সুচেতনা' কবিতাটি জীবনানন্দ দাশের কোন কাব্যগ্রন্থ থেকে চয়ন করা হয়েছে?

খ. 'পৃথিবীর গভীর গভীরতর অসুখ এখন'- উক্তিটি ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকটিতে 'সুচেতনা' কবিতাটির কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর।

ঘ. "উদ্দীপকটিতে 'সুচেতনা' কবিতার সমগ্র দিক উন্মোচিত হয়নি।"- উক্তিটির যৌক্তিকতা বিচার কর।

২. ঐ সৌরমন্ডলের
ঐ পৃথিবীর এক কীর্তনখোলা নদীর পাড়ে
যে শিশুর জন্ম
দিগন্তবিস্তৃত মাঠে ছুটে বেড়ানোর অদম্য স্বপ্ন
যে কিশোরের
জ্যোৎস্না থাকে প্লাবিত করে
বনভূমি যাকে দুর্বিনীত করে
নদীর জোয়ার যাকে ডাকে নশার ডাকের মত।
অথচ যার ঘাড়ে চাপিয়ে দেওয়া হয়েছে
ঔপনিবেশিক জোয়াল।

ক. জীবনানন্দ দাশের কাব্যবৈশিষ্ট্যকে রবীন্দ্রনাথ ঠাকুর কী বলে আখ্যায়িত করেছেন?

খ. এখন পৃথিবীর গভীর গভীরতর অসুখ কেন?

গ. উদ্দীপকের সঙ্গে 'সুচেতনা' কবিতার কোন দিকটি সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর।

ঘ. "সাদৃশ্য থাকলেও উদ্দীপক ও 'সুচেতনা' কবিতার সামগ্রিক ভাব এক নয়।"- আলোচনা কর।

৩. পুরাণপুরুষ, গণমানুষ, নারীপুরুষ, মানবতা, অসংখ্য বিপ্লব
অর্থবিহীন হয়ে গেলে- তবু আরেক নবীনতর ভোরে
সার্থকতা পাওয়া যাবে ভেবে মানুষ সঞ্চারিত হয়ে
পথে পথে সবের শুভ নিকেতনের সমাজ বানিয়ে
তবুও কেবল দ্বীপ বানাল যে যার নিজের অবক্ষয়ের জলে।
প্রাচীন কথা নতুন ক'রে এই পৃথিবীর অনন্ত বোনভায়ে
ভাবছে একা একা ব'সে
যুদ্ধ রক্ত রিরংসা ভয় কলরোলের ফাঁকে:
আমাদের এই আকাশ সাগর আঁধার আলোয় আজ
যে দোর কঠিন; নেই মনে হয়, - সে দ্বার খুলে দিয়ে
যেতে হবে আবার আলো অসার আলোর ব্যসন ছাড়িয়ে।

ক. মাটি-পৃথিবীর টানে কবি কোথায় এসেছেন?

খ. 'দেখেছি আমারি হাতে হয়তো নিহত ভাই বোন বন্ধু পরিজন পড়ে আছে' পঙক্তি দুটি ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকটি 'সুচেতনা' কবিতার কোন ভাবকে প্রতীকায়িত করেছে? ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপক এবং 'সুচেতনা' কবিতা উভয় স্থানেই কবি সম্ভাবনাময় মানবিক এক পৃথিবী কামনা করেছেন- মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর।

### জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্নের সাজেশন

#### ক নং প্রশ্ন (জ্ঞানমূলক)

১. কবি জীবনানন্দ দাশের প্রবন্ধ গ্রন্থের নাম কী?

২. জীবনানন্দ দাশের কাব্যবৈশিষ্ট্যকে রবীন্দ্রনাথ ঠাকুর কী বলে আখ্যায়িত করেছেন?

৩. 'সুচেতনা' কবিতাটি জীবনানন্দ দাশের কোন কাব্যগ্রন্থ থেকে চয়ন করা হয়েছে?

৪. কোথায় নির্জনতা আছে?

## খ নং প্রশ্ন (অনুধাবনমূলক)

১. 'সুচেতনা' কবিতায় কবি তাঁর কোন বিশ্বাসকে শিল্পিত করেছেন? ব্যাখ্যা কর।

২. "এই পৃথিবীর রণ রক্ত সফলতা
সত্য; তবু শেষ সত্য নয়।"- ব্যাখ্যা কর।

৩. 'শাশ্বত রাত্রির বুকে সকলি অনন্ত সূর্যোদয়'- ব্যাখ্যা কর।

৪. 'দেখেছি আমারি হাতে হয়তো নিহত
ভাই বোন বন্ধু পরিজন পড়ে আছে' পঙক্তি দুটি ব্যাখ্যা কর।

## সৃজনশীল বহুনির্বাচনি

### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

০১. জীবনানন্দ দাশের জন্মতারিখ কোনটি?
ক. ১৭ই জানুয়ারি, ১৮৯৯
খ. ১৭ই ফেব্রুয়ারি, ১৮৯৯
গ. ২৭ শে জানুয়ারি, ১৮৮৯
ঘ. ২৭ শে ফেব্রুয়ারি, ১৮৮৯ উ: খ

০২. কবি কুসুমকুমারী দাশ ও কবি জীবনানন্দ দাশের সম্পর্ক কী?
ক. ভাই-বোন খ. মা-ছেলে
গ. দাদি-নাতি ঘ. খালা-ভাগিনা উ: খ

০৩. জীবনানন্দ দাশ ছিলেন-
ক. ইংরেজি সাহিত্যের অধ্যাপক
খ. বাংলা সাহিত্যের অধ্যাপক
গ. ভাষা বিজ্ঞানের অধ্যাপক
ঘ. আইন বিভাগের অধ্যাপক উ: ক

০৪. জীবনানন্দ দাশের কবিতাকে 'চিত্ররূপময়' বলে আখ্যা দিয়েছেন কে?[সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম]
ক. আব্দুল মান্নান সৈয়দ খ. সঞ্জয় ভট্টাচার্য
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. বুদ্ধদেব বসু উ: গ

০৫. বুদ্ধদেব বসু কবি জীবনানন্দ দাশকে কী বলে আখ্যায়িত করেছেন?
ক. ধূসরতার কবি খ. চিত্ররূপময় কবি
গ. রূপসী বাংলার কবি ঘ. নির্জনতার কবি উ: ঘ

০৬. জীবনানন্দ দাশের কবিতা অসাধারণত্ব লাভ করেছে-
i. উপমা, চিত্রকল্পের কারণে
ii. প্রতীক সৃজন ও আলো-আঁধারের ব্যবহারের কারণে
iii. রঙের ও অনুভবের বিচিত্র মাত্রার ব্যবহারে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ঘ

০৭. কবি বাঙালি জাতিসত্তা বিকাশের আন্দোলন ও ১৯৭১-এর মুক্তিযুদ্ধে অনুপ্রেরণাদায়ী কোন ধরনের কবিতার জন্য স্মরণীয়?
ক. রোমান্টিক কবিতা
খ. শহরকেন্দ্রিক কবিতা
গ. নিসর্গবিষয়ক কবিতা
ঘ. ইতিহাস-ঐতিহ্যনির্ভর কবিতা উ: গ

০৮. 'কবিতার কথা' জীবনানন্দ দাশের কোন ধরনের রচনা?
[রাজশাহী সরকারি সিটি কলেজ]
ক. কাব্য খ. প্রবন্ধ
গ. গল্প ঘ. উপন্যাস উ: খ

০৯. কবি জীবনানন্দ দাশ রচিত উপন্যাস কোনটি?
[আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]
ক. সুতীর্থ খ. কবিতার কৃথা
গ. ঝরা পালক ঘ. বনলতা সেন উ: ক

১০. "অস্তিত্বের সংগ্রামই শেষ কথা নয়- সর্বোপরি মানবিকতার প্রয়োজন আছে"- এমন ভাব প্রকাশ পেয়েছে কবিতার কোন চরণে?
ক. সুচেতনা, তুমি এক দূরতর দ্বীপ
খ. বিকেলের নক্ষত্রের কাছে
গ. তবু শেষ সত্য নয়
ঘ. এ-পথেই পৃথিবীর ক্রমমুক্তি হবে উ: গ

১১. 'সুচেতনা' কবিতার কোন উপমায় বিক্ষুব্ধ কবিসত্তার পরিচয় পাওয়া যায়?
ক. দূরতর দ্বীপ খ. রণরক্ত সফলতা
গ. ক্রমমুক্তি ঘ. রূঢ় রৌদ্র উ: ঘ

১২. অধরা দ্বিতীয় বিশ্বযুদ্ধের কারণ ও ক্রমমুক্তি পরিপতি পড়ার পর তার ধ্বংসাত্মক রূপ কল্পনা করে শিহরিত হয়- ঘটনাটি 'সুচেতনা' কবিতার কোন চরণকে সমর্থন করে?
ক. বিকেলের নক্ষত্রের কাছে
খ. মানুষ তবুও ঋণী পৃথিবীরই কাছে
গ. আজকে অনেক রূঢ় রৌদ্রের ঘুরে প্রাণ
ঘ. ভালোবাসা দিতে গিয়ে তবু উ: গ

১৩. "পৃথিবী আমাদের মায়ের মতো লালন করেছে"- এই ভাবটি নিচের কোন চরণকে নির্দেশ করে?
ক. সুচেতনা, তুমি এক দূরতর দ্বীপ
খ. তবু শেষ সত্য নয়
গ. এ বাতাস কী পরম সূর্যকরোজ্জ্বল
ঘ. মানুষ তবুও ঋণী পৃথিবীরই কাছে উ: ঘ

১৪. "এই পথে আলো জ্বেলে"- কোন পথের কথা বলা হয়েছে?
ক. শুভ চেতনার পথ খ. দারুচিনি-বনানীর পথ
গ. অন্ধকার পথ ঘ. আলোকিত পথ উ: ক

১৫. অনেক শতাব্দীর মনীষীর কাজ কোনটি?

ক. পৃথিবীকে মুক্ত করা
খ. জীবনযাত্রার উন্নয়ন করা
গ. প্রেমময় সমাজ গঠন করা
ঘ. শিক্ষার উন্নয়ন করা উ: ক

১৬. 'ক্লান্ত-ক্লান্তিহীন' কথাটির মধ্যে কবির কোন চেতনার প্রকাশ ঘটেছে?
ক. সমন্বিত খ. নেতিবাচক
গ. ইতিবাচক ঘ. দুমুখী উ: গ

১৭. শাশ্বত রাত্রির বুকে অনন্ত সূর্যোদয়- পঙিক্তিতে কী প্রকাশ পেয়েছে?
ক. কবির আশাবাদী মনোভাব
খ. কবির স্বপ্ন গ. মানবিক চেতনা
ঘ. ভাবনা-কল্পনা উ: ক

১৮. 'সুচেতনা' কবিতায় অনন্ত সূর্যোদয় কী করবে
ক. চিরদিনের অন্ধকার দূর করবে
খ. আলোর অভাব পূরণ করবে
গ. সকলকে জাগাবে
ঘ. সবকিছু দৃষ্টিগোচর করবে উ: ক

১৯. সুচেতনা একটি- [খুলনা সরকারি মহিলা কলেজ]
i. বিকেলের নক্ষত্র
ii. দূরতর দ্বীপ iii. গভীর অনুভব
নিচের কোনটি সঠিক?
ক. i খ. ii
গ. iii ঘ. i, ii ও iii উ. ঘ

২০. জীবনানন্দ দাশের কবিচেতনায় 'সুচেতনা' হলো-
i. এক চেতনানিহিত আরাধ্য নারী-সত্তা
ii. এক শুভচেতনা
iii. জীবন্মুক্তির এক চেতনা যা পৃথিবীর মানুষকে জীবস্ময় করে রাখে
নিচের কোনটি সঠিক? [ঢা. বো. '২২]
ক. i ও ii খ. ii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: গ

২১. 'সুচেতনা' কবিতায় রূঢ় রৌদ্রে কবিপ্রাণ ঘুরছে কেন?
[শহিদ বীর-উত্তম লে. আনোয়ার গার্লস কলেজ, ঢাকা]
ক. মানুষকে মানুষের মতো ভালোবাসতে
মানুষকে শ্রেণিসচেতন করে তুলতে
গ. জীবিকা সংগ্রহরে তাগিদে
ঘ. সংগ্রামী চেতনায় উজ্জীবিত হয়ে উ: ক

২২. 'সুচেতনা' কবিতায় কার গভীরতর অসুখের কথা বলা হয়েছে?
[হাজেরা-তজু ডিগ্রি কলেজ, চুয়াডাঙ্গা]
ক. পৃথিবীর খ. রাষ্ট্রের
গ. সমাজের ঘ. মানুষের উ: ক

২৩. "সুচেতনা, তুমি এক দূরতর দ্বীপ” - এখানে 'সুচেতনা' সম্পর্কে কী বলা হয়েছে?
i. সুচেতনা সর্বত্র বিরাজ করে না
ii. সুচেতনা জনে জনে খুঁজে পাওয়া যায় না
iii. সুচেতনা পৃথিবীর সর্বত্রই কম-বেশি আছে
নিচের কোনটি সঠিক? [ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ]
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ক

উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫ নম্বর প্রশ্নের উত্তর দাও।
আজ যে শিশু পৃথিবীর আলোয় এসেছে আমরা তার তরে একটি সাজানো বাগান চাই। [কুষ্টিয়া সরকারি মহিলা কলেজ]

২৪. উদ্দীপকে উল্লিখিত সাজানো বাগান 'সুচেতনা' কবিতায় কোন প্রসঙ্গের প্রতিনিধি?
ক. সুচেতনা খ. ভালো মানবসমাজ
গ. দারুচিনি-বন ঘ. দূরতর দ্বীপ উ: ক

২৫. উদ্দীপক ও 'সুচেতনা' কবিতার মাঝে মিল-
i. সুন্দর পৃথিবী গড়ার প্রত্যয়ে
ii. মানবজন্মকে আপাতভাবে অনাকাঙ্ক্ষিত অনুভবে
iii. প্রবল আশাবাদ প্রকাশে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: খ

২৬.'সুচেতনা' কবিতার উৎস কী? [খুলনা সরকারি মহিলা কলেজ]
ক. রূপসী বাংলা খ. মহাপৃথিবী
গ. বনলতা সেন ঘ. কবিতার কথা উ: গ

# প্রতিদান
## জসীমউদদীন

সৃজনশীল রচনামূলক

১. মহানবি হযরত মুহাম্মদ (সা) তায়েফে ইসলাম প্রচার করতে গেলে তায়েফবাসী তাঁর ওপর পাথর নিক্ষেপ করে তাঁকে রক্তাক্ত করে। কিন্তু এত অত্যাচার সহ্য করেও নবিজি তাদের ওপর প্রতিশোধ নেননি বরং বলেছেন- "এদের জ্ঞান দাও প্রভু, এদের ক্ষমা করো।" [ঢা. বো. '২৫]

ক. কবির বুকে যে কবর বেঁধেছে তার বুক তিনি কী দিয়ে ভরিয়ে দেন?
খ. "আপন করিতে কাঁদিয়া বেড়াই যে মোরে করেছে পর।"-ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকের সাথে 'প্রতিদান' কবিতার কোন বক্তব্যটি সাদৃশ্যপূর্ণ? বুঝিয়ে লেখ।
ঘ. "একটি সুখী ও সুন্দর সমাজ গঠনে 'প্রতিদান' কবিতার ভাবার্থ ও উদ্দীপকের ভাবার্থের সমন্বয়সাধন অপরিহার্য।"– আলোচনা কর।

২. "আমিত্ব'কে বলি দিয়া স্বার্থ ত্যাগ কর যদি,
পরের হিতের জন্য ভাব যদি নিরবধি!
নিজ সুখ ভুলে গিয়ে ভাবিলে পরের কথা,
মুছালে পরের অশ্রু- ঘুচালে পরের ব্যথা!
আপনাকে বিলাইয়া দীন-দুঃখীদের মাঝে,
বিদূরিলে পর দুঃখ সকালে বিকালে সাঁঝে।
তবেই পাইবে সুখ আত্মার ভিতরে তুমি,
যা রুপিবে- তাই পাবে, সংসার যে কর্মভূমি!" [কু. বো. '২৫]

ক. 'মালঞ্চ' শব্দের অর্থ কী?
খ. "কাঁটা পেয়ে তারে ফুল করি দান সারাটি জনম-ভর"-'প্রতিদান' কবিতার এই চরণটি ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকের 'আমিত্ব'কে বলি দেওয়া 'প্রতিদান' কবিতার কোন বিশেষ দিকের সঙ্গে সাদৃশ্যপূর্ণ? বর্ণনা কর।
ঘ. "উদ্দীপকটি চেতনাগত দিক থেকে 'প্রতিদান' কবিতার মূলভাবের প্রতিনিধিত্ব করে।"- উক্তিটির যথার্থতা বিচার কর।

৩. মানুষ মানুষের জন্য
জীবন জীবনের জন্য
একটু সহানুভূতি কি
মানুষ পেতে পারে না
ও বন্ধু- [রা. বো. '২৪]

ক. কবি কাকে 'বুকভরা গান' দেন?
খ. "মোর বুকে যেবা কবর বেঁধেছে, আমি তার বুক ভরি"- ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকের সাথে 'প্রতিদান' কবিতার ভাবগত সাদৃশ্য আলোচনা কর।
ঘ. 'মানুষ মানুষের জন্য'- উদ্দীপক এবং 'প্রতিদান' কবিতার আলোকে বিশ্লেষণ কর।

৪. আপনারে লয়ে বিব্রত রহিতে
আসে নাই কেউ অবনী পরে।
সকলের তরে সকলে আমরা,
প্রত্যেকে মোরা পরের তরে। [দি. বো. '২৪]

ক. 'প্রতিদান' কবিতায় কবি 'বিষে-ভরা বানে'র প্রতিদানে কী দেন?
খ. 'প্রতিদান' কবিতায় কবির পথে পথে ঘুরে বেড়ানোর কারণ ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকের সঙ্গে 'প্রতিদান' কবিতার সাদৃশ্য নির্ণয় কর।
ঘ. উদ্দীপকটি 'প্রতিদান' কবিতার মূলভাব কতটুকু ধারণ করে? তোমার মতামত দাও।

৫. সোলেমান মাছ চুরির অপরাধে নিজ গ্রাম শিপপুর থেকে তাড়া খেয়ে কালুপুর গ্রামের লিয়াকত মাস্টারের বাড়িতে আশ্রয় গ্রহণ করে। লিয়াকত মাস্টার মানবদরদি। সোলেমানের চরিত্র শোধরানোর আশায় লিয়াকত মাস্টার নিজ বাড়িতে আশ্রয় দেন। ছয় মাস যেতে না যেতেই গভীর রাতে লিয়াকত মাস্টারের মোটর সাইকেল চুরি করে পালিয়ে যাওয়ার সময় স্থানীয় কয়েকজন যুবক সোলেমানকে ধরে পুলিশের হাতে সোপর্দ করে। এরপরও লিয়াকত মাস্টার থানায় গিয়ে সোলেমানকে ছাড়িয়ে এনে নিজ জায়গায় নিজ খরচে সোলেমানের বসবাসের জন্য একটা ঘর তৈরি করে দেন।

ক. 'নিঠুরিয়া বাণী' কী? [ম. বো. '২৪]
খ. 'কাঁটা পেয়ে তারে ফুল করি দান সারাটি জনম-ভর।'- ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকের সোলেমান 'প্রতিদান' কবিতার যে দিকটিকে উন্মোচন করেছে তা ব্যাখ্যা কর।
ঘ. "উদ্দীপকের লিয়াকত মাস্টারের ভাবাদর্শ 'প্রতিদান' কবিতায় কবির দর্শনকে সমর্থন করেছে।" মন্তব্যটির যৌক্তিকতা বিচার কর।

৬. যে পথে গিয়েছে তারা কালিদাস, দান্তে ও হোমার
আজো রবীন্দ্রনাথ, বেদব্যাস, খৈয়াম, হাফিজ,
সুকান্ত-মিল্টন-শেলী অকাতরে ঢেলে মনসিজ
সেই পথে গেছে সেও। এই শান্তি আমার তোমার।
হে মন, প্রফুল্ল হও। শোনো তার মৃত্যুহীন গান
মানুষ সকল সত্য। এই সত্যে আমি অনির্বাণ। [কু. বো. '২৩]

ক. 'নিরন্তর' শব্দের অর্থ কী?
খ. সে কবির ঘর ভেঙেছে, কবি তার ঘর বাঁধতে চান কেন?
গ. উদ্দীপকের ভাবের সঙ্গে 'প্রতিদান' কবিতার সাদৃশ্য দেখাও।
ঘ. "উদ্দীপকের 'এই শান্তি তোমার আমার' ও 'মানুষ সকল সত্য' অংশই 'প্রতিদান' কবিতার মূল বক্তব্য।" উদ্ধৃতিটুকু কতখানি যথার্থ? বিশ্লেষণ কর।

৭. নদী কভু পান নাহি করে নিজ জল,
তরুগণ নাহি খায় নিজ নিজ ফল।
গাভী কভু নাহি করে নিজ দুগ্ধ পান, কাষ্ঠ,
দগ্ধ হয়ে করে পরে অন্ন দান।
স্বর্ণ করে নিজ রূপে অপরে শোভিত,
বংশী করে নিজ স্বরে অপরে মোহিত।
শস্য জন্মাইয়া নাহি খায় জলধরে,
সাধুর ঐশ্বর্য শুধু পরহিত তরে। [ম. বো. '২২]

ক. 'নকশী কাঁথার মাঠ' কী ধরনের রচনা?
খ. 'কাঁটা পেয়ে তারে ফুল করি দান সারাটি জনম-ভর' - ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকে 'প্রতিদান' কবিতার যে দিকটি প্রকাশিত হয়েছে তা ব্যাখ্যা কর।
ঘ. "উদ্দীপকের সাধুজন 'প্রতিদান' কবিতার কবির কাঙ্ক্ষিত মানুষ"- উক্তিটির সত্যতা যাচাই কর।

## জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্নের সাজেশন

### ক নং প্রশ্ন (জ্ঞানমূলক)

১. কবির বুকে যে কবর বেঁধেছে তার বুক তিনি কী দিয়ে ভরিয়ে দেন? [ঢা. বো. '২৫]
২. 'প্রতিদান' কবিতাটি জসীমউদ্দীনের কোন কাব্যগ্রন্থের অন্তর্গত? [রা. বো.; দি. বো '২৫][ চট্টগ্রাম কলেজ]
৩. 'কবর' কোন ধরনের রচনা? [ব. বো. '২৫]
৪. 'মালঞ্চ' শব্দের অর্থ কী? [কু. বো. '২৫; ম. বো. '২৩]
৫. 'নিঠুরিয়া বাণী' কী? [ম. বো. '২৪]
৬. 'প্রতিদান' কবিতায় কবি 'বিষে-ভরা বানে'র প্রতিদানে কী দেন? [দি. বো. '২৪]

### খ নং প্রশ্ন (অনুধাবনমূলক)

১. কবির বুকে যে কবর বেঁধেছেন কবি তার জন্য কী করেন? [রা. বো. '২৫]
২. "কাঁটা পেয়ে তারে ফুল করি দান সারাটি জনম-ভর"-'প্রতিদান' কবিতার এই চরণটি ব্যাখ্যা কর। [কু. বো.; ব. বো.; দি. বো. '২৫; ম. বো. '২৪, '২২]
৩. 'প্রতিদান' কবিতায় কবির পথে পথে ঘুরে বেড়ানোর কারণ ব্যাখ্যা কর। [দি. বো. '২৪]
৪. "মোর বুকে যেবা কবর বেঁধেছে, আমি তার বুক ভরি"- ব্যাখ্যা কর। [রা. বো. '২৪]
৫. 'প্রতিদান' কবিতায় কবির কণ্ঠে কোন আকাঙ্খা ব্যক্ত হয়েছে? ব্যাখ্যা কর। [য. বো. '২৩]
৬. কবি দীঘল রজনী জেগে থাকেন কেন? [রা. বো. ২৩]

## সৃজনশীল বহুনির্বাচনি

### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

০১. কবি জসীমউদ্দীন কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন? [ব. বো. '২৩; রা. বো. '২২]
ক. ১৯০১ খ্রি. খ. ১৯০৩ খ্রি.
গ. ১৯০৫ খ্রি. ঘ. ১৯০৭ খ্রি. উ: খ

০২. কবির নামের কোন বানানটি শুদ্ধ? [রা. বো. '২৫]
ক. জসীম উদ্দীন খ. জসিম উদ্দিন
গ. জসীমউদ্-দীন ঘ. জসিমুদ্দীন উ: গ

০৩. জসীমউদ্দীন কলেজে অধ্যয়নকালে কোন কবিতা রচনা করে খ্যাতি লাভ করেন?
ক. নতুন কবিতা খ. নক্সী কাঁথার মাঠ
গ. সোজন বাদিয়ার ঘাট ঘ. কবর উ: ঘ

০৪. জসীমউদ্দীনকে কোন বিশ্ববিদ্যালয় ডিলিট ডিগ্রি প্রদান করে?
ক. কলকাতা বিশ্ববিদ্যালয় [চ. বো. '২৩]
খ. দিল্লি বিশ্ববিদ্যালয় গ. ঢাকা বিশ্ববিদ্যালয়
ঘ. রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় উ: ঘ

০৫. কবি জসীমউদ্দীনে সঙ্গে নিচের সম্পর্ক রয়েছে-
i. তাম্বুলখানা গ্রামে জন্মগ্রহণ করেন
ii. পল্লিকবি হিসেবে পরিচিত
iii. প্রচার ও জনসংযোগ বিভাগে চাকরি করতেন
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ঘ

০৬. জসীমউদ্দীনের কবিতায় আমরা দেখতে পাই-
i. বাংলার গ্রামীণ জীবনের আবহ
ii. নাগরিক কোলাহলময় জীবন
iii. সহজ ও সরল প্রাকৃতিক রূপ
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: খ

উদ্দীপকটি পড়ে ০৭ ও ০৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:
গাহি সাম্যের গান-
মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান। [ঢা. বো. '২৪; দি. বো. '২৫]

০৭. উদ্দীপকের ভাব 'প্রতিদান' কবিতার কোন ভাবটিকে ধারণ করে?
ক. প্রতিবাদ খ. হিংসা-বিদ্বেষপূর্ণ মনোভাব
গ. সাম্যবাদ ঘ. জাগরণ চিন্তা উ: ঘ

০৮. উদ্দীপক ও আলোচ্য কবিতায় প্রকাশ পেয়েছে-

i. মানুষের প্রতি ভালোবাসা

ii. মানুষের প্রতি অবহেলা

iii. মানুষের শ্রেষ্ঠত্ব

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: খ

০৯. 'প্রতিদান' কবিতার মূল উপজীব্য হলো- [ম. বো. '২৪]

i. ক্ষমাশীলতা

ii. উদারতা

iii. পরার্থপরতা

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ঘ

১০. "কাঁটা পেয়ে তারে ফুল করি দান সারাটি জনম-ভর"- এ পঙক্তি দ্বারা কী বোঝানো হয়েছে? [য. বো. '২৫]

ক. আত্মগ্লানি খ. কৃতজ্ঞতাবোধ

গ. অভিমান ঘ. পরোপকার উ: ঘ

১১. 'প্রতিদান' কবিতায় কবি অনিষ্টকারীকে কী করেছেন? [য. বো. '২২; ম. বো. '২৫]

ক. দয়া খ. অভিশাপ

গ. শাস্তি ঘ. ক্ষমা উ: ঘ

১২. 'প্রতিদান' কবিতায় কবি কার ঘর বাঁধেন? [ম. বো. '২৩]

ক. যে কবির ঘর ভেঙেছে

খ. যে কবির ঘর বেঁধেছে

গ. যে কবির ঘর নিয়ে গেছে

ঘ. যে কবিকে ঘর দিয়েছে উ: ক

১৩. 'প্রতিদান' কবিতায় কবির বুকে যে আঘাত হেনেছে তার জন্য তিনি কী করেন? [য. বো. '২৫]

ক. কাঁদেন খ. রাত জাগেন

গ. ঘর বাঁধেন ঘ. খুঁজে বেড়ান উ: ক

১৪. "যে গেছে বুকেতে আঘাত হানিয়া তার লাগি আমি কাঁদি।"- এই পঙক্তি দ্বারা বোঝানো হয়েছে- [ব. বো. ২৪]

ক. সহমর্মিতা খ. আত্মসুখ

গ. পরোপকার ঘ. সর্বংসহা মনোভাব উ: গ

উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:

করোনা মহামারির সময় করোনাক্রান্ত বৃদ্ধ মা-বাবাকে ছেড়ে রবিন তার স্ত্রী-সন্তানদের নিয়ে অন্যত্র চলে যায়। প্রতিবেশীদের সহযোগিতায় তার বৃদ্ধ মা-বাবা সুস্থ হন। করোনা শেষে রবিন কাছে এলে তারা রবিনকে বুকে জড়িয়ে কেঁদে ফেলেন। [দি. বো. '২৪]

১৫. উদ্দীপকের বৃদ্ধ মা-বাবার ক্ষমাশীলতার সঙ্গে 'প্রতিদান' কবিতার কোন পঙক্তির মিল আছে?

ক. কত ঠাঁই হতে কত কী যে আনি' সাজাই নিরন্তর

খ. দীঘল রজনী তার তরে জাগি' ঘুম যে হরেছে মোর

গ. রঙিন ফুলের সোহাগ-জড়ান ফুলমালঞ্চ ধরি

ঘ. যে গেছে বুকেতে আঘাত হানিয়া তার লাগি আমি কাঁদি

উ: ঘ

১৬. উপর্যুক্ত মিলের কারণ-

i. ক্ষমাশীলতা ii. নির্ভরশীলতা iii, ভালোবাসা

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: গ

১৭. 'প্রতিদান' কবিতায় কে পথের বিবাগী হয়েছেন? [চ. বো. ২২]

ক. কবি স্বয়ং খ. কবির আপনজন

গ. কবির পিতা ঘ. কবির প্রতিবেশী উ: ক

১৮. যে মোরে দিয়েছে বিষে-ভরা বাণ, আমি দেই তারে বুকভরা গান;- এখানে 'বিষেভরা বাণ' কী অর্থ জ্ঞাপন করেছে?

ক. কটুকথা খ. তীর [ঢা. বো. '২২]

গ. মন্ত্র ঘ. শর উ: ক

১৯. 'প্রতিদান' কবিতায় কবি চেতনা বলতে কী বুঝিয়েছেন?

ক. উদারতা খ. ন্যায্যতা [ম. বো. '২৫]

গ. জীবনমুখিতা ঘ. বৈষম্যহীনতা উ: ক

২০. 'প্রতিদান' কবিতাটি জসীমউদ্দীনের কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত? [রা. বো. ২৪; চ. বো. ২৪; ব. বো. ২৪; ম. বো. ২৫]

ক. নকশী কাঁথার মাঠ খ. ধানক্ষেত

গ. বালুচর ঘ. রঙিলা নায়ের মাঝি উ: গ

২১. 'প্রতিদান' কবিতার মূল উপজীব্য হলো- [ম. বো. '২৩]

i. ক্ষমাশীলতা

ii. উদারতা iii. পরার্থপরতা

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ঘ

২২. সুন্দর ও নিরাপদ পৃথিবীর জন্য কেমন মানুষ দরকার?
ক. বিত্তবান খ. ভালোবাসাপূর্ণ [দি. বো. '২২]
গ. জ্ঞানী ঘ. দক্ষ উ: খ

২৩. 'প্রতিদান' কবিতায় কবি কীভাবে পৃথিবীকে সুন্দর ও বাসযোগ্য করতে চেয়েছেন? [কু. বো. '২৫]
i. অনিষ্টকারীর উপকার করার মাধ্যমে
ii. অনিষ্টকারীকে ক্ষমা করার মাধ্যমে
iii. বিভেদ-হিংসা-হানাহানির মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ক

২৪. 'প্রতিদান' কবিতায় কবি কেন অনিষ্টকারীর উপকার করতে চান?
ক. অনিষ্টকারীকে সুপথে আনার জন্য [সি. বো. '২৫]
খ. পৃথিবীকে সুন্দর বাসযোগ্য করার জন্য
গ. নিজেকে মানবিক হিসেবে উপস্থাপনের জন্য
ঘ. অনিষ্টকারীর বোধ জাগ্রত করার জন্য উ: খ

# তাহারেই পড়ে মনে
## সুফিয়া কামাল

### সৃজনশীল রচনামূলক

১. প্রকৃতিপ্রেমী আরিবা কলেজ ছুটির সময় গ্রামে বেড়াতে এলেই বন্ধুদের সাথে ঘুরতে যায়। গ্রামীণ নিসর্গ-প্রকৃতি নিয়ে সে কবিতাও লেখে। কিন্তু মায়ের হঠাৎ মৃত্যুতে তার সবকিছুই ওলট-পালট হয়ে গেছে। এবার গ্রামে এলে মন ভালো করার জন্য বন্ধুরা তাকে জোর করে নৌকা ভ্রমণে নিয়ে যায়। কিন্তু আজ নদীর তীরের অপরূপ সৌন্দর্যও তার মনে পুলক জাগাতে ব্যর্থ হয়। চিরচেনা প্রকৃতিকেও আজ যেন অচেনা লাগে। [কু. বো. '২৫]
ক. 'পাথার' শব্দের অর্থ কী?
খ. "দক্ষিণ দুয়ার গেছে খুলি?"- চরণটি ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকের আরিবার সাথে 'তাহারেই পড়ে মনে' কবিতার কবির মনোবেদনা কীভাবে সম্পর্কযুক্ত? বর্ণনা কর।
ঘ. "উদ্দীপকটিতে 'তাহারেই পড়ে মনে' কবিতার মূল সুর প্রতিফলিত হয়েছে।"- মন্তব্যটির যথার্থতা বিচার কর।

২. ভ্রমণবিলাসী ও প্রকৃতিপ্রেমিক তামিম সাহেব সুযোগ পেলেই পরিবারের সদস্যদের নিয়ে দেশ-বিদেশের দর্শনীয় স্থানে বেড়াতে যেতেন। বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত মেয়ে মাহজাবীন বাসায় ফেরার পথে সড়ক দুর্ঘটনায় মারা যায়। একমাত্র মেয়ের আকস্মিক মৃত্যুতে পরিবারে নেমে আসে শোকের ছায়া। মেয়েকে হারিয়ে তামিম সাহেব -আজ নির্বাক, নিথর। প্রকৃতির নয়নাভিরাম সৌন্দর্য তার মনকে এখন আর আকর্ষণ করে না। সবকিছুই যেন আজ বিষাদময়।
ক. 'বরিয়া' শব্দের অর্থ কী? [চ. বো. '২৫]
খ. "দক্ষিণ দুয়ার গেছে খুলি?"- কবির এ জিজ্ঞাসার কারণ ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকের তামিম সাহেবের সাথে 'তাহারেই পড়ে মনে' কবিতার কার সাদৃশ্য রয়েছে? বর্ণনা কর।
ঘ. উদ্দীপকটিতে 'তাহারেই পড়ে মনে' কবিতার মূলভাব কতটুকু প্রকাশ পেয়েছে? মূল্যায়ন কর।

৩. প্রায় দুই বছর আগে প্রকৌশলী সালামের সাথে ডাক্তার সোনিয়ার বিয়ে হয়। স্বামীর উৎসাহ-উদ্দীপনায় ডাক্তার সোনিয়া পরম মমতায় রোগীদের চিকিৎসা সেবা দেন। তাতে রোগীরা দ্রুত আরোগ্য লাভকরেন। ফলে অল্প সময়ের মধ্যেই তিনি ভালো চিকিৎসক হিসেবে পরিচিত হয়ে ওঠেন। একদিন কক্সবাজার সমুদ্র সৈকতে বেড়াতে গিয়ে সোনিয়ার স্বামী সড়ক দুর্ঘটনায় মারা যান। এ কারণে সোনিয়া মানসিকভাবে ভেঙে পড়েন। চিকিৎসা সেবা কিংবা ব্যক্তিগত কোনো কাজেই আর তার মন বসে না। বাস্তবতার চিন্তায় সোনিয়ার বাবা-মা তাকে পুনরায় এক ডাক্তারের সাথে বিয়ে দেন। কিন্তু কিছু দিন পর পরই তার স্বামীর স্মৃতি মনে পড়ে। ফলে প্রায়ই তিনি ভারাক্রান্ত মনে বাসার বারান্দায় বসে থাকেন। [ব. বো. '২৫]
ক. সুফিয়া কামাল কোথায় জন্মগ্রহণ করেন?
খ. "উপেক্ষায় ঋতুরাজে কেন কবি দাও তুমি ব্যথা?"- উক্তিটির তাৎপর্য তুলে ধর।
গ. উদ্দীপকের সোনিয়া এবং 'তাহারেই পড়ে মনে' কবিতার ভাব-চেতনার সাদৃশ্য-বৈসাদৃশ্য পর্যালোচনা কর।
ঘ. উদ্দীপকের সোনিয়া এবং 'তাহারেই পড়ে মনে' কবিতার মর্মানুভূতিকে একই বৃত্তে বাঁধা যায় কি-না? বিশ্লেষণ কর।

৪. ঈশিতা বাংলা বিভাগের উচ্ছল প্রাণবন্ত মেয়ে। আড্ডার আসরকে সে মাতিয়ে রাখে। বাংলা বিভাগ প্রতিবারের মতো এবারও বসন্ত উৎসব পালনের উদ্যোগ নিয়েছে। ঈশিতা বরাবরই এই ধরনের আয়োজনে অগ্রণী ভূমিকা পালন করে। উৎসবের দিন রূপময় প্রকৃতির নান্দনিকতা ও উৎসব প্রাঙ্গণের বর্ণিল বিন্যাস একাকার হয়ে অভূতপূর্ব আনন্দের পরিবেশ সৃষ্টি হয়েছে। অথচ এই কোলাহলমুখর আনন্দঘন পরিবেশে প্রাণবন্ত ঈশিতা যেন প্রাণহীন, ছন্দহীন, গম্ভীর ও বিষণ্ন। জানা গেল, তিন বছর আগে হারানো মায়ের স্মৃতিই আজ তার অন্তরকে বেদনাচ্ছন্ন করে রেখেছে। [ঢা. বো. '২৪]

ক. গঠনরীতির দিক থেকে 'তাহারেই পড়ে মনে' কোন ধরনের কবিতা?

খ. "পুষ্পারতি লভেনি কি ঋতুর রাজন?"- কবিতার এই চরণটির অর্থ বুঝিয়ে দাও।

গ. উদ্দীপকের ঈশিতা ও 'তাহারেই পড়ে মনে' কবিতার কবিসত্তার ঐক্য নির্ণয় কর।

ঘ. "উদ্দীপক ও 'তাহারেই পড়ে মনে' কবিতায় একই জীবন-সত্যের পরিচয় উদ্‌ঘাটিত হয়েছে"- বিচার কর।

৫. এ আমার ছোট ছেলে, যে নেই এখন
পাথরের টুকরোর মতন
ডুবে গেছে আমাদের গ্রামের পুকুরে
বছর তিনেক আগে কাক-ডাকা গ্রীষ্মের দুপুরে। [ম. বো. '২৪]

ক. পুষ্পারতি কী?

খ. কবির উদাসীনতা নিয়ে কবিভক্ত প্রশ্ন করেছেন কেন?

গ. উদ্দীপকের ঋতুটি 'তাহারেই পড়ে মনে' কবিতার যে ঋতুকে স্মরণ করিয়ে দেয় তা ব্যাখ্যা কর।

ঘ. "উদ্দীপক ও 'তাহারেই পড়ে মনে' কবিতায় ব্যক্তিজীবনের ঘটনার ছায়াপাত থাকলেও অনুষঙ্গ আলাদা।"- উক্তিটির যথার্থতা বিচার কর।

৬. পুনর্মিলন অনুষ্ঠানের প্রস্তাবনা, পরিকল্পনা, প্রয়োজনা ও কর্মপন্থা নির্ধারণে পাঁচ মাস ধরে নিরলসভাবে কাজ করে আয়োজন প্রায় সম্পন্ন করে রেখেছে রতন। বন্ধুদের মিলনমেলা আয়োজন তার জন্য যেমন কষ্টসাধ্য কাজ ছিল, তেমনি এতে স্বপ্নপূরণের আনন্দও ছিল অফুরান। অনুষ্ঠান নিয়ে কোনো ভাবনা, উত্তেজনা বা উচ্ছ্বাস নেই আজ তার মনে। কারণ অনুষ্ঠানের আগেই তার মা পৃথিবী ছেড়ে চলে গেছেন। মা যেন দূর আকাশে মুখ রেখে বাতাসে ঘুরে বেড়াচ্ছেন। [ঢা. বো. '২৩]

ক. 'ফুটেছে কী আমের মুকুল'? উক্তিটি কার?

খ. "যদিও এসেছে তবু তুমি তারে করিলে বৃথাই" - কীভাবে?

গ. উদ্দীপকের রতনের সাথে 'তাহারেই পড়ে মনে' কবিতার কবির মিল কোথায়? যুক্তি দাও।

ঘ. "প্রিয়জনের বিয়োগব্যথা আমাদের আনন্দ – আয়োজনের গতি ভিন্ন পথে ধাবিত করতে পারে। " - "তাহারেই পড়ে মনে" কবিতা ও উদ্দীপকের আলোকে মন্তব্যটি বিশ্লেষণ কর।

৭. বাঙালি নারীর আত্ম জাগরণে যে নারীর অবদান বেশি, তিনি হলেন রোকেয়া সাখাওয়াত হোসেন। বিবাহের পর উদার মানসিকতার অধিকারী স্বামী সৈয়দ সাখাওয়াত হোসেনের পরম মমতায় ও সহযোগিতায় এবং নিজের ঐকান্তিক প্রচেষ্টায় তিনি স্বশিক্ষিত হয়ে উঠেন আত্মশুদ্ধি ও নিজের জানার জগৎকে পরিশুদ্ধ করার মধ্য দিয়ে তিনি সাহিত্যচর্চায় আত্মনিয়োগ করেন। তার সাহিত্য সাধনায় বাঙালি মুসলিম নারী সমাজই মুখ্য হয়ে ওঠেন। সাহিত্য সাধনায় যখন তিনি নিয়োজিত তখন হঠাৎ করে তাঁর প্রাণপ্রিয় স্বামী পরপারে যাত্রা করেন। এতে তিনি মর্মাহত হন। বিষাদপূর্ণ অন্তরে আপন কর্ম সম্পাদনের জন্য কলকাতায় সাখাওয়াত মেমোরিয়াল গার্লর্স স্কুল প্রতিষ্ঠা করেন। ফলে আজ বাঙালি নারী সমাজ মুক্ত-স্বাধীনভাবে উচ্চ শিক্ষা গ্রহণ করে সমাজে নিজেকে সুপ্রতিষ্ঠিত করছেন। [ব. বো. '২৩]

ক. উত্তরী শব্দের অর্থ কী?

খ. "বাতাবি নেবুর ফুল ফুটেছে কি? ফুটেছে কি আমের মুকুল" কবিতাংশে কবি কী বোঝাতে চেয়েছেন?

গ. উদ্দীপকের বিষয়বস্তুর সাথে 'তাহারেই পড়ে মনে' কবিতার বিষয়বস্তুর সাদৃশ্য ও বৈসাদৃশ্য আলোচনা কর।

ঘ. তুমি কি মনে কর যে উদ্দীপকের স্বামী বিয়োগের হাহাকার এবং 'তাহারেই পড়ে মনে কবিতায় কবির অন্তরের হাহাকার একই সূত্রে গাঁথা? পক্ষে বা বিপক্ষে যুক্তি দেখাও।

৮. 'আজি এ অবেলায় মনে পড়ে তোমায়
হারানো দিনগুলি বারে বারে কাঁদায়।
তুমি ছাড়া এজীবন শূন্য মনে হয়
ভালো লাগা অনুভূতি আঁধারে ডুব রয়।' [ম. বো. '২২]

ক. 'পুষ্পারতি' শব্দটির অর্থ কী?

খ. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবির উদাসীনতার কারণ ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের সাথে কবি সুফিয়া কামালের ব্যক্তিজীবনের মিল রয়েছে কীভাবে? উপস্থাপন কর।

ঘ. "উদ্দীপক ও 'তাহারেই পড়ে মন' কবিতায় বর্ণিত দুঃখবোধের অনুভূতি এক সূত্রে গাঁথা।" - যুক্তি দিয়ে বুঝিয়ে দাও।

৯. "ঘুমিয়ে গেছে শ্রান্ত হয়ে আমার গানের বুলবুলি
করুণ চোখে চেয়ে আছে সাঁঝের ঝরা ফুলগুলি।
.......................................................
কাল হতে আর ফুটবে না হায়, লতার বুকে মঞ্জরী
উঠছে পাতায় পাতায় কাহার করুণ নিশাস মর্মরী।
গানের পাখি গ্যাছে উড়ে-শূন্য নীড়-
কণ্ঠে আমার নাই সে আগের কথার ভিড়।" [দি. বো. '২২]

ক. 'উত্তরী' শব্দের অর্থ কী?

খ. "কহিল সে কাছে সরে আসি'- পঙক্তিটি ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের কবি এবং 'তাহারেই পড়ে মনে' কবিতার কবির অন্তর্বেদনাকে এক সুতায় গাঁথা যায় কি?"- আলোচনা কর।

ঘ. "কণ্ঠে আমার নাই সে আগের কথার ভিড়।" - 'তাহারেই পড়ে মনে' কবিতার আলোকে উক্তিটি ব্যাখ্যা কর।

১০. 'আজ তুমি নেই সাথে ভুলে থাকা ছলনাতে
মনে মনে ভাবি শুধু তোমারি কথা।
পাওয়া না পাওয়ার মাঝে অচেনার সুর বাজে,
সুরভিত বিরহের মরম ব্যথা।' [সি. বো. '১৯]

ক. কবি সুফিয়া কামাল কত সালে মৃত্যুবরণ করেন?
খ. 'কোথা তব নব পুষ্প সাঙ্গ?'- উক্তিটি বুঝিয়ে লেখো।
গ. উক্তিটিতে 'তাহারেই পড়ে মনে' কবিতার আংশিক প্রতিফলন ঘটেছে।" মন্তব্যটি বিশ্লেষণ করো।
ঘ. "উদ্দীপকের কথকের হৃদয় বেদনা যেন 'তাহারেই পড়ে মনে কবিতার মূলসুর।"- যুক্তিসহ বিশ্লেষণ করো।

## জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্নের সাজেশন

### ক নং প্রশ্ন (জ্ঞানমূলক)

১. 'পুষ্পারতি' অর্থ কী? [সি. বো. '২৫; ম. বো. '২৪, '২২]
২. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কোন ঋতুর আগমন ঘটেছে? [য. বো. '২৫]
৩. 'অলখ' শব্দের অর্থ কী? [কু. বো. '২৪]
৪. অর্ঘ্য বিরচন কী? [ব. বো. '২৪]
৫. 'অর্ঘ্য' শব্দের অর্থ কী? [কু. বো. '২৩]
৬. সুফিয়া কামালের পৈতৃক নিবাস কোথায়? [চ. বো. '২৩]
৭. "দক্ষিণ দুয়ার গেছে খুলি?"- প্রশ্নটি কার? [রা. বো. '২২]
৮. কবি সুফিয়া কামালের প্রথম স্বামীর নাম কী? [ঢা. বো. '২২]
৯. 'তাহারেই পড়ে মনে' কবিতা প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়? [কু. বো. '২২; য. বো. '১৭] [আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা]
১০. কবিভক্ত কবির কাছে কী শোনার মিনতি করে? [য. বো. '২২]
১১. 'ছাড়পত্র' কাব্যগ্রন্থটি কত সালে প্রকাশিত হয়? [রা. ব. '১৯]

### খ নং প্রশ্ন (অনুধাবনমূলক)

১. "ভুলিতে পারি না কোনো মতে।" - কেন কবি ভুলতে পারছেন না? [য. বো. '২৫]
২. "দক্ষিণ দুয়ার গেছে খুলি?"- চরণটি ব্যাখ্যা কর। [কু. বো.; চ. বো. '২৫]
৩. 'কুহেলি উত্তরী তলে মাঘের সন্ন্যাসী' উক্তিটি ব্যাখ্যা কর। [কু. বো. '২৪, '২২, '১৯, '১৭; রা. বো. '২২] [আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা]
৪. "যদিও এসেছে তবু তুমি তারে করিলে বৃথাই"- কীভাবে? [ঢা. বো. '২৩]
৫. "বাতাবি নেবুর ফুল ফুটেছে কি? ফুটেছে কি আমের মুকুল" কবিতাংশে কবি কী বোঝাতে চেয়েছেন? [ব. বো. '২৩]
৬. এ বসন্তে কবির পুষ্পসাজ না থাকার কারণ কী? [চ. বো. '২৩]
৭. 'বসন্ত-বন্দনা তব কণ্ঠে শুনি-এ মোর মিনতি।'-চরণটি ব্যাখ্যা কর। [ঢা. বো. '২২]
৮. 'তাহারেই পড়ে মনে' কবিতাটিকে নাটকীয় গুণসম্পন্ন কবিতা বলা হয় কেন? [য. বো. '২২]
৯. 'সে ভুলেনি তো, এসেছে তা ফাগুনে স্মরিয়া।'— উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। [দি. বো. '১৯]
১০. 'কোথা তব নব পুষ্প সাজ?'- উক্তিটি বুঝিয়ে লেখো। [সি. বো. '১৯]

## সৃজনশীল বহুনির্বাচনি

### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

০১. সুফিয়া কামালের পরিচয়- [সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর]
i. তিনি একজন বিশিষ্ট মহিলা কবি
ii. তিনি নারী আন্দোলনের অগ্রণী পথিক
iii. তিনি একজন বিশিষ্ট শিক্ষাবিদ
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. ii
গ. iii ঘ. i, ii ও iii উ: ক

০২. সুফিয়া কামাল রচিত কাব্যগ্রন্থ নয় কোনটি? [ফৌজদারহাট ক্যাডেট কলেজ]
ক. ছায়াহরিণ খ. মায়া কাজল
গ. কেয়ার কাঁটা ঘ. উদাত্ত পৃথিবী উ: ক

০৩. "হে কবি, নীরব কেন ফাগুন যে এসেছে ধরায়"- এ চরণটিতে 'নীরব কেন' বলতে কবির কোন অবস্থা প্রকাশ পেয়েছে?
ক. শীতে আড়ষ্ট হয়ে থাকা [ঢা. বো. '২৫]
খ. নিদ্রামগ্ন অবস্থা গ. দৈনন্দিন জীবনে নিষ্ক্রিয়তা
ঘ. উদাসীনতা উ: ঘ

০৪. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবিকে বসন্তের বন্দনাগীত রচনা করতে বলেছেন কে? [দি. বো, '২৫]
ক. কবির ভক্ত খ. কবির স্বামী
গ. মাঘের সন্ন্যাসী ঘ. ঋতুর রাজন উ: ক

০৫. কবিভক্তরা কবিকে প্রশ্ন করেছেন কেন? [ম. বো. '২৫]
ক. কবি অসুস্থ হওয়ায় খ. কবি ভাবুক বলে
গ. কবি উন্মনা বলে ঘ. কবি অভিমানী হওয়ায় উ: গ

০৬. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবি কোন ঋতুর বন্দনা করেছেন? [ব. বো. '২২]
ক. গ্রীষ্ম খ. বর্ষা
গ. বসন্ত ঘ. শীত উ: ঘ

০৭. 'তাহারেই পড়ে মনে' কবিতায় স্নিগ্ধ আঁখি তুলে কবি কী বললেন? [চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ]
ক. ডেকেছে কি সে আমারে?
খ. রাখিনি সন্ধান
গ. দক্ষিণ দুয়ার গেছে খুলি?
ঘ. অলখের পাথার বাহিয়া উ: গ

০৮. "বাতাবি নেবুর ফুল ফুটেছে কি?" 'তাহারেই পড়ে মনে' কবিতার এই চরণ দ্বারা প্রকাশিত হয়েছে- [কু. বো. '১৯]
ক. প্রকৃতির বর্ণনা খ. গাছের বর্ণনা
গ. কবির হাহাকার ঘ. কবির ব্যক্তিগত উচ্ছ্বাস উ: গ

উদ্দীপকটি পড়ে ৯ ও ১০ নম্বর প্রশ্নের উত্তর দাও:
মজনুর মন থেকে লায়লীর শোক মুছে ফেলার জন্য তার বন্ধুরা তাকে নিয়ে বসন্ত উদ্যাপনের আয়োজন করে। কিন্তু মজনুর মন তাতে শান্ত হয় না। পূর্ণিমার চাঁদ তার মনে জ্বালা ধরায়, কোকিলের তান ভালো লাগে না। [রা. বো. '২৫]

০৯. উদ্দীপকের সাথে 'তাহারেই পড়ে মনে' কবিতার যে সাদৃশ্য খুঁজে পাওয়া যায়, তা মূলত-
ক. মনস্তাত্ত্বিক খ. প্রকৃতির বর্ণনায়
গ. উপস্থাপনগত ঘ. কবির বিষণ্ণতায় উ: ঘ

১০. "কোকিলের তান তার ভালো লাগে না"- নিচের কোনটিতে এ উক্তির ভাবের প্রতিফলন ঘটেছে?
ক. যদিও এসেছে তবু তুমি তারে করিলে বৃথাই
খ. বসন্ত বন্দনা তব কণ্ঠে শুনি
গ. সে ভোলেনি তো, এসেছে তা ফাগুনে স্মরিয়া
ঘ. পুষ্পারতি লভেনি কি ঋতুর রাজন? উ: ক

১১. "তরী তার এসেছে কি?" 'তাহারেই পড়ে মনে' কবিতায় 'তরী' কীসের প্রতীক? [ম. বো. '২২]
ক. প্রিয়জনের খ. কবিতার
গ. মানবজীবনের ঘ. বসন্তের উ: ঘ

১২. "ওগো কবি। রচিয়া লহ না আজও গীতি" - কবিভক্ত কবিকে পঙ্ক্তিটিতে কী রচনার কথা বলেছেন? [ব. বো. '২৫]
ক. পল্লিগীতি খ. প্রকৃতি বন্দনা
গ. বসন্ত বন্দনা ঘ. ভক্তিগীতি উ: খ

১৩. "ডেকেছে কি সে আমারে?"- চরণটিতে প্রকাশ পেয়েছে কবির- [সাভার ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ক. আনমনা হৃদয় খ. ব্যাকুলতা
গ. আকুলতা ঘ. চিন্তা উ: ক

১৩. "বেজেছে কি আগমনী গান?" উক্তিটিতে কোন বিষয়টি ফুটে উঠেছে? [ঢা. বো. '২৫]
ক. চিত্তচাঞ্চল্য খ. আগ্রহ
গ. উদাসীনতা ঘ. অধ্যবসায় উ: গ

১৪. "ডেকেছে কি সে আমারে? শুনি নাই, রাখিনি সম্মান।"- চরণটিতে 'সে' কে? [ব. বো. '২৪; ম. বো. '২৪]
ক. শীত ঋতু খ. বসন্ত ঋতু
গ. কবির স্বামী ঘ. বিভক্ত উ: খ

১৫. 'তাহারেই পড়ে মনে' কবিতায় শীতকে কোন ঋতুর বিপরীতে স্থাপন করা হয়েছে? [ঝিনাইদহ ক্যাডেট কলেজ]
ক. হেমন্ত খ. বসন্ত
গ. বর্ষা ঘ. শরৎ উ: খ

১৬. কবি সুফিয়া কামাল মৃদু মধুর স্বরে কী বললেন?
ক. দক্ষিণ দুয়ার গেছে খুলি [হবিগঞ্জ সরকারি মহিলা কলেজ]
খ. বেজেছে কি আগমনী গান
গ. কোথা তব নব পুষ্পসাজ
ঘ. নাই হলো, না হোক এবারে উ: ঘ

১৭. "ওগো কবি অভিমান করেছ কি তাই?"- কবির অভিমানের কারণ কী? [য. বো. '২৪]
ক. ফাগুন প্রকৃতির নিয়মে চলে এসেছে
খ. প্রিয়জন নীরবে চলে গেছে
গ. কেউ বসন্তের কথা স্মরণ করিয়ে দেয়নি
ঘ. মাঘের সন্ন্যাসী শূন্য হাতে বিদায় নিয়েছে উ: ক

১৮. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবি কার সাথে অভিমান করেছেন? [য. বো. '২২]
ক. স্বামীর খ. প্রকৃতির
গ. বসন্তের ঘ. শীতের উ: ঘ

১৯. নিচের কোনটিতে কবির অভিমান প্রকাশ পেয়েছে?
ক. কহিল সে কাছে সরে আসি [য. বো. '১৭]
খ. কহিল সে মৃদু মধু-স্বরে
গ. কহিল সে সুদূরে চাহিয়া
ঘ. কহিল সে পরম হেলায় উ: ঘ

উদ্দীপকটি পড়ে ২০ ও ২১ নম্বর প্রশ্নের উত্তর দাও:
পরিবারের সাথে সাজেক ভ্যালিতে ঘুরতে গিয়েছে হাসান। সাজেক ভ্যালির প্রকৃতির অপরূপ সৌন্দর্যে কিছুতেই মন বসছে না হাসানের। তার মনে পড়ে যায় গত বছর কক্সবাজার ঘুরতে যেয়ে চোরাবালিতে ডুবে মারা যাওয়া তার বন্ধু ইমামের কথা। [য. বো. ২৫]

২০. উদ্দীপকের 'প্রকৃতির অপরূপ সৌন্দর্য' 'তাহারেই পড়ে মনে' কবিতার কোন ঋতুর সাথে সাদৃশ্যপূর্ণ?
ক. শীত খ. গ্রীষ্ম
গ. বসন্ত ঘ. হেমন্ত উ: গ

২১. উদ্দীপক ও 'তাহারেই পড়ে মনে' কবিতায় যুগপৎভাবে ফুটে উঠেছে-
i. নির্লিপ্ততা ii. স্মৃতিকাতরতা
iii. প্রিয়জন হারানোর বেদনা
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ঘ

উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:
আফরোজা তার মামার বাসায় বেড়াতে এসে জানতে পারল যে, ঐদিন মামাতো ভাইয়ের জন্মদিনের অনুষ্ঠান। চারদিকে আলোকসজ্জা, সবাই নতুন জামা পরেছে, বাড়িতে অনেক অতিথি এসেছে। আফরোজা চমৎকার গান গাইতে পারে বিধায় আফরোজার মামা তাকে জন্মদিনের একটি গান গাইতে বলল। আফরোজা গান গাওয়া শুরু করে কেঁদে ফেলল, কারণ তিন বছর পূর্বের এই দিনেই তার বাবা মারা যায়। [দি. বো. '২৪]

২২. উদ্দীপকের আফরোজার মামা 'তাহারেই পড়ে মনে' কবিতার কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ?
ক. কবি　খ. কবির স্বামী
গ. কবিভক্ত　ঘ. প্রকৃতি　উ. গ

২৩. উদ্দীপকে ও 'তাহারেই পড়ে মনে' কবিতায় যুগপৎভাবে ফুটে উঠেছে-
i. নির্লিপ্ততা　ii. প্রিয়জন হারানোর বেদনা
iii. স্মৃতিকাতরতা
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii　খ. i ও iii
গ. ii ও iii　ঘ. i, ii ও iii　উ: খ

২৪. মাঘের সন্ন্যাসী দিগন্তের কেমন পথে গেছে?
[ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ]
ক. পুষ্পশূন্য　খ. কুয়াশাঢাকা
গ. পত্রহীন　ঘ. রিক্ততাপূর্ণ　উ: ক

২৫. 'তাহারেই পড়ে মনে' কবিতায় 'কুহেলি উত্তরী তলে' কে চলে গিয়েছে? [চ. বো. '২৫]
ক. দখিনা সমীর　খ. ঋতুর রাজন
গ. মাধবী কুঁড়ি　ঘ. মাঘের সন্ন্যাসী　উ: ঘ

২৬. মাঘের সন্ন্যাসী কোথায় চলে গেছে?
[মনিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ, ঢাকা]
ক. দিগন্তের পথে　খ. দক্ষিণ দিকে
গ. পরপারের আবছায়ায়　ঘ. উত্তর দিকে　উ: ক

২৭. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবি কাকে 'মাঘের সন্ন্যাসী'রূপে কল্পনা করেছেন? [য. বো. '২৩]
ক. দখিনা সমীর　খ. শীত
গ. বসন্ত　ঘ. মাধবী কুঁড়ি　উ: খ

২৮. কীভাবে ব্যথা 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবি ঋতুরাজকে দিয়েছেন? [কু. বো. '২৫]
ক. অবহেলায়　খ. উপেক্ষায়
গ. বিমুখতায়　ঘ. উদাসীনতায়　উ: খ

২৯. 'তাহারেই পড়ে মনে' কবিতাটি প্রকাশিত হয়- [ব. বো. '১৭]
ক. ১৯৩২ খ্রিষ্টাব্দে　খ. ১৯৩৩ খ্রিস্টাব্দে
গ. ১৯৩৫ খ্রিষ্টাব্দে　ঘ. ১৯৩৬ খ্রিষ্টাব্দে　উ: গ

৩০. 'তাহারেই পড়ে মনে' কবিতাটি প্রথম প্রকাশিত হয় কোন পত্রিকায়? [কুমিল্লা শিক্ষাবোর্ড সরকারি মডেল কলেজ; সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম; বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, বরিশাল; জয়পুরহাট সরকারি কলেজ]
ক. মোহাম্মদী　খ. সওগাত
গ. সবুজপত্র　ঘ. প্রবাসী　উ: ক

৩১. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবির ব্যক্তিজীবনের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? [ম. বো. '২৫]
ক. নিষ্ক্রিয়তা　খ. দুঃখময়তা
গ. আচ্ছন্নতা　ঘ. অনুভূতিহীনতা　উ: খ

৩২. 'তাহারেই পড়ে মনে' কবিতাটির লক্ষণীয় বৈশিষ্ট্য হলো-
i. অন্ত্যমিল প্রবণতা
ii. সংলাপধর্মিতা
iii. নাটকীয়তা
নিচের কোনটি সঠিক? [চ. বো. '২৩]
ক. i ও ii　খ. i ও iii
গ. ii ও iii　ঘ. i, ii ও iii　উ: ঘ

## পদ্মা
### ফররুখ আহমদ
### সৃজনশীল রচনামূলক

১. প্রমত্তা পদ্মার সর্বগ্রাসী রূপ নিয়ে বিখ্যাত শিল্পী আবদুল আলীমের 'সর্বনাশা পদ্মা নদী' নামে বহুল প্রচলিত একটি গান রয়েছে। নদীতীরবর্তী মানুষের হাহাকার ভরা দীর্ঘশ্বাস গানটিতে ফুটে উঠেছে। গানের একটি অংশে বলা হয়েছে-

"পদ্মারে তোর। তুফান দেইখা
পরান কাঁপে ডরে
ফেইলা আমায় মারিস না তোর
সর্বনাশা ঝড়ে।"

ক. জীবন-মৃত্যুর দ্বন্দ্বে নিঃসংশয় কারা?
খ. মৃত জড়তার বুকে খুলেছে মুক্তির স্বর্ণদ্বার" বলতে কী বোঝানো হয়েছে?
গ. উদ্দীপকটির সাথে 'পদ্মা' কবিতার কোন দিকটির সামঞ্জস্য লক্ষ করা যায়? ব্যাখ্যা কর।
ঘ. "উদ্দীপকটি 'পদ্মা' কবিতার আংশিক রূপায়ণ মাত্র"- উক্তিটির যৌক্তিকতা মূল্যায়ন কর।

২. এই পদ্মা, এই মেঘনা, এই যমুনা, সুরমা নদী তটে
আমার রাখাল মন গান গেয়ে যায়
এ আমার দেশ, এ আমার প্রেম।
আনন্দ বেদনায় মিলন ও বিরহ সংকটে
কত আনন্দ-বেদনায় মিলন ও বিরহ সংকটে।
এই মধুমতি ধানসিঁড়ি নদীর তীরে
নিজেকে হারিয়ে যেন পাই ফিরে ফিরে।
এক নীল ঢেউ কবিতার প্রচ্ছদ পটে

ক. 'সমুদ্রের স্বাদ' কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে?
খ. মানুষের জীবনে পদ্মার প্রভাব ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকটি 'পদ্মা' কবিতার সঙ্গে কোন দিক থেকে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর।

ঘ. নদীর সঙ্গে মানুষের সম্পর্কের বিচারে উদ্দীপক ও কবিতার মূলভাব কি একসূত্রে গাঁথা? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

৩. মৌলবি দাদি নদী দেখেননি। এবার নদীই এসেছে তাঁর কাছে দর্শন দিতে। দু'মাইল দূরে ছিল যে পদ্মা, ভাঙতে ভাঙতে সে এখন মীরহাবেলীর কাছাকাছি এসে গেছে। সরীসৃপের মতো বুকে হেঁটে ক্রমেই এগিইয়ে আসছে। দুশো বছরের পুরাতন জরাজীর্ণ হাবেলী পদ্মার শোঁ-শোঁ আওয়াজ শুনে কাঁপছে থরথর করে।... দাদি তার ঘোলাটে বুড়ো চোখ মেলে তাকান খিড়কির পর্দা ফাঁক করে। ভয় ও বিস্ময়ের ছাপ চোখে-মুখে।

ক. জীবনের পথে পথে কী কুড়ানোর কথা বলা হয়েছে?

খ. ‘পদ্মা’ কবিতায় কবি পদ্মার কয়টি রূপের কথা তুলে ধরেছেন? ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের সঙ্গে 'পদ্মা' কবিতার কিসের মিল রয়েছে?

ঘ. "উদ্দীপকটি আলোচ্য কবিতার খন্ডাংশমাত্র।"- বিচার কর।

## জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্নের সাজেশন

### ক নং প্রশ্ন (জ্ঞানমূলক)

১. 'পদ্মা' কবিতায় প্রতিটি পঙক্তিতে কত মাত্রা রয়েছে?

২. 'সমুদ্রের স্বাদ' কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে?

৩. কবি ফররুখ আহমদের প্রথম কাব্য কোনটি?

৪. ‘ঘূর্ণি’ অর্থ কী?

৫. জীবন-মৃত্যুর দ্বন্দ্বে নিঃসংশয় কারা?

### খ নং প্রশ্ন (অনুধাবনমূলক)

১. “মৃত জড়তার বুকে খুলেছে মুক্তির স্বর্ণদ্বার” বলতে কী বোঝানো হয়েছে?

২. "জেগেছে তবু পরিপূর্ণ আহ্বান"- ব্যাখ্যা কর।

৩. জলদস্যু- দুরন্ত হার্মাদ কাকে দেখে কেঁপেছে? ব্যাখ্যা কর।

৪. 'পদ্মা' কবিতায় কবির কোন চেতনা প্রকাশ পেয়েছে?

৫. 'পদ্মা' কবিতায় পদ্মার কী কী বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে?

## সৃজনশীল বহুনির্বাচনি

### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

০১. 'পদ্মা' কবিতার রচয়িতা কে?
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. সত্যেন্দ্রনাথ দত্ত
গ. ফররুখ আহমদ ঘ. কাজী নজরুল ইসলাম উ: গ

০২. ফররুখ আহমদ কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন?
ক. ১৯১৫ সালে খ. ১৯১৬ সালে
গ. ১৯১৭ সালে ঘ. ১৯১৮ সালে উ: ঘ

০৩. ফররুখ আহমদ মাগুরা জেলার কোন গ্রামটির সঙ্গে সম্পর্কিত-
ক. মাঝআইড় খ. মাঝআইল
গ. মচমইল ঘ. মিঠামইন উ: খ

০৪. ফররুখ আহমদ কোথায় চাকরি করতেন?
ক. ঢাকা বেতারে খ. খুলনা বেতারে
গ. রাজশাহী বেতারে ঘ. চট্টগ্রাম বেতারে উ: ক

০৫. 'নৌফেল ও হাতেম' ফররুখ আহমদের কোন ধরনের গ্রন্থ?
ক. কাহিনিকাব্য খ. কাব্যনাট্য
গ. পত্রকাব্য ঘ. কাব্যগ্রন্থ উ: খ

০৬. ফররুখ আহমদের সনেট সংকলনের নাম কী?
ক. সচেতন কবিতা খ. অপূর্ব কবিতা
গ. জাগ্রত কবিতা ঘ. মুহূর্তের কবিতা উ: ঘ

০৭. সাহিত্যের স্বীকৃতিস্বরূপ ফররুখ আহমদ কোন পুরস্কার পান?
ক. শিশু একাডেমি পুরস্কার
খ. নজরুল একাডেমি পুরস্কার
গ. বাংলা একাডেমি পুরস্কার
ঘ. চন্দ্রাবতী একাডেমি পুরস্কার উ: গ

০৮. ফররুখ আহমদ নিচের কোন পুরস্কারটি অর্জন করেন?
ক. কালি ও কলম পুরস্কার খ. জেমকন পুরস্কার
গ. চিহ্ন পুরস্কার ঘ. ইউনেস্কো পুরস্কার উ: ঘ

০৯. ফররুখ আহমদ মরণোত্তর কোন পুরস্কার লাভ করেন? [ঢাকা কমার্স কলেজ]
ক. বাংলা একাডেমি পুরস্কার খ. স্বাধীনতা পুরস্কার
গ. একুশে পদক ঘ. ইউনেস্কো পুরস্কার উ: গ

১০. নিচের কোনটি ফররুখ আহমদের কাহিনি কাব্য? [যশোর সরকারি মহিলা কলেজ]
ক. নৌফেল ও হাতেম খ. হাতেম তায়ী
গ. সিরাজাম মুনীরা ঘ. সাত সাগরের মাঝি উ: খ

১১. ফররুখ আহমদের বিশ্বাস ছিল- [চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ]
ক. ইসলামি ঐতিহ্যের পুনরুজ্জীবনে
খ. দার্শনিক চিন্তাধারার বিপরীতে
গ. সুফিবাদী ভাবধারায়
ঘ. সর্বধর্ম সমন্বয়ের আন্দোলনে উ: ক

১২. 'পদ্মা' কবিতায় কারা দুই তীরে লাঙল চালায়?
ক. শৌখিন মানুষ খ. সংগ্রামী মানুষ
গ. দরিদ্র মানুষ ঘ. হিসেবি মানুষ উ: খ

১৩. 'পদ্মা' কবিতায় কোথায় লাঙল চালানোর কথা বলা হয়েছে?
ক. দুই তীরে খ. এক তীরে
গ. জমিতে ঘ. উঠানে উ: ক

১৪. 'পদ্মা' কবিতায় কারা নির্ভীক জওয়ান?
ক. বিশ্বাসী মানুষ খ. অস্তিত্ববাদী মানুষ
গ. সাহসী মানুষ ঘ. সংগ্রামী মানুষ উ: ঘ

১৫. "বর্ষায় তোমার স্রোতে গেছে ভেসে সাজানো বাগান।"- এখানে কার স্রোতের কথা বলা হয়েছে?
ক. নদীর খ. সমুদ্রের
গ. পদ্মার ঘ. জীবনের উ: গ

১৬. জীবনের অজস্র সম্ভার কখন ভেসে যায়?
ক. বর্ষার সময় খ. শরৎ কালে
গ. গ্রীষ্মের সময় ঘ. রাতের বেলা উ: ক

১৭. 'পদ্মা' কবিতায় কেমন আহ্বান জাগার কথা বলা হয়েছে?
ক. সম্পূর্ণ খ. আংশিক
গ. পরিপূর্ণ ঘ. বিকশিত উ: খ

১৮. মৃত জড়তার বুকে কোনটি খোলার কথা বলা হয়েছে?
ক. মুক্তির দ্বার খ. জীবনের দ্বার
গ. মুক্তির স্বর্ণদ্বার ঘ. জীবনের স্বর্ণদ্বার উ: গ

১৯. বর্ষায় পদ্মার স্রোতে কী ভেসে গেছে? [ঢাকা কমার্স কলেজ]
ক. সাজানো বাগান খ. শস্যদানা
গ. সবুজের সমারোহ ঘ. নতুন চর উ: ক

২০. পদ্মাকে দেখে কেঁপে উঠেছে?[যশোর সরকারি মহিলা কলেজ]
ক. নির্ভীক জোয়ান খ. সংগ্রামী মানুষ
গ. দুরন্ত হার্মাদ ঘ. প্রদীপ্ত স্রোতধারা উ: গ

২১. 'পদ্মা' কবিতায় কেমন আহ্বান জাগার কথা বলা হয়েছে? [রাজশাহী সরকারি সিটি কলেজ]
ক. সম্পূর্ণ খ. পরিপূর্ণ
গ. আংশিক ঘ. বিকশিত উ: খ

২২. কে 'মুক্তির স্বর্ণদ্বার' খুলেছে?[কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ]
ক. পদ্মাপাড়ের সংগ্রামী মানুষ
খ. পদ্মায় চরে বসবাস করা মানুষ
গ. পদ্মার প্রকৃতি ও পরিবেশ
ঘ. পদ্মা নদীর স্রোত উ: ঘ

২৩. পদ্মা তীরবর্তী মানুষদের 'সংগ্রামী মানুষ' বলার কারণ- [আনন্দ মোহন সরকারি কলেজ, ময়মনসিংহ]
i. সর্বদা যুদ্ধ করতে চায় বলে
ii. প্রকৃতির সঙ্গে সংগ্রাম করে বাঁচে বলে
iii. লড়াই করে খাদ্যশস্য ফলায় বলে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: গ

২৪. 'হার্মাদ' শব্দের অর্থ হলো-
ক. জার্মান জলদস্যু খ. জাপানি জলদস্যু
গ. পর্তুগিজ জলদস্যু ঘ. ভারতীয় জলদস্যু উ. গ

২৫. 'সমারোহ' শব্দের সঙ্গে সাদৃশ্য রয়েছে কোন শব্দের?
ক. জাঁকজমকহীন খ. সন্দেহহীন
গ. আড়ম্বর ঘ. পাথেয় উ: গ

২৬. 'পদ্মা' কবিতাটি কোন কাব্যের অন্তর্গত?
ক. হাতেম তায়ী খ. সাত সাগরের মাঝি
গ. কাফেলা ঘ. নৌফেল উ: গ

২৭. 'পদ্মা' কবিতার মিলবিন্যাস কী?
ক. কখক খগখ গঘগ ঘঙঘ ঙঙ
খ. কখখ খগঘ গঘগ ঘঙঘ চচ
গ. ককখ খগখ গঘগ ঘঙঘ ঙঙ
ঘ. কখক খগগ গঘগ ঘঙঘ ঙঙ উ: ক

উদ্দীপকটি পড়ে ২৮ নম্বর প্রশ্নের উত্তর দাও।
নদীর কিনার ঘন ঘাসে ভরা
মাঠ থেকে গরু নিয়ে আয় ত্বরা
করিস না দেরী- আসিয়া পড়িবে সহসা অথৈ জল
মাঠ থেকে গুরু নিয়ে আয় ত্বরা; মেঘনায় নামে ঢল।

২৮. উদ্দীপকের প্রথম দুই চরণে 'পদ্মা' কবিতার কোন দিকটি প্রতিফলিত হয়েছে? [মহিলা কলেজ, চট্টগ্রাম]
ক. নদীর ভয়ংকর রূপ
খ. নদীতীরের সৌন্দর্যময় রূপ
গ. জলদস্যুর আতঙ্ক
ঘ. জড়তা থেকে মুক্তির আহ্বান উ: ক

উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নম্বর প্রশ্নের উত্তর দাও।
ভাঙনপ্রবণ তীরে যাদের আবাস তারা কেউ সুখে নেই; বরং দুঃখেই কাটে তাদের দিনকাল। [কুমিল্লা সরকারি মহিলা কলেজ]

২৯. উদ্দীপক ও 'পদ্মা' কবিতার মধ্যে মিল রয়েছে-
i. নদীর তীরবর্তী মানুষের দুর্ভোগ
ii. নদীর জীবনপ্রবাহ iii. কৃষিতে নদীর প্রভাব
নিচের কোনটি সঠিক?
ক. i খ. ii
গ. ii ও iii ঘ. i ও iii উ: ক

৩০. "বরং দুঃখেই কাটে তাদের দিনকাল" চরণটির ভাবের সাথে 'পদ্মা' কবিতার নিচের কোন চরণের ভাবের সাদৃশ্য রয়েছে?
ক. তোমার তরঙ্গভঙ্গে বর্ণ তার হয়েছে পান্ডুর।
খ. বর্ষায় তোমার স্রোতে গেছে ভেঙে সাজানো বাগান।
গ. সবুজের সমারোহে জীবনের পেয়েছে দখল।
ঘ. মৃত জড়তার বুকে খুলেছে মুক্তির স্বর্ণদ্বার। উ: খ

উদ্দীপকটি পড়ে ৩১ ও ৩২ নম্বর প্রশ্নের উত্তর দাও।
এ জলের দেশ। বর্ষাকালে চারিদিকে জলজলময় হইয়া যায়। প্রত্যেক বছর কয়েকটা দিনের জন্য এই সময়ে মানুষের বাড়িঘর আর উঁচু জমিগুলি ছাড়া সারাটা দেশ জলে ডুবিয়া থাকে। জল যেবার বেশি হয় মানুষের বাড়ির উঠানও সেবার রেহাই পায় না। [নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী]

৩১. উদ্দীপকে 'পদ্মা' কবিতার কোন দিকটি প্রকাশিত হয়েছে?
ক. সবুজের সমাহার খ. কল্যাণময়ী
গ. স্ফীত জলস্রোত ঘ. ভয়ংকর ঢেউ উ: গ

৩২. উদ্দীপক ও 'পদ্মা' কবিতায় প্রকাশিত হয়েছে-
i. হার্মাদের ভয়ংকর অভিজ্ঞতা
ii. পদ্মার প্রমত্ত রূপ iii. বিপর্যস্ত জনজীবন
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: খ

# আঠারো বছর বয়স

## সুকান্ত ভট্টাচার্য

### সৃজনশীল রচনামূলক

১. তারুণ্য অপরাজেয়, নির্ভীক। এ বয়স অদম্য দুঃসাহসে সকল বাধা-বিপদকে পেরিয়ে যাওয়ার এবং অন্যায়ের বিরুদ্ধে মাথা উঁচু করে দাঁড়াবার জন্য প্রস্তুত। এদের ধর্মই হলো আত্মত্যাগের মহানমন্ত্রে উজ্জীবিত হওয়া, আঘাত-সংঘাতের মধ্যে রক্ত-শপথ নিয়ে ঝাঁপিয়ে পড়া। যা আমরা দেখেছি ৫২-এর ভাষা আন্দোলনে, ৬৯ আর ৯০-এর গণঅভ্যুত্থানে। এ চেতনার প্রতিফলন দেখেছি ২৪শের জুলাই-আগস্টের গণআন্দোলনে। বাঁক বদলের ইতিহাসে তারুণ্যই অনিবার্য হাতিয়ার। [রা. বো. '২৫]

ক. 'আঠারো বছর বয়স' কবিতাটি কোন ছন্দে রচিত?

খ. "আঠারো বছর বয়স কী দুঃসহ"- কেন?

গ. 'আঠারো বছর বয়স' কবিতার কোন দিকটি উদ্দীপকে প্রতিফলিত হয়েছে?

ঘ. "এ দেশের বুকে আঠারো আসুক নেমে।"- কবির এই স্বপ্নই যেন রূপায়িত হয়েছে আলোচ্য উদ্দীপকে- স্বীকার কর কি? তোমার মতামত দাও।

২. "তরুণ নামের জয়-মুকুট শুধু তাহারই- যাহার শক্তি অপরিমাণ, গতিবেগ ঝঞ্ঝার ন্যায়, তেজ নির্মেঘ আষাঢ় মধ্যাহ্নের মার্তণ্ডপ্রায়, বিপুল যাহার আশা, ক্লান্তিহীন যাহার উৎসাহ, বিরাট যাহার ঔদার্য, অফুরন্ত যাহার প্রাণ, অটল যাহার সাধনা, মৃত্যু যাহার মুঠিতলে।" [চ. বো. '২৫; ঢা. বো. '২৪]

ক. 'আঠারো বছর বয়স' কবিতাটি কবির কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত হয়েছে?

খ. "তাজা তাজা প্রাণে অসহ্য যন্ত্রণা" বলতে কী বোঝানো হয়েছে?

গ. উদ্দীপকের সঙ্গে 'আঠারো বছর বয়স' কবিতার সাদৃশ্যপূর্ণ দিকটি বর্ণনা কর।

ঘ. "উদ্দীপকে 'আঠারো বছর বয়স' কবিতায় বর্ণিত তারুণ্যের সকল বৈশিষ্ট্য প্রকাশিত হয়নি।"- মন্তব্যটি বিশ্লেষণ কর।

অথবা, "তারুণ্যই সমাজ বিনির্মাণের চালিকাশক্তি।"- উদ্দীপক এবং 'আঠারো বছর বয়স' কবিতার আলোকে মন্তব্যটি বিশ্লেষণ কর।

৩. হরিপুর বাজারে প্রকাশ্য দিবালোকে তিনজন সন্ত্রাসী আক্রমণ করে জসিম মাস্টারকে। তিনি মাটিতে লুটিয়ে পড়লে মোটর সাইকেলযোগে সন্ত্রাসীরা পালাচ্ছিল। এমন সময় ঘটনাস্থলে এসে পড়ে সাহসী তরুণ সোহরাব। সে সন্ত্রাসীদের ধাওয়া করে এবং একজনকে ধরে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের হাতে তুলে দেয়। ফিরে এসে দেখে মাস্টার মশায় তখনো মাটিতে লুটিয়ে। কেউ সাহায্যের জন্য এগিয়ে আসছে না পুলিশি ঝামেলার ভয়ে। সোহরাব কোনো কিছু না ভেবেই মাস্টার মশায়কে নিয়ে যায় মেডিকেলে। [য. বো. '২৪]

ক. কোন বয়স দুঃসহ?

খ. "এ বয়স কালো লক্ষ দীর্ঘশ্বাসে"- এ অংশে কবি কোন দিকের প্রতি ইঙ্গিত করেছেন?

গ. উদ্দীপকের সোহরাবের চারিত্রিক বৈশিষ্ট্যের সাথে 'আঠারো বছর বয়স' কবিতার তারুণ্যের চারিত্রিক বৈশিষ্ট্যের তুলনা কর।

ঘ. সমাজের দুরবস্থা লাঘবে উদ্দীপকের সোহরাব কতটুকু সহায়ক বলে তুমি মনে কর? 'আঠারো বছর বয়স' কবিতার আলোকে মূল্যায়ন কর।

৪. মোরা ঝঞ্ঝার মতো উদ্দাম
মোরা ঝরনার মতো চঞ্চল
মোরা বিধাতার মতো নির্ভয়
মোরা প্রকৃতির মতো সচ্ছল
মোরা আকাশের মতো বাধাহীন
মোরা মরু সঞ্চার বেদুঈন।

[ম. বো. '২৪; ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ]

ক. 'আঠারো বছর বয়স' থরোথরো কাঁপে কীসে?

খ. "এ বয়স তবু নতুন কিছু তো করে"- ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে 'আঠারো বছর বয়স' কবিতার যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর।

ঘ. "উদ্দীপকটিতে 'আঠারো বছর বয়স' কবিতার আতঙ্ক ও আশঙ্কার কথা ব্যক্ত হয়নি"- মূল্যায়ন কর।

৫. গুলশানের হলি আর্টিজান রেস্তোরায় ঘটে যাওয়া রক্তাক্ত বিভীষিকা আজও আমায় স্তম্ভিত করে দেয়। বিপন্ন মানবতার আর্তচিৎকারে ভারি হয়ে উঠে আকাশ-বাতাস। ফারাজ আইয়াজ হোসেন, এক প্রাণবন্ত যুবক। বিপদের মুখে বন্ধুদের ছেড়ে আসতে রাজি না হওয়ায় দুষ্কৃতিকারীদের হাতে প্রাণ হারায়। সে প্রকৃত বন্ধুত্বের দৃষ্টান্ত স্থাপন করে, বন্ধুত্বের জন্য জীবন উৎসর্গ করে। দৃঢ়তার সাথে অন্যায়ের বিরুদ্ধে দাঁড়িয়ে ভালোবাসা ও সহানুভূতির মাধমে ভিন্ন ভিন্ন গোষ্ঠী, ধর্ম ও জাতীয়তার মানুষের মানবিকতাকে একসূত্রে গ্রথিত করেছে। ব্যক্তিস্বার্থের উর্ধ্বে উঠে তার এই অসাধারণ চারিত্রিক দৃঢ়তা প্রদর্শন বিশ্বদরবারে বাংলাদেশের মুখ উজ্জ্বল করেছে। [ব. বো. '২৩]

ক. সুকান্ত ভট্টাচার্যের 'আঠারো বছর বয়স' কবিতাটি কোন ছন্দে রচিত?

খ. "দুর্যোগে হাল ঠিকমতো রাখা ভার” –উক্তিটি ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের আলোকে 'আঠারো বছর বয়স' কবিতায় বর্ণিত 'এ বয়স জানে রক্তদানের পুণ্য' —উক্তিটির সাদৃশ তুলো ধর।
ঘ. "এ দেশের বুকে আঠারো আসুক নেমে" —কবির এ প্রত্যাশা উদ্দীপকের ফারাজ আইয়াজ কতটুকু পূরণ করেছে? তোমার মতামত ব্যক্ত কর।

৬. পাড়ার সকলের প্রিয় পল্টু। অদ্ভুত তার চরিত্র। এখনই কারও গাছের ফল চুরি করে খেল, তো পরক্ষণেই শীতার্তকে নিজের গায়ের জামা খুলে দিয়ে দিল। কখনো গৃহস্থের গরুর গলার রশি খুলে দিয়ে মজা করছে, কখনও মহিলাদের আড্ডায় রাবারের সাপ ছেড়ে দিয়ে আতঙ্ক সৃষ্টি করছে, কখনো পথচারীর গায়ে সাইকেল তুলে দিয়ে খিলখিল করে হাসছে। সেই পল্টুই আবার প্রতিবেশীর বাড়িতে হামলা করা ডাকাত দলকে একাই রুখে দিতে লড়াই করছে। কারও বাচ্চাটাকে খুঁজে পাওয়া যাচ্ছে না, কারও অসুস্থ আত্মীয়কে হাসপাতালে নিতে হবে, কোনো কন্যাদায় গ্রস্থ পিতার বিয়ের সব ব্যবস্থাপনা করে দিতে হবে, কারও অন্ন-বস্ত্রের সংস্থান করতে হবে- এ সবে পল্টুর সর্বাগ্রে। [দি. বো. '২২]
ক. সুকান্ত ভট্টাচার্য সম্পাদিত কাব্যগ্রন্থটির নাম কী?
খ. "এ বয়সে কানে আসে কত মন্ত্রণা!"- লাইনটিতে কবি কী বোঝাতে চেয়েছেন?
গ. পল্টুর পরোপকারের বিষয়টি 'আঠারো বছর বয়স' কবিতার কোন দিকটির ইঙ্গিতবাহী?- বুঝিয়ে দাও।
ঘ. "তবুও আঠারোর শুনেছি জয়ধ্বনি" - পঙ্ক্তিটির আলোকে উদ্দীপকটিকে মূল্যায়ন কর।

৭. "শাবাশ, বাংলাদেশ, এ পৃথিবী
অবাক তাকিয়ে রয়;
জ্বলে-পুড়ে-মরে ছারখার
তবু মাথা নোয়াবার নয়।" [আনন্দমোহন কলেজ, ময়মনসিংহ]
ক. আঠারো বছর বয়স কী জানে?
খ. "এ দেশের বুকে আঠারো আসুক নেমে।"- কবির এ প্রত্যাশা কেন?
গ. উদ্দীপকে 'আঠারো বছর বয়স' কবিতার ফুটে ওঠা দিকটি ব্যাখ্যা কর।
ঘ. "জ্বলে-পুড়ে-মরে ছারখার, তবু মাথা নোয়াবার নয়।"- এ চরণে 'আঠারো বছর বয়স' কবিতার আকাঙ্ক্ষা প্রতিফলিত হয়েছে কি? বিশ্লেষণ কর।

৮. মাদক গ্রহণের অপরাধ মাথায় নিয়ে পুলিশ ভ্যানে উঠে বসল সাজিদ। মা-বাবা, পাড়া-প্রতিবেশী কেউ কল্পনা করতে পারেনি এমন দৃশ্য তাদের দেখতে হবে। শুধু ভালো ছাত্র হিসেবে নয়, তার মতো সাহসী, প্রতিবাদী, পরোপকারী সর্বগুণের অধিকারী একটি ছেলেও খুঁজে পাবে না কেউ । বয়স্করা বলতেন, 'আহা! এমন সোনার টুকরা যদি সবার ঘরে জন্মাত!" কান্নাজড়িত কণ্ঠে সাজিদের মা বলেন, কিছুদিন ধরে অচেনা একটা ছেলে ওর সাথে দেখা করতে আসত। ভাবতে পারিনি এত বড় সর্বনাশ হবে আমার ছেলের। [য. বো. '১৯]
ক. 'আকাল' সুকান্ত ভট্টাচার্যের কী ধরনের রচনা?
খ. তবু আঠারোর শুনেছি জয়ধ্বনি'– সপ্রসঙ্গ পক্তিটি ব্যাখ্যা করো।
গ. এ বয়সে কানে আসে কত মন্ত্রণা'- উক্তিটি সাজিদের ক্ষেত্রে কীভাবে প্রযোজ্য? বুঝিয়ে দাও।
ঘ. 'আহা! এমন সোনার টুকরা যদি সবার ঘরে জন্মাত!'— 'আঠারো' বছর বয়স' কবিতার শেষ পঙক্তির আলোকে উক্তিটি মূল্যায়ন করো।

## জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্নের সাজেশন

### ক নং প্রশ্ন (জ্ঞানমূলক)

১. 'আঠারো বছর বয়স' কবিতাটি কোন ছন্দে রচিত?
[রা. বো. '২৫; ঢা. বো.; কু. বো. '২৪; ব. বো. '২৫, '২৩]
২. সুকান্ত ভট্টাচার্য সম্পাদিত কাব্যগ্রন্থের নাম কী?
[সি. বো. '২৫; দি. বো. '২২]
৩. 'আঠারো বছর বয়স' কবিতাটি কবির কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত হয়েছে? [চ. বো. '২৫]
৪. বিরাট দুঃসাহসেরা কখন উঁকি দেয়? [চ. বো. '২৪]
৫. 'আঠারো বছর বয়স' বিপদের মুখে কী? [সি. বো. '২৩]
৬. সুকান্ত ভট্টাচার্যের পৈতৃক নিবাস কোন জেলায়? [কু. বো. '২২]
৭. আঠারো বছর বয়স পদাঘাতে কী ভাঙতে চায়?
[রা. বো.; ব. বো.; য. বো. '২২; ঢা. বো. '১৮]
৮. আঠারো বছর বয়স আত্মাকে কোথায় সঁপে? [রাজশাহী কলেজ]
৯. কবি সুকান্ত ভট্টাচার্য কোন পত্রিকার আজীবন সম্পাদক ছিলেন?
[ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ]

### খ নং প্রশ্ন (অনুধাবনমূলক)

১. "এ বয়স জেনো ভীরু, কাপুরুষ নয়।"- বুঝিয়ে লেখ।
[য. বো. '২৫; ব. বো. '২৪]
২. "এ বয়স জানে রক্তদানের পুণ্য"- উক্তিটি ব্যাখ্যা কর।
[সি. বো. '২৫]
৩. "স্পর্ধায় নেয় মাথা তোলবার ঝুঁকি"- বলতে কী বোঝানো হয়েছে? [হলিক্রস কলেজ]
৪. "এ দেশের বুকে আঠারো আসুক নেমে"- উক্তিটির অভিপ্রায় কী?
[রা. বো. '২৪]
[সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া; চট্টগ্রাম কলেজ]
৫. 'সঁপে আত্মাকে শপথের কোলাহলে।'- এখানে কবি কী বোঝাতে চেয়েছেন? ব্যাখ্যা কর। [চ. বো. '২৪; ব. বো. '২২]
৬. "তবু আঠারোর শুনেছি জয়ধ্বনি।" চরণটি ব্যাখ্যা কর।
[দি. বো. '২৩; য. বো. '১৯]

## সৃজনশীল বহুনির্বাচনি

### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

০১. কবি সুকান্ত ভট্টাচার্যের জন্ম কোন জেলায়? [রা. বো. '১৯; চ. বো. '১৭]
ক. বরিশাল খ. কুড়িগ্রাম
গ. গোপালগঞ্জ ঘ. ব্রাহ্মণবাড়িয়া উ: গ

০২. সুকান্ত ভট্টাচার্য ছিলেন-[সরকারি জিয়া মহিলা কলেজ, ফেনী]
ক. বাঙালি জাতীয়তাবাদী কবি
খ. সাম্যবাদী আদর্শের কবি
গ. বৈষ্ণবীয় কবি ঘ. নাগরিক কবি উ: খ

০৩. সুকান্ত ভট্টাচার্য আমৃত্যু কোন পত্রিকার সম্পাদক ছিলেন?
ক. দৈনিক বাংলা খ. দৈনিক স্বাধীনতা [রা. বো. ২২]
গ. পূর্বাশা ঘ. সবুজপত্র উ: খ

০৪. সুকান্ত ভট্টাচার্য তাঁর কাব্যে একাত্মতা ঘোষণা করেছেন-
ক. সশস্ত্র সংগ্রামের পক্ষে খ. ধর্মের পক্ষে [চ. বো. ২২]
গ. বিপ্লব ও মুক্তির পক্ষে ঘ. উগ্রবাদিতার পক্ষে উ: গ

০৫. সুকান্ত ভট্টাচার্যের 'ছাড়পত্র' কী ধরনের গ্রন্থ?
[সরকারি মুজিবুর রহমান মহিলা কলেজ, বগুড়া]
ক. ছড়া খ. কাব্য
গ. নাটক ঘ. উপন্যাস উ: খ

০৬. সুকান্ত ভট্টাচার্য ফ্যাসিবিরোধী লেখক শিল্পী সংঘের পক্ষে কোন কাব্যগ্রন্থ সম্পাদনা করেন? [কু. বো. '২২; সি. বো. '২২]
ক. মিঠেকড়া খ. হরতাল
গ. অভিযান ঘ. আকাল উ: ঘ

০৭. কবি সুকান্ত ভট্টাচার্যের জন্ম কত খ্রিস্টাব্দ? [য. বো. '১৫]
ক. ১৯৪৮ খ. ১৯৪৬
গ. ১৯২৬ ঘ. ১৯৪৭ উ: গ

০৮. আঠারো বছর বয়স দুঃসহ কেন? [ব. বো. '১৯]
ক. পথের বাধা ভাঙতে চায় বলে
খ. বাষ্পের বেগে স্টিমারের মতো চলে বলে
গ. প্রাণে অসহ্য যন্ত্রণার কারণে
ঘ. স্পর্ধায় মাথা তোলার ঝুঁকির কারণে উ: ঘ

নিচের উদ্দীপকটি পড়ে ০৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:
একুশ মানে চেতনায় শাণিত ধারা
একুশ মানে মাথা নত না করা। [য. বো. '২২]

০৯. উদ্দীপকের ভাবের মিল পাওয়া যায় নিচের কোন চরণে?
ক. আঠারো বছর বয়স ভয়ঙ্কর তাজা তাজা প্রাণে অসহ্য যন্ত্রণা।
খ. আঠারো বছর বয়স যেন দুর্বার পথে প্রান্তরে ছোটায় বহু তুফান।
গ. আঠারো বছর বয়স কী দুঃসহ স্পর্ধায় নেয় মাথা তোলবার ঝুঁকি।
ঘ. আঠারো বছর বয়সের নেই ভয় পদাঘাতে চায় ভাঙতে পাথর বাধা। উ: ঘ

১০. 'আঠারো বছর বয়স' কবিতা অনুসারে এ বয়সের আছে সমস্ত দুর্যোগ আর দুর্বিপাক মোকাবিলা করার- [য. বো. '২৫]
ক. সকল অস্ত্র খ. পেশি শক্তি
গ. আঘাতের ক্ষমতা ঘ. অদম্য প্রাণশক্তি উ: ঘ

১১. আঠারো বছর বয়সের তরুণরা পদাঘাতে কী ভাঙতে চায়?
[কুড়িগ্রাম সরকারি কলেজ; দি মিলেনিয়াম স্টারস স্কুল এন্ড কলেজ, রংপুর]
ক. লোহার শেকল খ. পাথর বাধা
গ. লোহার দরজা ঘ. কণ্টক বাধা উ: খ

১২. সাঈদ সবেমাত্র আঠারোতে পা দিয়েছে। পরিবারের উপর নির্ভরতা পরিহার করে মাথা উঁচু করে স্বাধীনভাবে বাঁচার জন্য বুলেটের সামনে ও বুক পেতে দিতে দ্বিধা করেনি। উদ্দীপকটির সাথে 'আঠারো বছর বয়স' কবিতার যে চরণটির মিল রয়েছে-
ক. পথ চলতে এ বয়স যায় না থেমে [দি. বো. '২৫]
খ. এ বয়স বাঁচে দুর্যোগে আর ঝড়ে
গ. স্পর্ধায় নেয় মাথা তোলবার ঝুঁকি
ঘ. বিপদের মুখে এ বয়স অগ্রণী উ: গ

১৩. 'আঠারো বছর বয়স' কবিতায় "স্পর্ধায় নেয় মাথা তোলবার ঝুঁকি।"- চরণটিতে প্রকাশ পেয়েছে তরুণদের-
[ঢা. বো. '১৬; চ. বো. '২৩]
ক. আত্মনির্ভরতা খ. দৃঢ়তা
গ. স্বাবলম্বিতা ঘ. আত্মম্ভরিতা উ: ক

১৪. আঠারো বছর বয়সে অহরহ উঁকি দেয়- [দি. বো. '২৫]
ক. কত মন্ত্রণা খ. কত যন্ত্রণা
গ. বিরাট দুঃসাহসেরা ঘ. সংশয়েরা উ: গ

১৫. আঠারো বছর বয়স বেদনায় থরোথরো কাঁপে কেন?
[রা. বো. '২৩]
ক. শপথের কোলাহলে খ. অজস্র ব্যর্থতার দীর্ঘশ্বাসে
গ. জয়ের আনন্দে ঘ. অভিমানে উ: খ

১৬. আঠারো বছর বয়স কীভাবে বেঁচে থাকে? [রা. বো. '২৪]
ক. কর্মে ও প্রেরণায় খ. দুর্যোগে আর ঝড়ে
গ. বিপদে আর সংগ্রামে ঘ. উদ্দীপনা আর সাহসে উ: খ

১৭. "আঠারো বছর বয়স বাঁচে-" শূন্যস্থানে কী হবে?[কু. বো. ২৪]
ক. শপথের কোলাহলে খ. লক্ষ দীর্ঘশ্বাসে
গ. দুর্যোগে আর ঝড়ে ঘ. অসহ্য যন্ত্রণায় উ: গ

১৮. 'আঠারো বছর বয়স' কবিতায় কোন কালের বৈশিষ্ট্য তুলে ধরা হয়েছে? [দি. বো. '২৪]
ক. শৈশব খ. কৈশোর
গ. যৌবন ঘ. বয়ঃসন্ধিকাল উ: ঘ

১৯. আঠারো বছর বয়সের মূল বৈশিষ্ট্য- [ম. বো. '২৫]
ক. গতিশীলতা খ. সাহস
গ. প্রগতি ঘ. অভিযোজন উ: গ

২০. উষার দুয়ারে হানি আঘাত
আমরা আনিব রাঙা প্রভাত
আমরা টুটাবো তিমির রাত
বাধার বিন্ধ্যাচল।
উদ্দীপকটি কোন কবিতার ভাব ধারণ করে? [ব. বো. '২২]
ক. আঠারো বছর বয়স খ. সেই অস্ত্র
গ. ফেব্রুয়ারি ১৯৬৯ ঘ. বিদ্রোহী উ: ক

২১. "আঠারো বছর বয়সের ধর্ম মহান মন্ত্রে উজ্জীবিত হওয়া।"- এ মহান মন্ত্রের বাহন কোনটি? [ঢা. বো. '২৪]
ক. স্বার্থত্যাগ খ. আত্মত্যাগ
গ. অর্থত্যাগ ঘ. বিলাসিতা ত্যাগ উ: খ

২২. 'আঠারো বছর বয়স' কবিতায় 'সঁপে আত্মাকে শপথের কোলাহলে।'-বলতে কী বোঝায়? [চ. বো. '২২; ব. বো. '১৬]
ক. রক্তদানের পুণ্য খ. আত্মত্যাগের মহিমা
গ. কথা ও কাজের ঐক্য ঘ. যৌবনের দুঃসাহসিকতা উ: খ

২৩. 'আঠারো বছর বয়স' কবিতায় কবির প্রত্যাশা কী? [ইস্পাহানী পাবলিক স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম]
ক. তারুণ্যধর্ম দিয়ে দেশ পরিচালিত হবে
খ. যৌবনধর্ম চির অটুট থাকুক
গ. বার্ধক্য নেমে আসুক
ঘ. তরুণেরা বিপর্যয় রুখে দিবে উ: ক

উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:
"এখন যৌবন যার মিছিলে যাবার তার শ্রেষ্ঠ সময় এখন যৌবন যার যুদ্ধে যাবার তার শ্রেষ্ঠ সময়" [ঢা. বো. '২৫]

২৪. 'আঠারো বছর বয়স' কবিতায় উল্লিখিত আঠারো বছর বয়সের কোন বৈশিষ্ট্যটি উদ্দীপকে ফুটে উঠেছে?
ক. ত্যাগের মহিমা খ. সহনশীলতা
গ. আত্মপ্রত্যয় ঘ. মহত্ত্ব উ: ক

২৫. নিচের কোন চরণে উক্ত বৈশিষ্ট্যটি প্রকাশ পেয়েছে?
ক. এ বয়স জানে রক্তদানের পুণ্য
খ. আঠারো বছর বয়স ভয়ংকর
গ. এ বয়সে কানে আসে কত মন্ত্রণা
ঘ. এ বয়সে তাই নেই কোনো সংশয় উ: ক

২৬. "এদেশের বুকে আঠোরো আসুক নেমে।" পঙ্ক্তিটিতে কবির কোন মনোভাবের প্রকাশ ঘটেছে? [রা. বো. '২২]
ক. তারুণ্যশক্তির জাগরণের প্রত্যাশা
খ. তারুণ্যশক্তির অপচয়ে হতাশা
গ. আঠারো বছর বয়সের বৈশিষ্ট্য
ঘ. দুর্বার গতিতে এগিয়ে চলা উ: ক

২৭. 'আঠারো বছর বয়স' কবিতার পদবিন্যাস কেমন? [হলি ল্যান্ড কলেজ, দিনাজপুর]
ক. ৬ + ৬ + ২ খ. ৬ + ৫ + ২
গ. ৫ + ৫ + ২ ঘ. ৪ + ৪ + ২ উ: ক

উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:
"জীবন-আবেগ রুধিতে না পারি যারা উদ্ধত-শির, - লঙ্ঘিতে গেল হিমালয়, গেল শুষিতে সিন্ধু-নীর।" [চ. বো. '২৫]

২৮. উদ্দীপকের সঙ্গে 'আঠারো বছর বয়স' কবিতার সাদৃশ্যপূর্ণ চরণ কোনটি?
ক. আঠারো বছর বয়স যে দুর্বার
পথে-প্রান্তরে ছোটায় বহু তুফান
খ. এ বয়সে কেউ মাথা নোয়াবার নয়
আঠারো বছর বয়স জানে না কাঁদা
গ. আঠারো বছর বয়স ভয়ংকর
তাজা তাজা প্রাণে অসহ্য যন্ত্রণা
ঘ. দুর্যোগে হাল ঠিকমতো রাখা ভার
ক্ষত-বিক্ষত হয় সহস্র প্রাণ উ: ক

২৯. উদ্দীপকে 'আঠারো বছর বয়স' কবিতার কোন ভাবটি প্রকাশিত হয়েছে? [চ. বো. '২৫]
ক. শৃঙ্খলাবোধ খ. অস্থিরতা
গ. গতিশীলতা ঘ. যন্ত্রণা উ: গ

উদ্দীপকটি পড়ে ৩০ ও ৩১ নম্বর প্রশ্নের উত্তর দাও:
নব নবীনের গাহিয়া গান সজীব করিব মহাশ্মশান, আমরা দানিব নতুন প্রাণ বাহুতে নবীন বল। [চ. বো. '২৪]

৩০. 'আঠারো বছর বয়স' কবিতার কোন বৈশিষ্ট্য উদ্দীপকে ফুটে উঠেছে?
ক. আত্মপ্রত্যয় খ. সহনশীলতা
গ. সাহসিকতা ঘ. উদারতা উ: ক

৩১. নিচের কোন পঙক্তিতে উক্ত বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে?
ক. এ বয়স কাঁপে বেদনায় থরোথরো
খ. আঠারো বছর বয়সে কানে আসে কত মন্ত্রণা
গ. আঠারো বছর বয়স যে দুর্বার
ঘ. এ দেশের বুকে আঠারো আসুক নেমে উ: গ

# ফেব্রুয়ারি ১৯৬৯
## শামসুর রাহমান
### সৃজনশীল রচনামূলক

১. লক্ষ লক্ষ মানুষের আত্মত্যাগের ফসল স্বাধীন বাংলাদেশ। স্বাধীনতা অর্জন করতে গিয়ে নির্যাতিত হয়েছিল অনেক নারী-পুরুষ। দেশমাতৃকার জন্য যাঁরা অকাতরে জীবন বিসর্জন দিয়েছিলেন তাঁদের প্রত্যেকেরই রয়েছে এক-একটি বিজয়গাথা। দেশের এই শ্রেষ্ঠ সন্তানদের বিজয়গাথার চেতনায়-ই যুগ যুগ ধরে বাংলাদেশের বিজয়কেতনকে অনন্ত অক্ষয় রাখবে। [য. বো. '২৪]

ক. কার চোখে আলোচিত ঢাকা?

খ. "সেই ফুল আমাদেরই প্রাণ।"- কীভাবে?

গ. উদ্দীপকের শ্রেষ্ঠ সন্তানদের সাথে 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় কাদের তুলনা করা হয়েছে? বিশ্লেষণ কর।

ঘ. "উদ্দীপক ও 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটি একই চেতনায় সমুজ্জ্বল।"- আলোচনা কর।

২. সাবাশ বাংলাদেশ

এ পৃথিবী অবাক তাকিয়ে রয়
জ্বলে পুড়ে মরে ছারখার
তবু মাথা নোয়াবার নয়। [কু. বো. '২৪]

ক. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে চয়ন করা হয়েছে?

খ. "চতুর্দিকে মানবিক বাগান, কমলবন হচ্ছে তছনছ"- বাক্যটি দ্বারা কী বোঝানো হয়েছে?

গ. উদ্দীপকের বক্তব্যের সাথে 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার মূল বক্তব্যের সাদৃশ্য তুলে ধর।

ঘ. "উদ্দীপকটি 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার মর্মার্থকে আংশিক ধারণ করেছে।"- মন্তব্যটির যথার্থতা বিচার কর।

৩. ব্রিটিশ শাসনামলে ইংরেজরা এদেশের চাষীদের দিয়ে জোর করে নীলচাষ করাতো। চাষীদেরকে নামেমাত্র দাদন দিয়ে নীলচাষ করানো হতো। নীলচাষে বাধ্য হওয়ায় চাষীরা তাদের প্রয়োজনীয় শস্য যেমন ধান, পাট, সরিষা ইত্যাদি উৎপাদন করতে পারতো না। নীলচাষ করতে অপারগ হলে চাষীদের ওপর নেমে আসতো নির্মম অত্যাচার। এ কারণে গড়ে ওঠে নীল বিদ্রোহ। নদীয়ার বিষ্ণুচরণ ও পাবনার কাদের মোল্লার মতো অসংখ্য মানুষ কৃষক- আন্দোলনে নেতৃত্ব দেন। ধীরে ধীরে এ আন্দোলন সারা বাংলায় ছড়িয়ে পড়ে। [ব. বো. '২৩]

ক. 'ফেব্রুয়ারি-১৯৬৯' কবিতায় শহরের পথে থরে থরে কী ফুটেছে?

খ. "এ রঙের বিপরীত আছে অন্য রং" -বলতে কী বোঝানো হয়েছে?

গ. উদ্দীপকের বিষ্ণু ও কাদের মোল্লা 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার কাদের কথা স্মরণ করিয়ে দেয়? এ সাদৃশ্যের কারণ ব্যাখ্যা কর।

ঘ. "উদ্দীপক এবং ফেব্রুয়ারি ১৯৬৯ কবিতা মানুষের স্বতঃস্ফূর্ত সংগ্রামী চেতনার এক অসাধারণ শিল্পভাষ্য"-কবিতার আলোকে বক্তব্যের সপক্ষে যুক্তি দেখাও।

৪. প্রতিদিন স্কুলে যাওয়ার পথেই রুমার নজর পড়ে আম গাছটির দিকে। ওদিকে তাকাতেই তার মনে পড়ে তার প্রতিবাদী বুবুর কথা। কেননা ঐ গাছটাতেই বুবু রীণার গলায় দড়ি দেয়া লাশ পাওয়া গিয়েছিল। কয়েকটা বখাটে যুবক তাকে প্রায়ই বিরক্ত করত। তাই একদিন সে প্রতিবাদ করেছিল এবং জুতা দেখিয়েছিল। সেই কারণে পরের দিনই তার প্রতিবাদী বুবু রীণার লাশ ঐ গাছটাতে ঝুলন্ত অবস্থায় পাওয়া যায়। [রা. বো. '২৩]

ক. শহরের পথে থরে থরে কী ফুটেছে?

খ. 'সেই ফুল আমাদের প্রাণ' – বুঝিয়ে দাও।

গ. উদ্দীপকের চেতনা 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার কোন বিষয়টির সঙ্গে সাদৃশ্যপূর্ণ? আলোচনা কর।

ঘ. "উদ্দীপকের রীণা আর 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার শহিদরা একই প্রতিবাদের মূর্ত প্রতীক।" —উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর।

৫. একটি পতাকার জন্য কত রক্ত চাই!
একটি মানচিত্রের জন্য কত অশ্রু চাই!
রক্তের বুদবুদ ওঠে বিষণ্ন বাতাসে
চির সবুজের দেশে আপ্লুত আমুদে!
জলপাই রঙের ট্যাংক বেড়ায় দাপিয়ে,
শহরে কী বন্দরে সময়-অসময়।
গর্জে উঠেছে সন্তান ভয়হীন সপ্রাণ,
বাহুতে কলিজা বেঁধে করেছে সংগ্রাম। [ঢা. বো. '২২]

ক. 'কমলবন' শব্দটির অর্থ কী

খ. "এ-রঙের বিপরীতে আছে অন্য রং" বলতে কী বোঝানো হয়েছে?

গ. উদ্দীপকটিতে 'ফেব্রয়ারি ১৯৬৯' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? বিশ্লেষণ কর।

ঘ. "উদ্দীপকের কবি ও 'ফেব্রয়ারি ১৯৬৯' কবিতার কবি একই মন্ত্রে দীক্ষিত।" মন্তব্যটির সত্যতা বিচার কর।

৬. 'শাবাশ বাংলাদেশ
এ পৃথিবী অবাক তাকিয়ে রয়
জ্বলে পুড়ে মরে ছারখার
তবু মাথা নোয়াবার নয়।' [ঢা. বো. '১৯]

ক. 'হরিৎ উপত্যকা' অর্থ কী?

খ. 'সালামের মুখে আজ তরুণ শ্যামল পূর্ব বাংলা'– ব্যাখ্যা করো।

গ. উদ্দীপকের সাথে 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার কোন অংশের সাদৃশ্য রয়েছে? আলোচনা করো।

ঘ. "উদ্দীপকটি 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার মর্মবাণীকে পুরোপুরি ধারণ করে না"– মন্তব্যটি নিজের ভাষায় ব্যাখ্যা করো।

৭. মায়ের ভাষার মান বাঁচাতে/প্রাণ দিল আজ যারা,
ওদের ভাষা প্রাণ পেল আজ/ওরা যে বাকহারা। [নটরডেম কলেজ]

ক. ঘাতকের আস্তানায় ভূলুণ্ঠিত কারা?

খ. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় 'মানবিক বাগান' বলতে কী বোঝানো হয়েছে?

গ. উদ্দীপকটি 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার কোন দিকটিকে তুলে ধরেছে? ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকটি 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার মূলভাবকে সম্পূর্ণরূপে ধারণ করেছে কি? মতামত দাও।

## জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্নের সাজেশন

### ক নং প্রশ্ন (জ্ঞানমূলক)

১. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে চয়ন করা হয়েছে? [কু. বো. '২৪, '২২]

২. ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় কোন ফুলের উল্লেখ রয়েছে? [য. বো. '২৩]

৩. ঘাতকের থাবার সম্মুখে বুক পাতে কে? [ম. বো. '২৩] [সরকারি এম.এম কলেজ, যশোর]

৪. 'হরিৎ উপত্যকা' অর্থ কী? [ঢা. বো. '১৯]

৫. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার প্রকাশ সাল কত? [সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া]

৬. 'কৃষ্ণচূড়া' কীসের প্রতীক? [বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ]

### খ নং প্রশ্ন (অনুধাবনমূলক)

১. 'সালামের মুখে আজ তরুণ শ্যামল পূর্ব বাংলা।'- উক্তিটি ব্যাখ্যা কর। [চ. বো. '২৪; ঢা. বো. '১৯]

২. "দুঃখিনী মাতার অশ্রুজলে ফোটে ফুল" - বলতে কী বুঝানো হয়েছে? [য. বো. '২৩]

৩. "নক্ষেত্রের মতো ঝরে অবিনাশী বর্ণমালা' বলতে কবি কী বোঝাতে চেয়েছেন? [ম. বো.; দি. বো. '২৩]

৪. 'সারা দেশ ঘাতকের অশুভ আস্তানা' -বলতে কী বোঝানো হয়েছে? [কু. বো. '২২] [আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা]

৫. "স্মৃতিগন্ধে ভরপুর" উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে? [সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া]

৬. বিপরীত চেতনা বলতে কবি কী বোঝাতে চেয়েছেন?- ব্যাখ্যা কর। [বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ]

## সৃজনশীল বহুনির্বাচনি

### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

০১. কবি শামসুর রাহমানের পৈতৃক নিবাস কোন গ্রামে?[রা.বো.২৪]
ক. ক্ষুদ্রকাঠি খ. পাড়াতলি
গ. গোটিয়া ঘ. তাম্বুলখানা উ: খ

০২. শামসুর রাহমান কর্মজীবন শুরু করেন যে পত্রিকায়- [য. বো. '২৫]
ক. দৈনিক পাকিস্তান
খ. সাপ্তাহিক সোনার বাংলা
গ. দৈনিক বাংলা
ঘ. দৈনিক মর্নিং নিউজ উ: ঘ

০৩. 'দৈনিক পাকিস্তান' পত্রিকাটি পরবর্তীকালে কী নামে প্রকাশিত হয়? [রা. বো. '১৯; চ. বো. '১৭]
ক. দৈনিক বাংলা খ. দৈনিক মর্নিং এজ
গ. দৈনিক ইত্তেফাক ঘ. দৈনিক সংবাদ উ: ক

০৪. শামসুর রাহমানের প্রথম কবিতা যে পত্রিকায় প্রকাশিত হয়- [দি. বো. '২৪]
ক. সাপ্তাহিক সোনার বাংলা খ. সোনার বাংলা
গ. দৈনিক পাকিস্তান ঘ. দৈনিক বাংলা উ: ক

০৫. "আবার ফুটেছে দ্যাখো কৃষ্ণচূড়া"- এই কৃষ্ণচূড়া ফুল কোথায় ফুটেছে- [ব. বো. '২৪]
ক. পথে-ঘাটে খ. শহরের পথে
গ. হরিৎ উপত্যকায় ঘ. সারা দেশে উ: খ

০৬. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় একুশের কৃষ্ণচূড়া আমাদের কীসের রং? [রা. বো. '২৫]
অথবা, 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় 'একুশের কৃষ্ণচূড়া' আমাদের কীসের প্রতীক? [ঢা. বো. '১৭; রা. বো. '১৭; কু. বো, '২৫, '২৪; চ. বো. '২৫]
ক. উল্লাসের খ. আনন্দের
গ. চেতনার ঘ. ঐক্যের উ: গ

০৭. শহরের পথে থরে থরে কোন ফুল ফুটেছে? [ব. বো. '২২]
ক. শিমুল খ. পলাশ
গ. কৃষ্ণচূড়া ঘ. রক্তজবা উ: গ

০৮. কবির দৃষ্টিতে আমাদের চেতনার রং কী? [ঢা. বো. ২৩; কু. বো. ১৬]
ক. রক্তাক্ত রাজপথ খ. শহিদের রক্তের বুদবুদ
গ. একুশের কৃষ্ণচূড়া ঘ. রক্তাক্ত মিছিল উ: গ

০৯. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় কৃষ্ণচূড়া কীসের ইঙ্গিত? [কু. বো. '২৩]
ক. চেতনার খ. প্রেমের
গ. বিদ্রোহের ঘ. স্বপ্নের উ: ক

১০. ভাষাশহিদদের 'রক্তের বুদ্বুদ' কোনটি? [চ. বো .১৬; দি. বো. ২৫]
ক. পলাশ ফুল খ. কমলবন
গ. বর্ণমালা ঘ. কৃষ্ণচূড়া উ: ঘ

১১. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় 'সেই ফুল' কী অর্থে ব্যবহৃত হয়েছে? [সি. বো. '২৫]
ক. দেশপ্রেম খ. সংগ্রামী জনতা
গ. বাংলা ভাষা ঘ. ভাষাশহিদ উ: গ

১২. "একুশের কৃষ্ণচূড়া আমাদের চেতনারই রং।" এই চরণটির আগের চরণ হলো- [কু. বো. '১৯]
ক. এ রঙের বিপরীত আছে অন্য রং
খ. মানবিক বাগান, কমলবন হচ্ছে তছনছ
গ. শহিদের ঝলকিত রক্তের বুদ্বুদ, স্মৃতিগন্ধে ভরপুর
ঘ. দেখলাম সালামের হাত থেকে নক্ষত্রের মত উ: গ

১৩. একুশের কৃষ্ণচূড়া মূলত- [বরিশাল ক্যাডেট কলেজ]
ক. শহিদদের চেতনার রং
খ. ভাষাশহিদদের রক্তের প্রতীক
গ. বায়ান্নর আত্মত্যাগের স্মৃতি
ঘ. বাঙালির সংগ্রামের স্মারক উ: গ

নিচের উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:
অপমানে তুমি জ্বলে উঠেছিলে
যেদিন বর্ণমালা
সেই থেকে শুরু, সেই থেকে শুরু
দিন বদলের পালা। [ম. বো. '২৫]

১৪. উদ্দীপকের 'দিন বদলের পালা' 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার যে বিষয়কে নির্দেশ করেছে-
ক. সংহতি খ. ঐক্য
গ. সাহসিকতা ঘ. সংগ্রাম উ: ঘ

১৫. উদ্দীপকের উক্ত দিকটির ক্ষেত্রে 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার নির্দেশনা-
i. গণজাগরণ ii. দেশানুরাগ iii. নেতৃত্ব
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ক

১৬. ঘাতকের অশুভ আস্তানায় মানুষের অবস্থা ছিল-
i. কেউ মরা
ii. কেউ আধমরা
iii. কেউ জেদি বিপ্লবে ফেটে পড়া
নিচের কোনটি সঠিক? [ঢা. বো. '২৪]
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ঘ

১৭. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় ঘাতকের থাবার সম্মুখে বুক পাতে কে? [কু. বো. '১৭; দি. বো. '১৯]
ক. সালাম খ. বরকত
গ. সফিউর ঘ. মতিউর উ: ক

১৮. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় কার মুখকে 'তরুণ শ্যামল পূর্ব বাংলা'র সঙ্গে তুলনা করা হয়েছে? [ঢা, বো. '২২]
ক. সালাম খ. রফিক
গ. বরকত ঘ. আসাদ উ: ক

১৯. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় নক্ষত্রের মতো কী ঝরে? [কু. বো. '২৪]
অথবা, সালামের হাত থেকে নক্ষত্রের মতো কী ঝরে পড়ে? [ব. বো. '২৫]
ক. বীরের রক্ত খ. মাতার অশ্রুজল
গ. অবিনাশী বর্ণমালা ঘ. আনন্দের রৌদ্র উ: গ

২০. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় 'অবিনাশী বর্ণমালা' কীসের প্রতীক? [চ. বো. '২৪]
ক. ধৈর্য খ. শক্তি
গ. ভালোবাসা ঘ. প্রতিবাদ উ: ঘ

২১. "এখনো বীরের রক্তে, দুঃখিনী মাতার অশ্রুজলে/ফোটে ফুল...।" কবি শামসুর রাহমানের মতে কোথায় ফুল ফোটে? [ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর]
i. একুশের কৃষ্ণচূড়ার শাখায়
ii. বাস্তবের বিশাল চত্বরে
iii. হৃদয়ের হরিৎ উপত্যকায়
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ঘ

২২. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় 'হৃদয়ের হরিৎ উপত্যকা' দ্বারা কী বোঝানো হয়েছে? [য. বো. '২৫]
ক. রাজপথকে খ. বধ্যভূমিকে
গ. পূর্ববাংলাকে ঘ. হৃদয়ের উপত্যকাকে উ: খ

২৩. 'কমলবন' শব্দটিকে কবি 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় কী হিসেবে ব্যবহার করেছেন? [ঢা. বো. '২৪]
ক. ভাবার্থে খ. মূল অর্থে
গ. প্রতীকী অর্থে ঘ. ব্যঞ্জনা অর্থে উ: গ

২৪. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় কবি নিচের কোনটি বোঝাতে 'কমলবন' প্রতীকটি ব্যবহার করেছেন? [সি. বো. '২২]
i. মানবিকতা
ii. কল্যাণের জগৎ iii. পদ্মবন

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ক

২৫. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় 'মানবিক বাগান' বলতে কবি বুঝিয়েছেন- [ব. বো. '২৪]

ক. মানবের সহাবস্থান খ. গোছানো বাংলাদেশ

গ. সুন্দর জনবসতি

ঘ. মনুষ্যত্ব, ন্যায় ও মঙ্গলের জগৎ উ: ঘ

২৬. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় 'কমলবন হচ্ছে তছনছ' বলতে কী বোঝানো হয়েছে?' [কু. বো. '২৫]

ক. মানবিকতা, সুন্দর ও কল্যাণের জগৎ ধ্বংস করা হচ্ছে।

খ. মানুষের বাক-স্বাধীনতা কেড়ে নেওয়া হচ্ছে।

গ. জাতিগত শোষণ ও নিপীড়ন চালানো হচ্ছে।

ঘ. মানুষকে নির্বিচারে হত্যা করা হচ্ছে। উ: ক

২৭. "সে ফুল আমাদেরই প্রাণ"- বলতে কী বোঝানো হয়েছে? [ম. বো. '২৪, '২২]

ক. কৃষ্ণচূড়া খ. চেতনার রং

গ. একুশে ফেব্রুয়ারি ঘ. বাংলা ভাষা উ: ঘ

২৮. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় "আবার সালাম নামে রাজপথে" কেন? [চ. বো.; ম. বো. '২২; সি. বো. '১৬]

ক. ভাষা সংগ্রামে যোগ দিতে

খ. গণজাগরণে যোগ দিতে

গ. জাতিগত দাঙ্গা প্রতিরোধ করতে

ঘ. ঘাতকের আস্তানা প্রতিরোধ করতে উ: খ

২৯. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় লক্ষণীয় বিষয়-

i. আন্দোলন সংগ্রামে বাঙালির চেতনাবোধ

ii. আন্দোলন ও সংগ্রামে বাঙালির চেতনা জাগরণ

iii. জীবনের তাৎপর্যের দার্শনিক উন্মোচন

নিচের কোনটি সঠিক? [সি. বো, '১৭]

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ক

৩০. ঊনসত্তরের গণঅভ্যুত্থানে কাজ করেছে- চেতনা।[দি. বো. ২২]

ক. লাহোর প্রস্তাবের খ. স্বাধীনতার

গ. স্বৈরাচারবিরোধী ঘ. একুশের গ. গ

নিচের উদ্দীপকটি পড়ে ৩১ ও ৩২ নম্বর প্রশ্নের উত্তর দাও:

মধ্যাহ্নের প্রখর সূর্য/উত্তপ্ত রাজপথ মাড়িয়ে ছাত্র-জনতার মিছিল দুর্বার গতিতে শাহবাগের দিকে যাচ্ছিল। বাসার বারান্দা থেকে তা দেখে ইতিহাসের স্মৃতি রোমন্থন করতে গিয়ে মা তার কিশোর সন্তানকে শোনাচ্ছেন- একুশের গল্প, গণ-অভ্যুত্থানের গল্প, মুক্তিযুদ্ধের গল্প। রাজপথের ওপর ছোপ ছোপ রক্ত দেখে তার চোখ ছলছল করে। [ঢা. বো. '২৫]

৩১. উদ্দীপকের যে দিকটি 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় অনুপস্থিত-

ক. হত্যাযজ্ঞ খ. ইতিহাস চেতনা

গ. মায়ের গল্প ঘ. দুর্বার মিছিল উ: গ

৩২. উদ্দীপকের মায়ের শোনানো গল্পে 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার যে দিকটি প্রকাশ পেয়েছে-

i. ভাষা আন্দোলন

ii. গণ-আন্দোলন

iii. স্বাধীনতার যুদ্ধ

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ক

নিচের উদ্দীপকটি পড়ে ৩৩ ও ৩৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:

ভোরের ঠান্ডা বাতাসে বাবার হাত ধরে হাঁটতে হাঁটতে মুক্তিযুদ্ধের গল্প শোনে কিশোর রাশেদ। কেন্দ্রীয় শহিদ মিনারের সামনে দাঁড়িয়ে তার কিশোর কল্পনায় ভেসে ওঠে ছাত্র-জনতার বিশাল মিছিল। লাল ফুলের পাপড়ি দলিত করে ওরা এগিয়ে চলে সচিবালয়ের দিকে। জাচের হাতে, ব্যানারে বাংলা বর্ণমালা। রাশেদের চোখে অশ্রু, বুকের ভেতরে আনন্দের ফোয়ারা। [য. বো. '২৪]

৩৩. উদ্দীপকে শেষ লাইনের সাথে নিচের কোনটি সাদৃশ্যপূর্ণ?

ক. ঝলকিত রক্তের বুদ্বুদ, স্মৃতিগন্ধে ভরপুর

খ. শিহরিত ক্ষণে ক্ষণে আনন্দের রৌদ্রে আর দুঃখের ছায়ায়

গ. এখনো বীরের রক্তে দুঃখিনী মাতার অশ্রুজলে

ঘ. কেউ বা ভীষণ জেদী, দারুণ বিপ্লবে ফেটে পড়া উ: খ

৩৪. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার যে দিকটি উদ্দীপকে প্রতিফলিত হয়েছে-

i. মুক্তিযুদ্ধে ভয়ংকর স্মৃতি

ii. ছাত্র-জনতার বিশাল মিছিল

iii. লাল ফুলের পাপড়ি দলিত করা

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: খ

নিচের উদ্দীপকটি পড়ে ৩৫ ও ৩৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:

আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে সাবিহা কালোপাড়ের সাদা শাড়িতে লাল রঙের সবগুলো বাংলা বর্ণমালা এঁকেছে। সাবিহার শাড়িতে আঁকা লাল বর্ণমালা যেন ভাষা শহিদদেরই কথা বলছে। [ম. বো. ২৩]

৩৫. উদ্দীপকের সাবিহার সাজ 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় বর্ণিত কোন ব্যক্তির কথা স্মরণ করিয়ে দেয়?

ক. বরকত খ. সালাম

গ. রফিক ঘ. সফিউর উ: খ

৩৬. কবিতায় বর্ণিত ঐ ব্যক্তি সম্পর্কে বলা যায়-

i. তিনি একজন ভাষাশহিদ

ii. তার চোখে আজ আলোচিত ঢাকা
iii. তিনি আজও রাজপথে নেমে আসেন
নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ঘ

# আমি কিংবদন্তির কথা বলছি
## আবু জাফর ওবায়দুল্লাহ

### সৃজনশীল রচনামূলক

১. "হাত রাখো বৈঠায় লাঙলে, দেখো
আমার হাতের স্পর্শ লেগে আছে কেমন গভীর। দেখো
মাটিতে আমার গন্ধ, আমার শরীরে
লেগে আছে এই স্নিগ্ধ মাটির সুবাস।
আমাকে বিশ্বাস করো, আমি কোনো আগন্তুক নই।" [কু. বো. '২৫]

ক. কর্ষিত জমির প্রতিটি শস্যদানা কী?
খ. "সূর্যকে হৃৎপিন্ডে ধরে রাখা"- বলতে কী বোঝানো হয়েছে?
গ. আত্মপরিচয়ের দিক থেকে উদ্দীপকের সঙ্গে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার সাদৃশ্য বর্ণনা কর।
ঘ. "উদ্দীপকটিতে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার সমগ্র ভাবের প্রতিফলন ঘটেনি।"- মন্তব্যটির যথার্থতা বিচার কর।

২. সুখ-সমৃদ্ধিতে ঐশ্বর্যময় এবং প্রাণৈশ্বর্যে ভরপুর এই সুন্দর দেশটি বর্গির আক্রমণ থেকে শুরু করে বারবার শত্রুর লোলুপদৃষ্টিতে পড়েছে। বিপর্যস্ত হয়েছে এ দেশের সহজ-সরল মানুষের জনজীবন, অর্থনৈতিক বুনিয়াদ এবং ধর্মীয়-সাংস্কৃতিক বৈচিত্র্য। কিন্তু কোনো শত্রুর কাছে পরাভব মানেনি এ দেশের মানুষ। তাই তো যুগে যুগে আমরা দেখি নূরলদীন-তিতুমীর-হাজী শরীয়তউল্লাহ-সূর্যসেন-প্রীতিলতা-সালাম রফিকের বিস্ময়কর শক্তি-সাহস এবং শৌর্যবীর্য। অতি সম্প্রতি ২০২৪ সালের জুলাই বিপ্লবেও আমরা দেখি আবু সাঈদদের অদম্য সাহসিকতা ও বীরত্বগাথা। [ম. বো. '২৫]

ক. "উনোনের আগুনে আলোকিত" কীসের কথা বলা হয়েছে?
খ. 'বিচলিত স্নেহ' কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকে বর্ণিত ব্যক্তিগণ ও 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার পূর্বপুরুষগণ কীভাবে মানবমুক্তির জন্য কাজ করেছেন? আলোচনা কর।
ঘ. উদ্দীপকটি 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার মূলভাব ধারণ করতে পেরেছে কি? তোমার অভিমত ব্যক্ত কর।

৩. কে আসে সঙ্গে দেখ দেখ চেয়ে আজ:
কারখানার রাজা, লাঙ্গলের নাবিক,
উত্তাল ঢেউয়ের শাসক উদ্যত বৈঠাহাতে মাল্লাদল,
এবং কামার কুমোর তাঁতি। এরা তো সবাই সেই
মেহনতের প্রভু, আনুগত্যে
শাণিত রক্তে ঢল হয়ে যায় বয়ে,
তোমার শিরাময় সারা পথে পথে। [চ. বো. '২৪]

ক. করতলে কী ছিল?
খ. কবি প্রবহমান নদীর কথা বলতে কী বোঝাতে চেয়েছেন? ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকের মানুষ আর 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় বর্ণিত পূর্বপুরুষের মধ্যে তুলনামূলক আলোচনা কর।
ঘ. "উদ্দীপকটি 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার মূল বক্তব্যেরই ধারক।"- মন্তব্যটি বিশ্লেষণ কর।

৪. সুখ-সমৃদ্ধিতে ঐশ্বর্যময় এবং প্রাণৈশ্বর্যে ভরপুর এই সুন্দর দেশটি বর্গীর আক্রমণ থেকে শুরু করে বার বার শত্রুর লোলুপ দৃষ্টিতে পড়েছে। বিপর্যস্ত হয়েছে এ দেশের সহজ-সরল মানুষের জনজীবন, অর্থনৈতিক বুনিয়াদ এবং ধর্মীয় ও সাংস্কৃতিক বৈচিত্র্য । কিন্তু কোনো শত্রুর কাছে পরাভব মানেনি এ দেশের গণমানুষ। তাই তো যুগে যুগে আমরা দেখি নুরলদীন-তিতুমীর-হাজী শরিয়তউল্লাহ-সূর্যসেন-প্রীতিলতা-বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিস্ময়কর শক্তি-সাহস এবং শৌর্যবীর্য। হাজার বছর ধরে এ দেশের মানুষের রয়েছে রক্তে রঞ্জিত গৌরবোজ্জ্বল ইতিহাস ও ঐতিহ্য। [সি. বো. '২৩]

ক. জননীর আশীর্বাদ কাকে ধন্য করবে?
খ. "তার পিঠে রক্তজবার মতো ক্ষত ছিল" বলতে কবি কী বোঝাতে চেয়েছেন?
গ. উদ্দীপকের ব্যক্তিদেরকে কীভাবে কাঙ্ক্ষিত মানবমুক্তির দূত বলা যায়? 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার বক্ত্যের সাথে সাদৃশ্য দেখাও।
ঘ. "উদ্দীপকের এ দেশের হাজার বছরের ইতিহাস ও ঐতিহ্য পরিক্রমা 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার চৈতন্যগত দিকের সঙ্গে অভিন্ন।"-মন্তব্যটি মূল্যায়ন কর।

৫. ১৯৭১ সালের ৭ই মার্চের ভাষণে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যেন বাঙালি জাতিকে মুক্তির কবিতা শোনালেন। বাঙালি জাতির ইতিহাস, ঐতিহ্য, শোষণ-বঞ্চনার কথা তুলে ধরে তিনি বলেন, "বাঙলার ইতিহাস এদেশের মানুষের রক্ত দিয়ে রাজপথ রঞ্জিত করার ইতিহাস।" তিনি এক পর্যায়ে বাঙালি জাতিকে প্রতিবাদী আর সংগ্রামী হওয়ার আহ্বান জানিয়ে বলেন, "মনে রাখবা, রক্ত যখন দিয়েছি, রক্ত আরও দেব। এ দেশের

মানুষকে মুক্ত করে ছাড়ব ইনশা-আল্লাহ্।" প্রধানত, বঙ্গবন্ধুর ভাষণটি ছিল বাঙালি জাতির কাছে ইতিহাস-ঐতিহ্যের স্মারক আর মুক্তির কবিতা। [য. বো. '২২]

ক. ভালোবাসা দিলে কে মরে যায়?

খ. 'তাঁর পিঠে রক্তজবার মতো ক্ষত ছিল' বলতে কবি কী বুঝিয়েছেন?

গ. উদ্দীপকে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার কোন দিকটির প্রতিফলিত হয়েছে? বিচার কর।

ঘ. "বঙ্গবন্ধু প্রদত্ত ৭ই মার্চের ভাষণটি ছিল বাঙালি জাতির কাছে ইতিহাসঐতিহ্যের স্মারক আর মুক্তির কবিতা।"- মন্তব্যটি 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার আলোকে বিশ্লেষণ কর।

৬. বিভিন্ন মুখের কোটি অশ্বারোহী এসে
খুরে খুরে ক্ষতময় করে গেছে সহনীয়া মাটি,
লালসার লালামাখা ক্রোধে বন্দুক কামান কত
অসুর গর্জনে চিরেছে আকাশ পরিপাটি,
বিদীর্ণ বুক নীল বর্ণ হয়ে গেছ তুমি, বাংলাভূমি [ব. বো. '২২]

ক. উনোনের আগুনে আলোকিত কিসের কথা বলা হয়েছে?

খ. 'বিচলিত স্নেহ' কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের 'বাংলাভূমি' -এর সাথে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার চেতনাগত সাদৃশ্য কোথায়? আলোচনা কর।

ঘ. 'লালসার লালা মাখা ক্রোধে' কীভাবে আমাদের হাজার বছরের ইতিহাসের পরিচয় খুঁজে পাওয়া যায়? উদ্দীপক ও 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার প্রেক্ষাপটে আলোচনা কর।

## জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্নের সাজেশন

### ক নং প্রশ্ন (জ্ঞানমূলক)

১. কর্ষিত জমির প্রতিটি শস্যদানা কী? [কু. বো. '২৫]

২. "উনোনের আগুনে আলোকিত" কীসের কথা বলা হয়েছে? [ম. বো. '২৫; ব. বো. '২২]

৩. আবু জাফর ওবায়দুল্লাহর রচনায় বিশেষভাবে প্রাধান্য পেয়েছে কী? [হলিক্রস কলেজ]

৪. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় 'কর্ষিত জমির প্রতিটি শস্যদানা' কী? [দি. বো. '২৪]

৫. প্রবাহমান নদী কাকে ভাসিয়ে রাখে? [সি. বো. '২২]

৬. 'কিংবদন্তি' শব্দের অর্থ কী? [ঢা. বো. '১৮] [নটরডেম কলেজ]

### খ নং প্রশ্ন (অনুধাবনমূলক)

১. "সূর্যকে হৃৎপিন্ডে ধরে রাখা"- বলতে কী বোঝানো হয়েছে? [কু. বো. '২৫] [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]

২. 'বিচলিত স্নেহ' কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। [ম. বো. '২৫; ব. বো. '২২]

৩. "ভালোবাসা দিলে মা মরে যায়"- বলতে কবি কী বোঝাতে চেয়েছেন? [সি. বো. '২২] [জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ]

৪. "তার পিঠে রক্তজবার মতো ক্ষত ছিল" বলতে কবি কী বোঝাতে চেয়েছেন? [সি. বো. ২৩,'১৭; য. বো. ২২; ঢা. বো. ১৮]

৫. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় কবি তাঁর পূর্বপুরুষ সম্পর্কে কী বলেছেন? [দি. বো. '২৪]

## সৃজনশীল বহুনির্বাচনি

### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

০১. কোন কাব্যগ্রন্থটি আবু জাফর ওবায়দুল্লাহ রচিত? [দি. বো. ২৫]
ক. ছায়াহরিণ খ. সাতনরী হার
গ. বন্দী শিবির থেকে ঘ. শোকার্ত তরবারি উ: খ

০২. ভাষা-আন্দোলন ও মুক্তিযুদ্ধ কোন কবির কবিতায় বিষয় হিসেবে বিশেষ প্রাধান্য পেয়েছে? [ঢা. বো. '২২]
ক. কাজী নজরুল ইসলাম
খ. আবু জাফর ওবায়দুল্লাহ্
গ. জীবনানন্দ দাশ
ঘ. সুফিয়া কামাল উ: খ

০৩. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতা অনুসারে পূর্বপুরুষের করতলে কীসের সৌরভ ছিল? [রা. বো. '২৫]
ক. ফুলের খ. রক্তের
গ. পলিমাটির ঘ. শস্যদানার উ: গ

০৪. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় কবির পূর্বপুরুষের পিঠে রক্তজবার মতো ক্ষত ছিল কেন? [চ. বো. '২৫, '১৬; দি. বো. '১৬]
ক. শিকারি ছিলেন বলে
খ. শ্বাপদের দ্বারা আক্রান্ত হয়ে
গ. ক্রীতদাস ছিলেন বলে
ঘ. শত্রুর অস্ত্রের আঘাতে উ: গ

০৫. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় কবির পূর্বপুরুষের পিঠে কীসের মতো ক্ষত ছিল? [য. বো. '২৩]
ক. কৃষ্ণচূড়া খ. রক্তজবা
গ. পশুর থাবা ঘ. শ্বাপদের উ: খ

০৬. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় রক্তজবার প্রসঙ্গ যে অর্থে ব্যবহৃত হয়েছে- [সি. বো. '২৩]
ক. অস্তমিত রক্তিম সূর্য খ. জাতীয় চেতনা
গ. রক্তের প্রয়োজনীয়তা ঘ. অত্যাচারের তাজা আঘাত উ: ঘ

০৭. চাষি খেতে চালাইছে হাল,
তাঁতি বসে তাঁত বোনে, জেলে ফেলে জাল-
উদ্দীপকটিতে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার যে চরণের মিল রয়েছে- [ব. বো. '২২]
ক. তাঁর করতলে পলিমাটির সৌরভ ছিল
খ. পতিত জমি আবাদের কথা বলতেন
গ অরণ্য ও শ্বাপদের কথা বলতেন
ঘ. কর্ষিত জমির প্রতিটি শস্যদানা কবিতা উ: খ

০৮. কবির মতে কর্ষিত জমির প্রতিটি শস্যদানা কী?[ঢা. বো. ২৩]
ক. গান খ. স্লোগান
গ. কবিতা ঘ. গদ্য উ: গ

০৯. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় কবি বলে গেছেন-
i. উচ্চারিত সত্যের মতো স্বপ্নের কথা
ii. প্রবহমান নদীর কথা
iit. উজ্জ্বল জানালার কথা
নিচের কোনটি সঠিক? [ম. বো. '২৪]
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ঘ

১০. কবির মতে জিহ্বায় উচ্চারিত প্রতিটি সত্য শব্দ কী?
ক. গান খ. শস্যদানা [কু. বো. ২৫]
গ. ছবি ঘ. কবিতা উ: ঘ

১১. জিহ্বায় উচ্চারিত কেমন শব্দ কবিতা? [রা. বো. '২৩]
ক. তীক্ষ্ণ খ. কঠিন
গ. সহজ ঘ. সত্য উ: ঘ

১২. কোন পঙ্ক্তিটি 'চিত্রকল্প' বা 'ইমেজ'-এর প্রকৃষ্ট উদাহরণ? [ঢা. বো. '২২]
ক. তাহারেই পড়ে মনে, ভুলিতে পারি না কোনো মতে।
খ. মানুষ তবুও ঋণী পৃথিবীরই কাছে।
গ. কর্ষিত জমির প্রতিটি শস্যদানা কবিতা।
ঘ. আবার ফুটেছে দ্যাখো কৃষ্ণচূড়া থরে থরে শহরের পথে- উ: গ

১৩. কবি আবু জাফর ওবায়দুল্লাহর মতে কবিতা হলো-
i. সশস্ত্র সুন্দরের অনিবার্য অভ্যুত্থান
ii. মায়ের কোলে শুয়ে গল্প শোনা
iii. কর্ষিত জমির প্রতিটি শস্যদানা
নিচের কোনটি সঠিক? [য. বো. '১৬]
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: খ

১৪. 'কবিতা'কে কবি কী বলে অভিহিত করেছেন? [রা. বো. '১৬]
ক. অতিক্রান্ত পাহাড় খ. উনুনের আগুন
গ. কর্ষিত জমির শস্যদানা ঘ. পলিমাটির সৌরভ উ: গ

১৫. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় মুক্তির পূর্বশর্ত কী?
ক. শান্তি খ. সাহসী [রা. বো. '২৩]
গ. যুদ্ধ ঘ. স্বাধীনতা উ: গ

১৬. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় কবির মা কীসের কথা বলতেন? [দি. বো. '২২]
ক. সাগরের খ. নদীর
গ. পাহাড়ের ঘ. গাছপালার উ: খ

১৭. কার ভালোবাসার সুকণ্ঠ সংগীত কবিতা? [সি. বো. '২৩]
ক. মায়ের খ. বোনের
গ. সুপুরুষের ঘ. শিল্পীর উ: গ

১৮. যে কবিতা শুনতে জানে না সে মায়ের কোলে শুয়ে কী- শুনতে পারে না? [চ. বো. '২৩]
ক. গান খ. কবিতা
গ. ছড়া ঘ. গল্প উ: ঘ

১৯. জননীর আশীর্বাদ কাকে দীর্ঘায়ু করবে? [রা. বো. '২৫]
ক. যে গাভীর পরিচর্যা করে
খ. যে শক্ত মাটি কর্ষণ করে
গ. যে জননীর সেবা করে
ঘ. অন্ধকারে যে আলো জ্বালায় উ: ক

২০. নিচের কোনটি 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার চরণ নয়? [সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর]
ক. যে কবিতা শুনতে জানে না সে ঝড়ের আর্তনাদ শুনবে
খ. আমি উচ্চারিত সত্যের মতো স্বপ্নের কথা বলছি
গ. আমি আমার উত্তরসূরিদের কথা বলছি
ঘ. আমি কবি ও কবিতার কথা বলছি উ: গ

২১. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় সূর্যকে হৃৎপিন্ডে ধরে রাখা বলতে হৃদয়ে সূর্যের কী ধারণ করা বোঝানো হয়েছে?
ক. আলো খ. উত্তাপ [কু. বো. '২৪]
গ. শক্তি ঘ. সামর্থ্য উ: গ

২২. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় কোন শব্দটি ঐতিহ্যের প্রতীক হয়ে উঠেছে? [সি. বো. '২২]
ক. পূর্বপুরুষ খ. ক্রীতদাস
গ. কিংবদন্তি ঘ. কবিতা উ: গ

২৩. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় 'কিংবদন্তি' শব্দটি কীসের -প্রতীক হয়ে উঠেছে? [ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর]
ক. জনশ্রুতি খ. ইতিহাস
গ. ঐতিহ্য ঘ. মুক্তিসংগ্রাম উ: গ

২৪. 'পিঠে রক্তজবার মতো ক্ষত' কীসের ইঙ্গিত বহন করে? [বি এ এফ শাহীন কলেজ, যশোর]
ক. কাপুরুষতা খ. বীরত্ব

গ. উৎকণ্ঠা ঘ. অত্যাচারিতা উ: ঘ

২৫. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় বিশুদ্ধতার প্রতীক কী?
ক. কবিতা খ. আগুন [য, বো. '২৫]
গ. নদীটা ঘ. পাহাড় উ: খ

২৬. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় 'উজ্জ্বল জানালা' কীসের প্রতীক? [য. বো. ১৬; ম. বো. '২৫]
ক. স্বাধীনতা খ. মুক্ত জীবনন
গ. আকাঙ্ক্ষা ঘ. প্রত্যাশা উ: খ

২৭. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতাটিতে যে দিকটি উচ্চারিত হয়েছে- [ব. বো. '২৪]
ক. সর্বাঙ্গীণ মুক্তির দীপ্ত শপথ
খ. বাঙালির দাসত্বের মাত্রা
গ. দেশমাতৃকার প্রতি ভালোবাসা
ঘ. বেদনার অস্থিরতা উ: ক

২৮. 'আমি কিংবদন্তির কথা বলছি' বলতে কবি বোঝাতে চেয়েছেন-
i. বাঙালির হাজার বছরের ইতিহাস-ঐতিহ্য
ii. বাঙালির সুদীর্ঘকালের শোষণ-বঞ্চনার ইতিকথা
iii. অন্যায়-অত্যাচারের বিরুদ্ধে বাঙালির শাশ্বত প্রতিবাদী সত্তা
নিচের কোনটি সঠিক? [চ. বো. '২২]
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ঘ

২৯. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় কবির অনুরাগ ছুঁয়ে গেছে- [য. বো. '২৪]
ক. মুক্তিযুদ্ধকে খ. সাহিত্যকে
গ. শিল্পকে ঘ. সংস্কৃতিকে উ: ঘ

৩০. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় কোন শব্দবন্ধ মুক্তির প্রতীক হয়ে উপস্থাপিত হয়েছে? [দি. বো. '২৪]
ক. কিংবদন্তি খ. সংস্কৃতি
গ. কবিতা ঘ. পূর্বপুরুষ উ: গ

৩১. "তাঁর করতলে পলিমাটির সৌরভ ছিল"- 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার চরণটিতে বোঝানো হয়েছে পূর্বপুরুষদের- [ঢা. বো. '১৬]
ক. দাসত্ব খ. শ্রমনিষ্ঠা
গ. ভূমিনির্ভরতা ঘ. মৃত্তিকা সংলগ্নতা উ: গ

৩২. আবু জাফর ওবায়দুল্লাহ কবিতা ও সত্যের অভেদ কল্পনার মাধ্যমে ফুটিয়ে তুলেছেন- [ব. বো. '২৫]
i. মায়ের কথা ii. ভাইয়ের কথা
iii. স্বপ্নের কথা
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ক

৩৩. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতাটি কোন ছন্দে রচিত?
ক. স্বরবৃত্ত খ. অক্ষরবৃত্ত [রা. বো. '২৪]
গ. মাত্রাবৃত্ত ঘ. গদ্যছন্দ উ: ঘ

নিচের উদ্দীপকটি পড়ে ৩৪ ও ৩৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:
"আমি বাংলায় দেখি স্বপ্ন, আমি বাংলায় বাঁধি সুর/আমি এই বাংলার মায়াভরা পথে হেঁটেছি এতটা দূর।" [য. বো. '২৫]

৩৪. কবিতাংশের "বাংলার মায়াভরা পথে হেঁটেছি এতটা দূর"- এর সাথে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় সাদৃশ্যপূর্ণ বিষয় হলো-
i. ইতিহাসমনস্কতা
ii. ঐতিহ্যপ্রিয়তা
iii. সংগ্রামশীলতা ল
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ক

৩৫. উদ্দীপকের মূল বক্তব্য 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার কোন পঙ্ক্তিতে ব্যক্ত হয়েছে?
ক. জিহ্বায় উচ্চারিত প্রতিটি সত্য শব্দ কবিতা
খ. সশস্ত্র সুন্দরের অনিবার্য সন্ধুখোন কবিতা
গ. আমি আমার পূর্বপুরুষের কথা বলছি
ঘ. ভালোবাসা দিলে মা মরে যায় উ: গ

নিচের উদ্দীপকটি পড়ে ৩৬ ও ৩৭ নম্বর প্রশ্নের উত্তর দাও :
পরিচয়ে আমি বাঙালি, আমার আছে ইতিহাস গর্বের
কখনোই ভয় করিনিকো আমি উদ্যত কোন খড়গের।
শত্রুর সাথে লড়াই করেছি, স্বপ্নের সাথে বাস,
অস্ত্রেও শান দিয়েছি যেমন শস্য করেছি চাষ, [ঢা. বো. '২৫]

৩৬. উদ্দীপকটি 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার কোন বিষয়টি নির্দেশ করে?
ক. বাঙালির ঐতিহ্য
খ. কাব্যপ্রীতি
গ. কবিতার অমোঘ শক্তির কথা
ঘ. বিচলিত স্নেহের কথা উ: ক

৩৭. উদ্দীপকের 'শস্য করেছি চাষ' বাক্যাংশের সাথে সাদৃশ্যযুক্ত পঙক্তিটি হলো-
ক. তাঁর করতলে পলিমাটির সৌরভ ছিল
খ. একটি উজ্জ্বল জানালার কথা বলছি
গ. প্রবহমান নদী তাকে পুরস্কৃত করবে
ঘ. সে আজন্ম ক্রীতদাস থেকে যাবে উ: ক

# প্রত্যাবর্তনের লজ্জা

## আল মাহমুদ

### সৃজনশীল রচনামূলক

**১. উদ্দীপক-১:** যে তোমায় ছাড়ে ছাড়ুক, আমি তোমায় ছাড়ব না মা! মা গো, আমি তোমার চরণ করব শরণ, আর কারো ধার ধারব না মা। কে বলে তোর দরিদ্র ঘর, হৃদয় তোর রতনরাশি- আমি জানি গো তোর মূল্য জানি, পরের আদর কাড়ব না মা।

**উদ্দীপক-২:** মানের আশে দেশ বিদেশে যে মরে সে মরুক ঘুরে তোমার ছেঁড়া কাঁথা আছে পাতা, ভুলতে সে যে পারব না মা ধনে মানে লোকের টানে ভুলিয়ে নিতে চায় যে আমায়- ওমা ভয় যে জাগে শিয়র-বাগে, কারো কাছেই হারব না মা।

ক. প্রত্যাবর্তিত কবিকে দেখে তার বাবা কী পড়বেন?

খ. 'আর আমি মাকে জড়িয়ে ধরে আমার প্রত্যাবর্তনের লজ্জাকে ঘষে ঘষে তুলে ফেলবো।' বলতে কী বোঝানো হয়েছে?

গ. উদ্দীপক-২-এর 'ধনে মানে লোকের টানে ভুলিয়ে নিতে চায় যে আমায়' চরণটিতে 'প্রত্যাবর্তনের লজ্জা' কবিতার যে বিশেষ দিকের ইঙ্গিত রয়েছে তা ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপক-১ ও উদ্দীপক-২ মিলে 'প্রত্যাবর্তনের লজ্জা' কবিতার ভাববস্তু প্রকাশে সক্ষম কি না? তোমার যুক্তিগ্রাহ্য মতামত দাও।

২. সঙ্কোচের বিহ্বলতা নিজেরে অপমান,
সঙ্কটের কল্পনাতে হোয়ো না ম্রিয়মাণ।
মুক্ত করো ভয়, আপনা-মাঝে শক্তি ধরো, নিজেরে করো জয়।
দুর্বলেরে রক্ষা করো, দুর্জনেরে হানো,
নিজেরে দীন নিঃসহায় যেন কভু না জানো।
মুক্ত করো ভয়, নিজের 'পরে করিতে ভর না রেখো সংশয়।

ক. নীলবর্ণ আলোর সংকেত কী?

খ. "অথচ জাহানারা কোনদিন ট্রেন ফেল করে না।"- ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকটি 'প্রত্যাবর্তনের লজ্জা' কবিতার সঙ্গে কোন দিক থেকে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর।

ঘ. "উদ্দীপকের কবিতাংশের মূলভাব এবং 'প্রত্যাবর্তনের লজ্জা' কবিতার মূলভাব পুরোপুরি এক নয়।" মন্তব্যটির যথার্থতা প্রমাণ কর।

৩. টানিস কেন? কিসের তাড়াতাড়ি-
সেই তো ফিরে যাব আবার বাড়ি,
একলা-থাকা- সেই তো গৃহকোণ-
তার চেয়ে এই স্নিগ্ধ শীতল জলে
দুটো যেন প্রাণের কথা বলে-
দরদ-ভরা দুখের আলাপন;
পরশ তাহার মায়ের স্নেহের মতো
ভুলায় খানিক মনের ব্যথা যত!

ক. 'প্রত্যাবর্তনের লজ্জা' কবিতাটি কোন ঢংয়ে রচিত?

খ. "কুয়াশার শাদা পর্দা দোলাতে দোলাতে আবার আমি ঘরে ফিরবো।"- ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকটি 'প্রত্যাবর্তনের লজ্জা ' কবিতার সঙ্গে কীভাবে সাদৃশ্যপূর্ণ?- ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকের "দরদ-ভরা দুখের আলাপন" কি 'প্রত্যাবর্তনের লজ্জা' কবিতার মূলভাবের সঙ্গে একসূত্রে গাঁথা? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

### জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্নের সাজেশন

#### ক নং প্রশ্ন (জ্ঞানমূলক)

১. কে মালপত্র তুলে দিয়ে চাকরকে টিকিট কিনতে পাঠায়?

২. আল মাহমুদ দীর্ঘদিন কোন পেশার সঙ্গে জড়িত ছিলেন?

৩. 'প্রত্যাবর্তনের লজ্জা' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত হয়েছে?

৪. 'প্রত্যাবর্তনের লজ্জা' কবিতায় 'শীতের বিন্দু' কী অর্থে ব্যবহৃত হয়েছে?

#### খ নং প্রশ্ন (অনুধাবনমূলক)

১. 'প্রত্যাবর্তনের লজ্জা' কবিতায় কারা কবিকে হাত নেড়ে সান্তনা দিচ্ছিল? ব্যাখ্যা কর।

২. "প্রত্যাবর্তনের লজ্জা' কবিতার মা কীভাবে একই সঙ্গে প্রকৃতিরও প্রতিমূর্তি হয়ে উঠেছেন"- ব্যাখ্যা কর।

৩. পরাজয়ের গ্লানি নিয়ে ভোর রাতে কবির বাড়ি ফেরার বিষয়টি ব্যাখ্যা কর।

৪. 'আর আমি এদের ভাই'- এ কথাটি কবি কেন উল্লেখ করেছেন? বুঝিয়ে লেখ।

৫. এক নিঃস্বপ্ন নিদ্রায় আমি নিহত হয়ে থাকলাম।"- ব্যাখ্যা কর।

### সৃজনশীল বহুনির্বাচনি

#### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

০১. 'প্রত্যাবর্তনের লজ্জা' বলতে লেখক কী বোঝাতে চেয়েছেন?
ক. শেকড়ে ফেরার অভিব্যক্তি
খ. উন্মূলিত হবার অনুশোচনা
গ. প্রকৃতির কাছে থাকার আনন্দ
ঘ. নাগরিক জীবনের হতাশা-নৈরাশ্য — উ: ক

০২. নিচের কোনটি আল মাহমুদের প্রকৃত নাম?
ক. মীর নিসার আলী
খ. বনফুল
গ. মির আবদুস শুকুর আল মাহমুদ
ঘ. মির আবদুস আল মাহমুদ — উ: গ

০৩. আল মাহমুদ কোন পত্রিকার সম্পাদক ছিলেন?
ক. সাধনা খ. বঙ্গদর্শন
গ. সমকাল ঘ. গণকণ্ঠ উ: ঘ

০৪. আল মাহমুদ বাংলাদেশে শিল্পকলা একাডেমির কোন পদে থাকা অবস্থায় অবসরগ্রহণ করেন?
ক. পরিচালক খ. উপপরিচালক
গ. চেয়ারম্যান ঘ. সদস্য উ: ক

০৫. আল মাহমুদের কাব্যে কোন বিষয় শিল্পিত রূপ পেয়েছে?
ক. শহুরে জীবন খ. গ্রামীণ জীবন
গ. প্রবাস জীবন ঘ. একান্ত জীবন উ: খ

০৬. নিচের কোনটি আল মাহমুদের কাব্যগ্রন্থ নয়?
ক. কালের কলস খ. সোনালী কাবিন
গ. মায়াবি পর্দা দুলে উঠো ঘ. মৃত্যুক্ষুধা উ: ঘ

০৭. 'কালের কলস' কী জাতীয় রচনা ?
ক. নাটক খ. কবিতা
গ. প্রবন্ধ ঘ. উপন্যাস উ: খ

০৮. 'অদৃষ্টবাদীদের রান্নাবান্না' কী জাতীয় রচনা?
ক. কবিতা খ. প্রবন্ধ
গ. উপন্যাস ঘ. নাটক উ: ক

০৯. গাড়ি কীসের মতো বুইসেল দিয়ে ছেড়ে দিয়েছে?
ক. মেঘের মতো খ. বাঘের মতো
গ. সিংহের মতো ঘ. হতাশার মতো উ: ঘ

১০. কবি তাঁর ঘুমিয়ে থাকাকে কী বলেছেন?
ক. নিঃস্বপ্ন নিদ্রা খ. নিহত হয়ে থাকা
গ. সর্বনাশা ঘ. ঘোর অমানিশা উ: খ

১১. কবি কোথায় বসে কুয়াশায় কাঁপছেন?
ক. স্টেশনে খ. বিখ্যাত স্টেশনে
গ. অখ্যাত স্টেশনে ঘ. হাওড়া স্টেশনে উ: গ

১২. কবি কীসের পর্দা দোলাতে দোলাতে আবার ঘরে ফিরবেন?
ক. কাপড়ের খ. আবেগের
গ. কুয়াশার ঘ. শীতের উ: ঘ

১৩. চোখের পাতায় কী জমতে জমতে হঠাৎ লাল সূর্য উঠে আসবে?
ক. কুয়াশা খ. শীতের বিন্দু
গ. পানি ঘ. ঘুম উ: খ

১৪. কতখানি পথ হেঁটে লেখক রেলগাড়ি ধরতে গিয়েছিলেন?
ক. ছয় মাইল খ. সাত মাইল
গ. আট মাইল ঘ. নয় মাইল উ: খ

১৫. দারুণ ভয়ের মতো কী জেগে উঠবে?
ক. বকের ঝাঁক খ. কবিদের আটচালা
গ. পরিচিত নদী ঘ. লাল সূর্য উ: খ

১৬. আল মাহমুদ সম্পাদক ছিলেন যে পত্রিকার-
i. দৈনিক গণকণ্ঠ
ii. দৈনিক কর্ণফুলী
iii. দৈনিক আজাদ
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ক

১৭. প্রত্যাবর্তনের লজ্জা' কবিতায়-
i. ফরহাদ কখনো ট্রেন ফেল করে না
ii. লাইলী চাকরকে দিয়ে টিকিট কাটায়
iii. নাহার আনন্দে ভাত পর্যন্ত খায় না
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: গ

১৮. পরাজয়ের গ্লানি নিয়ে কবি কোন সময় বাড়ির পথে ফিরতে শুরু করলেন?
ক. রাতে খ. সকালে
গ. ভোররাতে ঘ. দুপুরে উ: গ

১৯. আল মাহমুদের মা একসঙ্গে কীসের প্রতিমূর্তি ?
ক. প্রকৃতির খ. সমাজের
গ. জীবনের ঘ. শহরের উ: ক

২০. প্রত্যাবর্তনের লজ্জা' কবিতাটি রচিত-
i. নাটকীয় ঢংয়ে
ii. সংলাপের ঢংয়ে
iii. গল্প বলার ঢংয়ে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: গ

নিচের উদ্দীপকটি পড়ে ২১ ও ২২ প্রশ্নের উত্তর দাও:
মশারফ ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়ে। ঢাকা থেকে সে এক মাস পড়ে যখন গ্রামে যায়, তখন গ্রাম ও গ্রামের মানুষকে সে অসভ্য মনে করে। তার কাছে গ্রামকে নোংরা মনে হয়। কয়েক মাস যাওয়ার পর সে দেখে শহরের মেকি পরিবেশের সঙ্গে আর সে খাপ খাওয়াতে পারছে না। সে শহরে বসে বসে গ্রামীণ প্রকৃতি অনুভব করে। এদিকে গ্রামে পুনরায় ফিরে যাওয়া তার কাছে লজ্জার বলে মনে হয়।

২১. উদ্দীপকের সঙ্গে তোমার পঠিত কোন কবিতার ভাবগত সাদৃশ্য রয়েছে।
ক. পদ্মা খ. প্রত্যাবর্তনের লজ্জা
গ. সুচেতনা ঘ. তাহারেই পড়ে মনে উ: খ

২২. ভাবগত সাদৃশ্যের দিক হলো-
i. গ্রামে ফেরার আকুতি
ii. গ্রামীণ প্রকৃতির প্রতি মুগ্ধতা
iii. শহরের সঙ্গে খাপ খাওয়াতে না পার
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: গ

## লালসালু
## সৈয়দ ওয়ালীউল্লাহ্

### সৃজনশীল রচনামূলক

১. আসামের চা বাগানে কুলি জোগাড় করা খুবই কঠিন। দলে দলে লোক কালাজ্বরে মরে। মজুর খাটতে সেখানে কোনো লোক যেতে চায় না। সেই সমস্যা নিরসনে এবং কমিশন পাওয়ার লোভে সুন্দরলাল সাঁওতাল পরগনার অশিক্ষিত, অসহায় ও কুসংস্কারাচ্ছন্ন মানুষদের শিং বোঙ্গার দৈববাণীর ভয় দেখিয়ে কুলির কাজ করতে বাধ্য করায়। [ঢা. বো. '২৫]
ক. সাত ছেলের বাপের নাম কী?
খ. "দুনিয়াটা বড় বিচিত্র জায়গা।"- উক্তিটি কার? কোন প্রসঙ্গে বলেছে?
গ. উদ্দীপকের দৈববাণীর সাথে 'লালসালু' উপন্যাসের কীসের সাদৃশ্য রয়েছে? বুঝিয়ে লেখ।
ঘ. "উদ্দীপকের সাঁওতাল পরগনার মানুষগুলো যেন মহব্বতনগরের গ্রামবাসীর প্রতিনিধি।"- মন্তব্যটি বিশ্লেষণ কর।

২. উদরাজপুর একটি ছোট গ্রামীণ বাজার। ফসলের মৌসুমে মানুষের। হাতে টাকা থাকে। তখন দোকানগুলোতে ভিড় থাকে। এ সময়ে ভিক্ষুকের আনা-গোনাও বেড়ে যায়। ভিখারির দল বিচিত্র কণ্ঠে গান করে ভিক্ষা চায়। মানুষের মনে দয়া জন্মায়। মানুষ টাকা-পয়সা দিয়ে। সাহায্য করে। কিন্তু স্থানীয় ভিক্ষুকরা এতে বঞ্চিত হওয়ার ভয়ে লাঠিসোঁটা নিয়ে বহিরাগত ভিক্ষুকদের ওপর হামলা চালায়। [য. বো. '২৫]
ক. "মরা মানুষ জিন্দা হয় কেমনে?"- উক্তিটি কার?
খ. "যতসব শয়তানি, বেদাতি কাজ কারবার।"- ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকের স্থানীয় ভিক্ষুকদের সাথে 'লালসালু' উপন্যাসে বর্ণিত মজিদের অনুসারীদের তুলনা কর।
ঘ. "উদ্দীপকের ভিক্ষুক ও 'লালসালু'র পির উভয়েই ব্যক্তিস্বার্থে অন্ধ।"- মন্তব্যটি যাচাই কর।

৩. পাকা মসজিদের পুকুর পাড়ে কয়েক ঘর দিনমজুরের মাটির ঘর। রাতে প্রচন্ড কালবৈশাখী ঝড় আর প্রবল বৃষ্টির তাণ্ডবে তাদের ঘরের খড়ের চালগুলো উড়ে গেল। অগত্যা ওদের একজন সাহস করে মসজিদের ইমাম সাহেবকে তাদের দুরবস্থার কথা জানালে ইমাম সাহেব মসজিদ খুলে দেন। দিনমজুরের পরিবারেরা মসজিদের ভেতর আশ্রয় পেয়ে খুব খুশি হয়। ইমাম সাহেব তাদের সাথেই সে রাতটা জেগে কাটিয়ে দেন। [চ. বো. '২৫]
ক. মজিদ কোন মাসে মহব্বতনগর গ্রামে প্রবেশ করে?
খ. "গরিব মানুষ, খাইবার পাই না।"- উক্তিটির তাৎপর্য তুলে ধর।
গ. উদ্দীপকের ইমাম সাহেব আর 'লালসালু' উপন্যাসের মজিদ চরিত্রের মধ্যে বৈপরীত্য তুলে ধর।
ঘ. "উদ্দীপক ও 'লালসালু' উপন্যাস আমাদের সমাজবাস্তবতার দুই ভিন্ন মেরু।"- মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর।

৪. 'হুযুর কেবলা' গল্পে এমদাদ নামক শিক্ষিত যুবক অনেকটা কৌতূহলের বশে ভন্ডপীরের মুরিদ হয়। কিন্তু যখনই ভণ্ডপীরের চালাকি ও তার লোলুপ কামনা এমদাদের সামনে উন্মোচিত হয়েছে, তখনই সে প্রতিবাদ করেছে। কিন্তু ভন্ডপীর হুযুর কেবলা তার ধর্মান্ধ মুরিদদের সহায়তায় এমদাদকে পাগল আখ্যা দিয়ে গ্রাম থেকে বের করে দিয়েছে। আর নিজে মুরিদের সুন্দরী স্ত্রীকে কৌশলে তালাক দিতে বাধ্য করেছে এবং নিজের বাসনা পূরণ করেছে।
ক. 'লালসালু' উপন্যাসে অশীতিপর বৃদ্ধ কে? [দি. বো. '২৪]
খ. "শস্যের চেয়ে টুপি বেশি, ধর্মের আগাছা বেশি"- এখানে কী বোঝানো হয়েছে?
গ. উদ্দীপকের এমদাদের সাথে 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? আলোচনা কর।
ঘ. "উদ্দীপকের হুযুর কেবলা আর 'লালসালু' উপন্যাসের মজিদ একই বৈশিষ্ট্যের অধিকারী"- উক্তিটি বিশ্লেষণ কর।

৫. নিয়ামত পিরভক্ত হলেও স্থানীয় মসজিদের ইমামের প্রভাবে পিরকে কাছে পান না। মসজিদ কমিটির সদস্য হিসেবে নিয়ামত ইমাম সাহেবের সান্নিধ্যে থাকতে পছন্দ করেন। নিয়ামত সম্পদশালী হলেও সন্তান না থাকায় কষ্ট অনুভব করেন। নিয়ামত সাহেবের স্ত্রী জাহানারা একদিন স্বামীকে বললেন কুড়িপাড়া পিরের কাছ থেকে পানিপড়া আনতে। জাহানারার বিশ্বাস- কুড়িপাড়া পিরের পানি পান করলে তিনি সন্তান লাভ করবেন। [ম. বো. '২৪]
ক. গারো পাহাড় মধুপুর গড় থেকে কয় দিনের পথ?
খ. "তোমার দাড়ি কই মিঞা!"- কথাটির তাৎপর্য ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকের জাহানারার ঘটনার সঙ্গে 'লালসালু' উপন্যাসের যে বিষয়ের সাদৃশ্য আছে তা ব্যাখ্যা কর।

ঘ. "উদ্দীপকের নিয়ামত 'লালসালু' উপন্যাসের খালেক ব্যাপারীর ছায়ামাত্র।"- মন্তব্যটি যাচাই কর।

৬. নারিশা গ্রামের একটা ভাঙ্গা রাস্তা মেরামতের জন্য জনপ্রতিনিধিদের নিকট ধর্না দিতে দিতে গ্রামের মানুষ ক্লান্ত হয়ে পড়েছে। গ্রামেরই ছেলে বুলবুল একদিন গ্রামের ছেলেদের নিয়ে খাল থেকে মাটি তুলে রাস্তা মেরামতের কাজ শুরু করে দিল। চেয়ারম্যান এসে ধমকের সুরে বুলবুলকে বললেন, “তুমি কার মাটি কার রাস্তায় ফেলছো? অনুমতি নিয়েছো? খালের পাড় ভেঙ্গে জমিজমা ঘরবাড়ি নষ্ট হবে না? এমন পাপের কাজে ছেলেদের জড়ালে কেন, ওদের মা-বাবার অনুমতি নিয়েছো? শিশুশ্রম নিষিদ্ধ জানো না? ভুল স্বীকার করে এ কাজে বিরত না হলে তোমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। ঘোড়া ডিঙিয়ে ঘাস খেতে এসেছো?” [ঢা. বো. '২৩]

ক. 'লালসালু' উপন্যাসে কাকে ‘একরত্তি মাইয়া' বলা হয়েছে?

খ. ‘নাফরমানি করিও না। খোদার উপর তোয়াক্কল রাখ।' ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের সাথে ‘লালসালু' উপন্যাসের তুল্য ঘটনার বর্ণনা দাও।

ঘ. ‘উদ্দীপকের বুলবুলের কার্যক্রম আইন বিরোধী নয়, কর্তৃত্ববাদীদের জন্য অশনি সংকেত।'- ‘লালসালু' উপন্যাসের আলোকে মন্তব্যটি বিশ্লেষণ কর।

৭. বেলতলী গ্রামে বেলায়েতের বাস। গ্রামের মানুষ কুসংস্কারে আচ্ছন্ন। গ্রামবাসী বিশ্বাস করে 'কাক ডাকলে দুঃখ আসে' 'পিছন থেকে ডাকলে বিপদ আসে। "শিয়াল দেখলে অমঙ্গল হয়' ইত্যাদি। বেলায়েত দেখেছে গ্রামের সহজ-সরল মানুষের এই সংস্কার কাজে লাগিয়ে এক পির ব্যবসা করে যাচ্ছে। পিরের কবল থেকে গ্রামের মানুষকে উদ্ধারের জন্য, বিজ্ঞানমনস্ক করার তাগিদে একটি আধুনিক স্কুল প্রতিষ্ঠা করতে বদ্ধপরিকর হয়ে শেষ পর্যন্ত ব্যর্থ হয়। [কু. বো. '২৩]

ক. 'লালসালু' উপন্যাসে হাসপাতালের অবস্থান কোন শহরে?

খ. "কিন্তু মানুষের ফোঁড়া হইলে সে ফোঁড়া ধারালো ছুরি দিয়া কাটিতে হয়।" কে, কোন প্রসঙ্গে বলেছে?

গ. উদ্দীপকের চরিত্রের সঙ্গে 'লালসালু' উপন্যাসের প্রাসঙ্গিক চরিত্রের তুলনামূলক আলোচনা কর।

ঘ. সময়ের বিবর্তন হলেও কুসংস্কার আগের মতোই আছে। উদ্দীপকের বিষয় ও 'লালসালু' উপন্যাস অবলম্বনে কথাটি বিচার কর।

৭. ইচ্ছা পূরণের জন্য মানুষ অনেক কিছুই করে। যেমনটি করেছিলেন সকিনা বেগম। বিশ বছরের বিবাহিত জীবনে যখন কোনো সন্তানের মা হতে পারেননি, তখন একদিন স্বামীর কাছে তার ইচ্ছার কথা বলেন–তিনি একটি সন্তান দত্তক নিতে চান। তার স্বামী আফাজ আলী স্ত্রী হিসেবে তাকে যথেষ্ট সম্মান করেন। সন্তান লাভের আশায় আফাজ আলী তার স্ত্রীর প্রস্তাবে রাজি হন এবং একটি অনাথ শিশুকে দত্তক নেন। এভাবে তিনি স্ত্রীর ইচ্ছা পূরণ করে তার মর্যাদা দান করেন। [ব. বো. '২৩]

ক. লালসালু উপন্যাসের ইংরেজি অনুবাদের নাম কী?

খ. “বিশ্বাসের পাথরে যেন খোদাই সে চোখ।” -ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের সকিনা বেগমের ভাবনার সাথে 'লালসালু' উপন্যাসের রহিমার ভাবনার সাদৃশ্য-বৈসাদৃশ্য আলোচনা কর।

ঘ. উদ্দীপকের আফাজ আলী যেভাবে স্ত্রীর মর্যাদা দিয়েছেন মজিদ সেভাবে পারেনি। -উক্তিটি মূল্যায়ন কর।

## জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্নের সাজেশন

### ক নং প্রশ্ন (জ্ঞানমূলক)

১. সাত ছেলের বাপের নাম কী? [ঢা. বো. '২৫; ব. বো. '১৯]

২. ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্টের নাম কী? [রা. বো. '২৫, '২২; সি. বো. '২৩; কু. বো. '১৯]

৩. মজিদকে মতিগঞ্জের সড়কে প্রথম কারা দেখেছিল? [ঢা. বো. '২৪]

৪. 'লালসালু' উপন্যাসের ফরাসি অনুবাদ করেন কে?[রা. বো. ২৪]

৫. লালসালু' উপন্যাসের ইংরেজি অনুবাদের নাম কী? [কু. বো. '২৪; ব. বো. '২৩]

৬. ঝালরওয়ালা সালু দ্বারা আবৃত কবরটি দেখতে কীসের মতো? [য. বো. '২৩]

৭. মাছ ধরার ডিঙ্গিতে কতজন মৎস্য শিকারি ছিল? [চ. বো. '২৩]

৮. ‘কাঁদো নদী কাঁদো' কোন ধরনের গ্রন্থ? [ঢা. বো. '২২]

৯. “অমন কথা কইও না বিটি, ঘরে বালা আইসে।” - উক্তিটি কার? [দি. বো. '২২]

### খ নং প্রশ্ন (অনুধাবনমূলক)

১. 'তাই তারা ছোটে, ছোটে- কেন? ব্যাখ্যা করো। [কু. বো. '২৫, '১৭; রা. বো. '২৩]

২. "দুনিয়াটা বড় বিচিত্র জায়গা।"- উক্তিটি কার? কোন প্রসঙ্গে বলেছে? [ঢা. বো. '২৫][ রংপুর ক্যান্ট. পাবলিক কলেজ]

৩. "সে ঝংকার মানুষের প্রাণে লাগে, কানে লাগে।"- ব্যাখ্যা কর। [চ. বো. '২৫]

৪. "শস্যের চেয়ে টুপি বেশি, ধর্মের আগাছা বেশি"- ব্যাখ্যা কর। [রা. বো.; ব. বো. '২৪; ম. বো. '২২]

৫. “এখন সে ঝড়ের মুখে উড়ে চলা পাতা নয়। সচ্ছলতায় শিখড়গাড়া বৃক্ষ।” -ব্যাখ্যা কর। [সি. বো. '২৩; রা. বো. '২২]

৬. “গ্রামের লোকেরা যেন রহিমারই অন্য সংস্করণ।” –ব্যাখ্যা কর। [রা. বো. '২৩]

৭. মজিদ আক্কাসকে স্কুল প্রতিষ্ঠা করতে বাধা দেয় কেন? [রা. বো. '২২]

## সৃজনশীল বহুনির্বাচনি

### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

০১. সৈয়দ ওয়ালীউল্লাহর সর্বশেষ কর্মস্থল কোনটি? [রা. বো. ১৯]
ক. করাচি খ. লন্ডন
গ. জার্মানি ঘ. প্যারিস উঃ ঘ

০২. 'লালসালু' উপন্যাসের ইংরেজি অনুবাদক এর নাম কী?
ক. মুহাম্মদ আতাউল্লাহ খ. কলিমুল্লাহ [ঢা. বো. '২৫]
গ. সৈয়দ ওয়ালীউল্লাহ ঘ. অ্যান-মারি-থিবো উ: গ

০৩. মজিদ জমিলাকে মাজারে বেঁধে রাখে কেন? [ঢা. বো. '২৫]
ক. হত্যার উদ্দেশ্যে খ. কঠিন শাস্তি দিতে
গ. দুষ্ট আত্মার প্রভাব ছাড়াতে
ঘ. মোদাচ্ছের পিরের নির্দেশে উ: খ

০৪. "তানি নাকি মরা মাইনষেরে জিন্দা কইরা দেন?"-উক্তিটি কার?
ক. আমেনা বিবি খ. জমিলা [কু. বো. '২৫]
গ. হাসুনির মা ঘ. রহিমা উ: ঘ

০৫. কোন ঘটনায় জমিলার চোখ দুঃখ বেদনার অর্থহীনতায় হারিয়ে যায়? [য. বো. '২৪]
ক. অসম বিবাহ খ. মজিদের নিষ্ঠুরতা
গ. খ্যাংটা বুড়ির বিলাপ ঘ. আমেনা বিবির তালাক উ: ঘ

০৬. 'লালসালু' উপন্যাসে শিকারির একাগ্রতা কার চোখে?
ক. কাদের খ. তাহের [ব. বো. ২৪]
গ. মজিদ ঘ. কালুর উ: খ

০৭. 'দোজখের লেলিহান শিখা যেন স্পর্শ করেছে তাকে'-কাকে?
ক. জমিলা খ. আমেনা [রা. বো. '২৫]
গ. আক্কাস ঘ. ঢেঙা বুড়া উ: ঘ

০৮. মহব্বতনগরে আগমনের পূর্বে মজিদ কোথায় ছিল?
[ব. বো. '২৫; ঢা. বো. '১৯]
ক. করিমগঞ্জে খ. গারো পাহাড়ে
গ. নোয়াখালীতে ঘ. আওয়ালপুরে উ: খ

০৯. কৃষকের গীত ও হাসি ভালো না লাগার মধ্যে মজিদ চরিত্রের কোন্ বৈশিষ্ট্য ফুটে উঠেছে? [ব. বো. '২৫]
ক. বাস্তবধর্মী চিন্তাচেতনা খ. আধিপত্য হারানোর ভয়
গ. অনমনীয়তা ও হিংস্রতা ঘ. ধর্মবোধ ও ভাবগাম্ভীর্য উ: খ

১০. আক্কাস মহব্বতনগর গ্রামে কী প্রতিষ্ঠা করতে চায়? [ঢা. বো. ২৪]
ক. স্কুল খ. কলেজ
গ. হাসপাতাল ঘ. এনজিও উ: ক

১১. ইজারাদারদের স্বার্থরক্ষার প্রভাবশালীরা নদীতে সাঁকো তৈরির উদ্যোগ থামিয়ে দেয়। এখানে প্রভাবশালীরা 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রকে স্মরণ করিয়ে দেয়? [ম. বো. '২৩]
ক. মজিদ খ. খালেক ব্যাপারী
গ. মতলুব খাঁ ঘ. আওয়ালপুরের পীর উ: ক

১২. ধলা মিয়াকে আওয়ালপুরের পীরের কাছে পাঠিয়েছিল কে?
[দি. বো.; কু. বো.; য. বো. '২৩]
ক. তানুবিবি খ. রহিমা
গ. খালেক ব্যাপারী ঘ. আমেনা বিবি উ: গ

১৩. 'তোমার দাড়ি কই মিঞা?' কার প্রসঙ্গে বলা হয়েছে?
ক. মজিদ খ. আক্কাস [ঢা. বো. '২২]
গ. মোদাব্বের মিঞা ঘ. ধলা মিঞা উ: খ

১৪. 'তুমি কি হলফ কইরা বলতে পার তোমার দিলে ময়লা নাই।'- এ প্রশ্ন কে করেছে? [রা. বো. '২২]
ক. বেপারি খ. আমেনা বিবি
গ. মজিদ ঘ. জমিলা উ: গ

১৫. 'বিশ্বাসের পাথরে যেন খোদাই সে-চোখ।' কাদের কথা বলা হয়েছে?
ক. যারা আল্লাহর ওপর ভরসা রাখে [রা. বো. '২২]
খ. যারা নাফরমানি করে
গ. ক্ষেতের প্রান্তে জড়ো হওয়া লোকজন
ঘ. মোদাচ্ছের পীরের মাজার বিশ্বাসী মানুষ উ: গ

১৬. মজিদ জমিলার মধ্যে খোদাভীতি জাগাতে চায় যে কারণে-
i. জমিলাকে বশ করতে
ii. স্বীয় আধিপত্য বিস্তার করতে
iii. স্রষ্টার সন্তুষ্টির জন্য
নিচের কোনটি সঠিক? [কু. বো. '২২]
ক. i ও ii খ. ii ও iii
গ. i ও iii ঘ. i, ii ও iii উ: ক

১৭. 'খেলোয়াড় চলে গেছে, খেলবে কার সাথে ।'- এখানে খেলোয়াড় 'কে? [সি. বো. '২২]
ক. মজিদ খ. আক্কাস
গ. সলেমনের বাপ ঘ. তাহের-কাদেরের বাপ উ: ঘ

১৮. 'লালসালু' উপন্যাসে বর্ণিত 'কিন্তু দেশটা মরার দেশ- বাক্যটিতে 'মরার দেশ' বলতে কী বোঝানো হয়েছে? [য. বো. '২২]
ক. লোকশুন্যতা খ. শিক্ষাহীনতা
গ. শস্যশূন্যতা ঘ. হৃদয়হীনতা উ: গ

১৯. 'লালসালু' উপন্যাসে মজিদ কোন সময় আওয়ালপুর গ্রামে পৌঁছায়? [য. বো. '২২]
ক. সূর্য হেলে পড়লে খ. সূর্য ডুবে গেলে
গ. দুপুরের পূর্বে, ঘ. সূর্যোদয়ের সাথে সাথে উ: ক

২০. মজিদ কার ভয়ে শঙ্কিত হয়? [ব. বো. '২২]
ক. আক্কাসের খ. আওয়ালপুরের পীরের
গ. জমিলার ঘ. খালেক ব্যাপারীর উ: খ

২১. অন্ধকারে মজিদের চোখ কিসের মতো চকচক করে?
ক. আগুনের খ. সাপের [দি. বো. '২২]
গ. ফসলের ঘ. ধানের উ: খ

২২. সূর্যকে হৃদপিণ্ডে ধরে রাখার অর্থ হলো– [রা. বো. '২৩]
i. মুক্তির অনিবার্যতা
ii. সর্বশক্তিকে ধারণ
iii. সামর্থ্য অর্জন

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ঘ

২৩. 'সন্তান আকাঙ্ক্ষায় রূপার মনে ঝড় ওঠে'- রুপার সাথে লালসালু উপন্যাসের মিল রয়েছে-

i. রহিমার ii. আমেনার iii. জমিলার

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ক

২৪. রহিমা মজিদের দ্বিতীয় বিয়েতে প্রতিবাদ করে না কেন?

i. স্বামীভক্তি ii. ধর্মনিষ্ঠা iii. সমাজের আনুগত্য

নিচের কোনটি সঠিক? [য. বো. '১৭]

ক. i ও ii খ. ii ও iii
গ. i ও iii ঘ. i, ii ও iii উ: ক

২৫. 'লালসালু' উপন্যাসে কে হাঁপানি রোগে আক্রান্ত? [কু. বো. '১৯]

ক. সলেমনের বাপ খ. কালুমতি
গ. রেহান আলী ঘ. মজিদ উ: ক

২৬. "দুনিয়াটা বড় বিচিত্র জায়গা। সময়-অসময়ে মিথ্যা কথা না বললে নয়।"-এ কথার মধ্যে মজিদ চরিত্রের যে দিকটি প্রকাশিত হয়েছে তা হলো- [য. বো.; কু. বো. '২৫]

i. অস্তিত্ব রক্ষার প্রয়াস
ii. আত্মপক্ষ সমর্থনের চেষ্টা
iii. বিচক্ষণতা

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ঘ

২৭. 'লালসালু' উপন্যাসের রহিমা চরিত্রটি- [ঢা. বো. '২৫]

i. ধীরস্থির ও মমতাময়ী
ii. একরোখা ও কর্মপরায়ণা
iii. শান্তশিষ্ট ও ভীতু

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. ii ও iii
গ. i ও iii ঘ. i, ii ও iii উ: গ

নিচের উদ্দীপকটি পড় এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও:

পারুল তার স্বামীকে একজন পরহেজগার এবং অলৌকিক ক্ষমতার অধিকারী মনে করে। পারুলের ধারণা তার স্বামী হামিদ চাইলে সব অসম্ভবকে সম্ভব করতে পারে। ধর্মের অপব্যাখ্যা করে সহজ-সরল গ্রামবাসীকে হামিদ ঠকিয়ে যায় দিনের পর দিন। [দি. বো. '২৫]

২৮. উদ্দীপকের হামিদ আর 'লালসালু' উপন্যাসে মজিদ উভয়ের স্বার্থ রক্ষার উৎস হলো-

i. প্রতারণা ii. ধর্মভীতি
iii. সরল গ্রামীণ জীবন

নিচের কোনটি সঠিক?

ক. i, ও ii খ. i, ও iii
গ. ii, ও iii ঘ. i, ii, ও iii উ: ঘ

২৯. উদ্দীপকের পারুলের সাথে 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের সাদৃশ্য আছে?

ক. জমিলা খ. আমেনা
গ. রহিমা ঘ. তানুবিবি উ: গ

নিচের উদ্দীপকটি পড়ে ৩০ ও ৩১ নং প্রশ্নের উত্তর দাও:

আধুনিক চিকিৎসাসেবা বঞ্চিত সুন্দরপুর গ্রামে ডা. শামস এসে অসহায় মানুষদের স্বাস্থ্যসেবা দেয়া শুরু করেন। এতে গ্রামের তান্ত্রিক ওঝা গেদুর আয় ও প্রভাব কমতে থাকে। গেদু ডা. শামসের নামে মিথ্যা গল্প সাজিয়ে অপপ্রচার চালাতে থাকেন।[সি. বো. '২৫]

৩০. উদ্দীপকের ডা. শামস 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের কথা মনে করিয়ে দেয়?

ক. আক্কাস খ. খালেক ব্যাপারী
গ. আওয়ালপুরের পির ঘ. মজিদ উ: ক

৩১. উদ্দীপকের গেদু ও 'লালসালু' উপন্যাসের মজিদ উভয়ই-

i. কূটকৌশলী ii. ধর্মপরায়ণ iii. হিংসুক

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. ii ও iii
গ. i ও iii ঘ. i, ii ও iii উ: গ

উদ্দীপকটি পড়ে ৩২ ও ৩৩ প্রশ্নের উত্তর দাওঃ

প্রথম যখন হোসেন মিয়া কেতুপুরে এসেছিল পরণে একটা ছেঁড়া লুঙ্গি, মাথায় একঝাঁক রুক্ষ চুল ঘষা দিলে গায়ে খড়ি উঠত। এখন সে অনেক সম্পদ ও প্রতিপত্তির মালিক। [ঢা. বো. '২৪]

৩২. উদ্দীপকে হোসেন মিয়া ও 'লালসালু' উপন্যাসের মজিদ উভয়ের ক্ষেত্রে কোনটি প্রযোজ্য নয়?

ক. লোভী খ. আগন্তুক
গ. সরলতা ঘ. ধার্মিক উ: গ

৩৩. 'লালসালু' উপন্যাসে মজিদের মতো হোসেন মিয়াও-

i. ভাগ্যান্বেষী
ii. সচ্ছল iii. সফল

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ঘ

# সিরাজউদ্দৌলা
## সিকান্দার আবু জাফর
### সৃজনশীল রচনামূলক

১. মিলি ও লিলি দুই বোন। মিলি দীর্ঘদিন পরে বিদেশ থেকে দেশে ফিরল এবং জানল যে তাদের বাবার মৃত্যু হয়েছে। মৃত্যুর পূর্বে তাদের বাবা সম্পত্তির কিছু অংশ লিলিকে দান করে যান। এই নিয়ে মিলি ভীষণ গোলযোগ সৃষ্টি করে। সে মনে করে লিলি তাদের বাবাকে ভুলিয়ে সম্পত্তি আত্মসাৎ করেছে। সে প্রতিশোধ নিতে ভয়ংকর হয়ে ওঠে। লিলির একমাত্র ছেলেকে সে মেরে ফেলার ষড়যন্ত্র করে। [ঢা. বো. '২৫]

ক. 'সিরাজউদ্দৌলা' নাটকের শেষ সংলাপটি কার?

খ. "ঘরের লোক অবিশ্বাসী হলে বাইরের লোকের পক্ষে সবই সম্ভব"- ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের কোন চরিত্রের সাথে ঘসেটি বেগমের চরিত্রের মিল রয়েছে? বুঝিয়ে লেখ।

ঘ. "উদ্দীপকের দ্বন্দ্ব পারিবারিক কিন্তু 'সিরাজউদ্দৌলা' নাটকের দ্বন্দ্ব রাজনৈতিক"- বিশ্লেষণ কর।

২. বাংলাদেশে একসময় ইংরেজরা চাষিদের দিয়ে জোর করে নীলচাষ করাত। নীলচাষে বাধ্য হওয়ার ফলে চাষিরা তাদের প্রয়োজনীয় ফসল ফলাতে পারত না। অত্যাচারী ইংরেজদের জোর করে নীলচাষ করানোর বিরুদ্ধে ১৮৫৯ খ্রিষ্টাব্দে কৃষকরা বিদ্রোহ ঘোষণা করে। ধীরে ধীরে বিস্তৃত অঞ্চলজুড়ে নীল বিদ্রোহ ছড়িয়ে পড়ে। [কু. বো. '২৫]

ক. সিরাজউদ্দৌলার নানার নাম কী?

খ. ষড়যন্ত্রকারীরা শওকতজঙ্গকে নবাব হিসেবে চেয়েছিল কেন?

গ. উদ্দীপকের ইংরেজদের আচরণ 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন বিশেষ ঘটনার কথা মনে করিয়ে দেয়? বর্ণনা কর।

ঘ. "উদ্দীপকটি 'সিরাজউদ্দৌলা' নাটকের কেবল খণ্ডাংশের প্রতিনিধিত্ব করে।"- মন্তব্যটির যথার্থতা বিচার কর।

৩. কেরামত আলী টাকা ছাড়া কিছুই বোঝে না। অধিক মুনাফার আশায় জীবনের জমানো সমস্ত টাকা একটি বেসরকারি প্রতিষ্ঠানে জমা রাখে। সেখান থেকে প্রতি লাখে মাসে দুই হাজার টাকা মুনাফা পায়। একসময় এই টাকাই তার জীবনের কাল হয়ে দাঁড়ায়। হঠাৎ করে প্রতিষ্ঠানটি উধাও হয়ে যায়। প্রতারিত হয়ে টাকার শোকে কেরামত আলী পাগল হয়ে পথে পথে ঘুরতে ঘুরতে অকালে মৃত্যুবরণ করে। [চ. বো. '২৫]

ক. 'সিরাজউদ্দৌলা' নাটকে ধনকুবের কে?

খ. "সে নবাবি পেলে প্রকারান্তরে আপনারাইতো দেশের মালিক হয়ে বসবেন।"- উক্তিটি বুঝিয়ে দাও।

গ. উদ্দীপকের কেরামত আলীর সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর।

ঘ. "উদ্দীপকটি 'সিরাজউদ্দৌলা' নাটকের মূল বিষয়বস্তুকে ধারণ করেনি।"- মন্তব্যটির যথার্থতা বিচার কর।

৪. সুলতান ইলতুৎমিশ কন্যা সুলতানা রাজিয়াকে সিংহাসনে অধিষ্ঠিত করেন। পুত্রদের পরিবর্তে কন্যাকে রাজ্যভার অর্পণ করায় সুলতানা রাজিয়ার ভাইয়েরা ভীষণ ক্ষুব্ধ হয়ে ওঠে। এরই ধারাবাহিকতায় তারা বহিরাগত শত্রুর সাথে যোগাযোগ স্থাপন করে সুলতানা রাজিয়াকে হত্যা করে। [ম. বো.; দি. বো. '২৪]

ক. অন্ধকূপ হত্যার কাহিনি কে প্রচার করেছিলেন?

অথবা, নবাব সিরাজউদ্দৌলাকে বন্দি করে কোথায় রাখা হয়?

খ. "আমার সারা অস্তিত্বজুড়ে কেবল যেন দেয়ালের ভিড়।"- উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা কর।

অথবা, মিরজাফর উমিচাঁদকে কালকেউটে বলেছেন কেন?

গ. উদ্দীপকের সুলতানা রাজিয়ার ভাইদের সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকের যে চরিত্রের মিল রয়েছে তা ব্যাখ্যা কর।

ঘ. "উদ্দীপকের সুলতানা রাজিয়া এবং 'সিরাজউদ্দৌলা' নাটকের সিরাজের পরিণতি অভিন্ন" মন্তব্যটি যাচাই কর।

৫. নিঃসন্তান বিপত্নীক আসাদ সাহেবের মৃত্যুর পর বিশাল বাড়ির মালিক হয় কলেজপড়ুয়া স্ফূর্তিবাজ আরিফ। বিশাল এ সংসারের দায়িত্ব পাওয়ার পর সে স্ফূর্তিবাজি ছেড়ে কর্তব্যবোধসম্পন্ন মালিকে পরিণত হয়। কিন্তু কর্মচারীরা আরিফের পূর্ব জীবন নিয়ে তার আড়ালে সমালোচনা করে। সেই সুযোগে দুই ভাড়াটিয়া দারোয়ান ও বাবুর্চির সাথে চক্রান্ত করে আরিফকে হত্যা করে বাড়ি দখল করে। [য. বো. '২৪]

ক. রাইসুল জুহালার প্রকৃত নাম কী?

খ. "আজ আমরা সবাই সন্দেহের দোলায় দুলছি।"- উক্তিটি কে, কেন করেছে?

গ. উদ্দীপকের কোন চরিত্রটি সিরাজউদ্দৌলার প্রতিনিধিত্ব করে? বিশ্লেষণ কর।

ঘ. "উদ্দীপক ও 'সিরাজউদ্দৌলা' নাটকের বিষয়বস্তুতে পার্থক্য থাকলেও একই ধারায় প্রবাহিত।"- মতামতটি বিচার কর।

৬. রহিম গাজীর খুব কাছের লোক ছিল শিহাব উদ্দীন। সে তাকে বিশ্বাস করে তার জমি-জমা দেখানোর ভার দেয়। কিন্তু একদিন রহিম গাজী দেখে তার সম্পত্তি শিহাব উদ্দীনের নামে হয়ে আছে। সে ভাবলো এতদিন সে ভুল মানুষকে বিশ্বাস করেছে। বিশ্বাস করা ভালো, কিন্তু অন্ধবিশ্বাস কখনো কখনো মানুষকে সর্বনাশ করে ফেলে। [রা. বো. '২৩]

ক. সিরাজউদ্দৌলার মায়ের নাম কী?

খ. "শুভ কাজে অযথা বিলম্ব করা বুদ্ধিমানের কাজ নয়।"–ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের শিহাব উদ্দীন 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? যুক্তিসহ বুঝিয়ে লেখ।

ঘ. "বিশ্বাস করা ভালো, কিন্তু অন্ধবিশ্বাস কখনো কখনো মানুষকে সর্বনাশ করে ফেলে"– 'সিরাজউদ্দৌলা' নাটকের আলোকে মন্তব্যটি বিশ্লেষণ কর।

৭. 'যার অন্তরে বয়ে যায় দেশপ্রেম কোনো অসম্মান তাকে পারে না ছুঁতে শত কলঙ্ক রেখা দিলে টেনে কালের পৃষ্ঠা তাকে খাঁটি করে হেমে প্রজন্ম থেকে প্রজন্মান্তরে তিনি বেঁচে থাকেন অন্তরে।'

ক. সিরাজের শ্বশুরের নাম কী? [চ. বো. '২৩]

খ. 'তার নবাব হওয়াটাই আমার মস্ত ক্ষতি।'- ঘসেটি বেগমের এ উক্তির কারণ কী?

গ. উদ্দীপকের দেশপ্রেম 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের মধ্যে বেশি স্পষ্ট? বর্ণনা করো।

ঘ. পরিণতি বিচারে উদ্দীপক ও 'সিরাজউদ্দৌলা' নাটককে একই সূত্রে বাঁধা যায় কি? যুক্তি প্রদর্শন করো।

৮. রোমের একচ্ছত্র অধিপতি জুলিয়াস সিজার। তাঁর সিনেটররা ব্যাপারটা মেনে নিতে পারেননি। তারা সিজারকে হত্যার ষড়যন্ত্রে লিপ্ত হন। এমনকি তাঁর ঘনিষ্ঠ বন্ধু ব্রুটাসও এই হীন চক্রান্তে যোগ দেন। সিনেটে নৃশংসভাবে নিহত হন সিজার। মৃত্যুকালে বন্ধু ব্রুটাসের হাতেও উদ্যত ছুরি দেখে বিস্মিত সিজার বলে ওঠেন, 'ব্রুটাস, তুমিও!' [ঢা. বো. '২২]

ক. ওয়াটসনের সই জাল করে দিয়েছে কে?

খ. "বাট আই অ্যাম সিউর নবাব ক্যান কজ নো হার্ম টু আস।" উক্তিটি কেন করা হয়েছে?

গ. উদ্দীপকের জুলিয়াস সিজার 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের সাথে তুলনীয়? বুঝিয়ে দাও।

ঘ. "ব্রুটাসেরা কেবল রোমেই নয়, এ বাংলাতেও বিচরণ করেছে।' উদ্দীপক ও 'সিরাজউদ্দৌলা' নাটকের আলোকে উক্তিটির মূল্যায়ন কর।

৯. 'ছৈলারচর' বিষখালী নদীর মোহনায় জেগে ওঠা চর। পলিতে উর্বর চরের ভূমি। এলাকার বৈলাম মল্লিক চরের ভূমি দখলের লোভ সামলাতে পারল না। কিন্তু এলাকার সমাজসেবক জমিদারের বিরুদ্ধে লড়বে কে? বৈলাম গোপনে সখ্য করেন জমিদারের দূর-সম্পর্কের জ্ঞাতি ভাই পিলু সিকদারের সাথে। তার সহায়তায় বৈলাম মল্লিক এবং তার চাটুকার বাহিনী চর দখল করে। এখন বৈলামের নতুন চরের দায়িত্ব নেয়া ও অনুষ্ঠানে উপস্থিতি ছাড়া ছৈলারচরের দায়িত্ব গ্রহণে অনীহা দেখায়। নেতৃত্বের দাপট দেখানোর সময়। সে পিল সিকদারের উদবোধনী এভাবে নদীর বুকে জেগে ওঠা নতুন চরটি জমিদারের নেতৃত্ব হারায়। [কু. বো. '১৯]

ক. 'সিরাজউদ্দৌলা' নাটকে শেষ সংলাপ কার?

খ. "ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন, এ বড় লজ্জার কথা"- ব্যাখ্যা করো।

গ. উদ্দীপকে বর্ণিত বৈলাম মল্লিকের সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকের মিরজাফর চরিত্রের তুলনা করো।

ঘ. "উদ্দীপকে বর্ণিত ঘটনা 'সিরাজউদ্দৌলা' নাটকের করুণ পরিণতির আংশিক ছায়াচিত্র।"– মতামত বিশ্লেষণ করো।

## জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্নের সাজেশন

### ক নং প্রশ্ন (জ্ঞানমূলক)

১. ঘসেটি বেগম কাকে 'সাপিনী' বলেছে? [ঢা. বো. '২৫]

২. পলাশির যুদ্ধে ইংরেজদের কামানের সংখ্যা কত ছিল? [রা. বো. '২৫]

৩. মানিকচাঁদ কত টাকা খেসারত দিয়ে মুক্তি পেয়েছিল? [চ. বো. '২৫]

৪. নবাব সিরাজউদ্দৌলা কোথায় বন্দি হন? [ব. বো. '২৫; রা. বো. '২৪]

৫. 'অন্ধকূপ হত্যা'র কাহিনি কে প্রচার করেছিলেন?[সি. বো. '২৫]

৬. 'সিরাজউদ্দৌলা' নাটকের প্রথম অঙ্কের দ্বিতীয় দৃশ্যের সময়কাল কখন? [নটরডেম কলেজ, ঢাকা]

৭. বাংলা সাহিত্যে প্রথম সার্থক নাটক কোনটি? [ঢাকা কমার্স কলেজ]

৮. "এমন শুভ দিনটা থমথমে করে দিয়ে গেল।"- উক্তিটি কার? [রাজশাহী কলেজ]

৯. নবাব আলিবর্দি খাঁর প্রকৃত নাম কী? [ঢা. বো. '২৪]

১০. রাইসুল জুহালার প্রকৃত নাম কী? [য. বো. '২৪]

১১. 'সিরাজউদ্দৌলা' নাটকে ফরাসি সেনাপতির নাম কী? [কু. বো. '২৪]

১২. নবাব সিরাজউদ্দৌলার শ্বশুরের নাম কী ছিল? [কু. বো.; দি. বো.; চ. বো. '২৩]

১৩. সিরাজ কাকে আলিনগরের দেওয়ান নিযুক্ত করেন? [ব. বো. '২৩]

১৪. 'সিরাজউদ্দৌলা' নাটকের প্রথম সংলাপ কার? [রা. বো. '২২]

১৫. ইংরেজরা পরাজিত হয়ে কোন জাহাজে আশ্রয় নেয়? [ম. বো. '২২]

## খ নং প্রশ্ন (অনুধাবনমূলক)

১. "তুমিও আমার বিচার করতে বসলে"- কে এবং কেন বলেন? [ঢা. বো. '২৫; য. বো. '২৩]

২. "সবাই মিলে সত্যিই আমরা বাংলাকে বিক্রি করে দিচ্ছি না তো?"- উক্তিটি ব্যাখ্যা কর। [রা. বো. '২৫]

৩. "আমার সারা অস্তিত্বজুড়ে কেবল যেন দেয়ালের ভিড়।"- সংলাপটি বুঝিয়ে লেখ। [য. বো. '২৫; ঢা. বো.; দি. বো. '২২]

৪. "ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন, এ বড় লজ্জার কথা।"- উক্তিটি বুঝিয়ে দাও। [দি. বো. '২৪; কু. বো. '২২] [সরকারি এম.এম কলেজ, যশোর]

৫. "কত বড় শক্তি, তবু কত তুচ্ছ।" উক্তিটি বুঝিয়ে লেখ। [ঢা. বো. '২৩; '১৯] [রংপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল অ্যান্ড কলেজ]

৬. "দেশপ্রেমিকের রক্ত যেন আবর্জনার স্তূপে চাপা না পড়ে।"- ব্যাখ্যা কর। [ব. বো. '২৪]

৭. মিরজাফর উমিচাঁদকে কালকেউটে বলেছেন কেন? [ম. বো. '২৪]

৮. "ঘরের লোক অবিশ্বাসী হলে বাইরের লোকের পক্ষে সবই সম্ভব।"- ব্যাখ্যা কর। [ম. বো. '২৩, '২২]

৯. "ভীরু প্রতারকের দল চিরকালই পালায়।" – ব্যাখ্যা করো। [রা. বো.; চ. বো.; দি. বো. '১৯]

## সৃজনশীল বহুনির্বাচনি

### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

০১. শওকতজঙ্গকে দমন করার জন্য নবাব কাকে মোহনলালের অনুগামী হতে বলেছেন? [রা. বো. '২৫]
ক. রায়দুর্লভ খ. জগৎ শেঠ
গ. মিরজাফর ঘ. মানিকচাঁদ উ: ক

০২. 'আমি আপনাদেরই সমগোত্রীয়'-উমিচাঁদ নিজেকে ইংরেজদের সমগোত্রীয় মনে করেন কেন? [ঢা. বো. '২৫]
ক. ধর্মীয় চেতনা
খ. উভয়ে বিলেত থেকে আগত
গ. যে কোনোভাবে অর্থ উপার্জন
ঘ. নবাবের হাত থেকে আত্মরক্ষা উ: গ

০৩. 'সিরাজউদ্দৌলা' নাটকের প্রথম সংলাপটি কার? [ঢা. বো.'২৫]
ক. ওয়ালি খান খ. ক্লেটন
গ. উমিচাঁদ ঘ. হলওয়েল উ: খ

০৪. মিরজাফরের গুপ্তচর কে? [চ. বো. '২৪]
ক. উমর বেগ খ. কমর বেগ
গ. মানিক চাঁদ ঘ. রাইসুল জুহালা উ: ক

০৫. "হাত ধরে তুলে না দিলে আমি মসনদে বসবো না।"- 'সিরাজউদ্দৌলা' নাটকে ক্লাইভের উদ্দেশ্যে মীর জাফরের এ উক্তিতে কী প্রকাশ পেয়েছে? [সি. বো. '২৫]
ক. আনুগত্য খ. আন্তরিকতা
গ. বিশ্বস্ততা ঘ. আত্মমর্যাদাবোধ উ: ক

০৬. "আমি বরং নবাবকে বিশ্বাস করতে পারি" ক্লাইভের এই উক্তিতে কোন বৈশিষ্ট্যটি প্রকাশিত হয়েছে? [দি. বো. '২৫]
ক. নবাবের দেশপ্রেম চেতনায় শ্রদ্ধা
খ. মিরজাফরের প্রতি অনাস্থা
গ. দায়িত্বশীলতা
ঘ. কর্তব্যবোধে উজ্জীবিত হওয়া উ: খ

০৭. 'খাজাঞ্চি' বলতে কোন ব্যক্তিকে বোঝায়? [ঢা. বো. '২৪]
ক. সেনাপতিকে খ. নবাবকে
গ. কোষাধ্যক্ষকে ঘ. গুপ্তচরকে উ: গ

০৮. 'সিরাজউদ্দৌলা' নাটকে কাকে 'জবরদস্ত শিল্পী' বলা হয়েছে? [রা. বো. '২৫]
ক. উমিচাঁদ খ. মানিকচাঁদ
গ. একজন নর্তকী ঘ. নারান সিং উ: ঘ

০৯. "এদেশে থেকে এ দেশকে ভালোবেসেছি" 'সিরাজউদ্দৌলা' নাটকে সংলাপটি কার? [য. বো. '২৫]
ক. সিরাজউদ্দৌলার খ. মোহনলালের
গ. নারান সিং-এর ঘ. সাঁফ্রের উ: গ

১০. 'সিরাজউদ্দৌলা' নাটকের শেষ সংলাপটি কার? [চ. বো. '২৫]
ক. নবাব সিরাজের খ. মোহাম্মদি বেগের
গ. নবাব সিরাজের ঘ. লুৎফুন্নেসার উ: খ

১১. 'কেউ এক চুল নড়লে প্রাণ যাবে।'-উক্তিটি কার? [কু. বো. '২৫]
ক. রাজবল্লবের খ. উমিচাঁদের
গ. রায়দুর্লভের ঘ. মানিকচাঁদের উ: ঘ

১২. সিরাজের কোন অমাত্য নিরীশ্বরবাদী জৈন ধর্মের অনুসারী ছিলেন? [ঢা. বো. '২২]
ক. জগৎ শেঠ খ. মিরন
গ. উমিচাঁদ ঘ. রাজা রাজবল্লভ উ: ক

১৩. 'ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন, এ বড় লজ্জার কথা।'- উমিচাঁদের উক্তিটিতে প্রকাশ পেয়েছে- [দি. বো.; ম. বো. '২৩]
ক. হাসার খ. রঙ্গরস
গ. বিদ্রূপ ঘ. আত্মগ্লানি উ: গ

১৪. "আমরা সাদা নিশান উড়িয়ে দিয়েছি" - বাক্যটির মধ্য দিয়ে কোন মনোভাব প্রকাশ পেয়েছে? [সি. বো. '২৩]
ক. বিজয়ের খ. বিপদের
গ. যুদ্ধের ঘ. সন্ধির উ: ঘ

১৫. ফোর্ট উইলিয়াম দুর্গ আক্রমণের প্রাক্কালে ইংরেজ বাহিনী সাদা নিশান উড়ায় কেন? [কু. বো. '২৩]
ক. আক্রমণ তীব্র করার জন্য
খ. যুদ্ধ বিরতির জন্য
গ. সন্ধি স্থাপনের জন্য
ঘ. বিজয় প্রকাশের জন্য উ: গ

১৬. ক্লেটন কাদেরকে প্রাণপণে যুদ্ধ করতে বলেন? [দি. বো. '২২]
ক. হলওয়েলকে খ. ফরাসি যোদ্ধাদের
গ. ব্রিটিশ সৈন্যদের ঘ. নবাবের সৈন্যদের উ: গ

১৭. গঙ্গাজল ছুঁয়ে ঈশ্বরের নামে শপথ করেছিল কে?
ক. রাজবল্লভ খ. রায়দুর্লভ
গ. জগৎশেঠ ঘ. উমিচাঁদ উ: ক

১৮. নবাব হওয়ার পর ক্লাইভ কোন এলাকার স্থায়ী মালিকানা পায়...
ক. পলাশির খ. আলিনগরের [য. বো. ২২]
গ. চব্বিশ পরগনার ঘ. কলকাতার উ: গ

১৯. "নবাব মসনদের পাশে দাঁড়িয়ে আছেন। ইনি কি নবাব না ফকির।"-এ কথার মধ্য দিয়ে মিরজাফর চরিত্রের কোন বৈশিষ্ট্য প্রকাশিত হয়েছে? [দি. বো. ২৪]
ক. নিরীহ খ. কুশলী
গ. কৃতজ্ঞতাবোধ ঘ. চাটুকারিতা উ: ঘ

২০. ভিক্টোরিয়া পার্কের বর্তমান নাম কী? [ব. বো. '২৪]
ক. ঢাকা ন্যাশনাল পার্ক খ. রমনা পার্ক
গ. বাহাদুর শাহ পার্ক ঘ. বঙ্গবন্ধু সাফারি পার্ক উ: গ

২১. "ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন, এ বড় লজ্জার কথা।" উমিচাঁদের এই সংলাপের মধ্যদিয়ে আমরা অনুধাবন করতে পারি- [ঢা. বো. '২৪]
i. সিংহের মতো শক্তি ও সাহস ইংরেজদের আছে
ii. ইংরেজরা ভীরু
iii. ইংরেজরা কাপুরুষ
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. ii ও iii
গ. i ও iii ঘ. i, ii ও iii উ: খ

২২. মিরমর্দান ছিলেন- [সি. বো. '১৭]
ক. নারীলোলুপ খ. প্রতারক
গ. দেশপ্রেমিক ঘ. দেশদ্রোহী উ: গ

২৩. 'নবাবের কোনো ক্ষমতা নেই।'-'সিরাজউদ্দৌলা' নাটকে ক্লাইভের একথার অর্থ কী? [চ. বো. '২৫]
i. নবাব শাসক হিসেবে দুর্বল
ii. নবাবের অস্ত্রশস্ত্র যথেষ্ট নয়
iii. নবাবের নিকটজনেরা অবিশ্বস্ত
নিচের কোনটি সঠিক?
ক. i খ. i ও ii
গ. i ও iii ঘ. i, ii, ও iii উ: গ

২৪. 'সিরাজউদ্দৌলা' নাটকে মূলত বিধৃত হয়েছে-
ক. লোভ ও ক্ষমতার দ্বন্দ্ব খ. ব্রিটিশদের দেশ পরিচালনা
গ. গুপ্তচরদের অক্ষমতা ঘ. নবাবের অযোগ্যতা উ: ক

২৫. ইস্ট ইন্ডিয়া কোম্পানির কাশিমবাজার কুঠির প্রধান কে? [ঢা. বো. '১৯]
ক. রবার্ট ক্লাইভ খ. উইলিয়াম ওয়াটসন
গ. রজার ড্রেক ঘ. কিলপ্যাট্রিক উ: খ

২৬. সিকান্দার আবু জাফরের জন্মস্থান কোথায়? [ব. বো. '২৫]
ক. যশোরে খ. খুলনায়
গ. বরিশালে ঘ. সাতক্ষীরায় উ: ঘ

নিচের উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও:
অনাথ শিশু মেরাজকে এনে সন্তান বাৎসল্যে প্রতিপালন করেছেন শিরিন হক। তার সন্তানের সঙ্গে মেরাজের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে উঠেছিল। সামান্য কথাকাটাকাটির কারণে শিরিন হকের সন্তান মাহিনকে হত্যা করে মেরাজ। [ম. বো. '২৫]

২৭. উদ্দীপকের মেরাজ 'সিরাজউদ্দৌলা' নাটকের যে চরিত্রের প্রতিনিধিত্ব করেছে তা হলো-
ক. মিরজাফর খ. ঘসেটি বেগম
গ. মোহাম্মদি বেগ ঘ. মিরণ উ: গ

২৮. উক্ত চরিত্রটির প্রতিনিধিত্বের কারণ-
i. বিশ্বাসঘাতকতা ii. লোভ iii. চতুরতা
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ক

নিচের উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:
একজন বিদেশি হয়েও ডব্লিও.এ.এস ওডারল্যান্ড বাংলাদেশের মুক্তিযুদ্ধে সরাসরি অংশ নিয়েছিলেন। [চ. বো. ২৪]

২৯. উদ্দীপকের ডব্লিও.এ.এস ওডারল্যান্ড 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের অনুরূপ?
ক. মোহনলাল খ. মীর মর্দান
গ. রাইসুল জুহালা ঘ. সাঁফ্রে উ: ঘ

৩০. উদ্দীপকটি 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন বিষয়টিকে ধারণ করেছে?
ক. দেশপ্রেম খ. উদারতা
গ. প্রতিবাদী চেতনা ঘ. কৃতজ্ঞতা উ: খ

নিচের উদ্দীপকটি পড়ে ৩১ ও ৩২ প্রশ্নের উত্তর দাও:
১৯৭১ সালে মুক্তিযুদ্ধের পরে দেশ স্বাধীন হলেও এদেশের কিছু ক্ষমতালোভী মানুষ বাংলাদেশের সম্পদ লুটে-পুটে বিত্তশালী হয়েছে। কেউ তেমন প্রতিবাদ করতে সাহস পায়নি। অনেকে নিজ নিজ সুবিধামতো অর্থ-সম্পদ ও ক্ষমতা বাগিয়ে নিয়েছে। [য. বো. '২৫]

৩১. উদ্দীপকে 'সিরাজউদ্দৌলা' নাটকে বাঙালি চরিত্রের কোন দিকটি ফুটে উঠেছে?
ক. সংগ্রামী খ. হিংসাত্মক
গ. সাহসী ঘ. সুবিধাবাদী উ: ঘ

৩২. উদ্দীপক এবং 'সিরাজউদ্দৌলা' নাটকের মানুষগুলোর সাদৃশ্যপূর্ণ দিকটি হলো-
i. স্বার্থবাদী ii. বিপ্লবী iii. অদূরদর্শী
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. ii ও iii
গ. i ও iii ঘ. i, ii ও iii উ: গ